# শীর্ষস্থানীয় কলেজের প্রশ্নাবলি

## ০১ রাজশাহী ক্যাডেট কলেজ

### বাংলা দ্বিতীয় পত্র

**সময় :** ৩ ঘণ্টা; পূর্ণমান : ১০০

**ক–বিভাগ (ব্যাকরণ)–৩০**

১। (ক) বাংলায় 'অ' ধ্বনি উচ্চারণের যেকোনো ৫টি নিয়ম উদাহরণসহ লেখো। ৫

*অথবা*, (খ) যেকোনো পাঁচটি শব্দের প্রমিত উচ্চারণ লেখো :
জ্ঞাত, আহ্বান, কার্যালয়, আবশ্যক, প্রেতাত্মা, ব্যতীত, মর্যাদা, ত্বরণ।

২। (ক) বাংলা একাডেমির প্রমিত বাংলা বানানের যেকোনো পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখো। ৫

*অথবা*, (খ) যেকোনো পাঁচটি শব্দের বানান শুদ্ধ করে লেখো :
বুদ্ধিজীবি, শান্তনা, বাল্মিকি, জৈষ্ট্য, আকাংখা, পোষ্টমাষ্টার, দুর্ঘটনা, সরসতী।

৩। (ক) বাক্য কী? উদাহরণসহ সার্থক বাক্যের বৈশিষ্ট্যসমূহ আলোচনা করো। ৫

*অথবা*, (খ) নিচের অনুচ্ছেদ থেকে ৫টি বিশেষণ পদ চিহ্নিত করো।
আজ সাদা মেঘে আকাশ ছেয়ে গেছে। হঠাৎ গুঁড়ি গুঁড়ি বৃষ্টি শুরু হলো।
নাবিল ভাঙা ছাতা দিয়ে বৃষ্টি ঠেকানোর বৃথা চেষ্টা করছিল। তার বেখেয়ালি মন হালকা বৃষ্টি আর মৃদু হাওয়ায় অস্থির হয়ে উঠলো।

৪। (ক) ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় করো (যেকোনো পাঁচটি) : ৫
ইন্দ্রজিৎ, গ্রামান্তর, দম্পতি, ঢেঁকিছাঁটা, হাতেখড়ি, চৌচালা, জীবনপ্রদীপ, রান্নাঘর।

*অথবা*, (খ) উপসর্গের অর্থবাচকতা নেই, কিন্তু অর্থদ্যোতকতা আছে' – আলোচনা করো।

৫। (ক) বাক্য বলতে কী বোঝ? বাক্যের গঠনগত শ্রেণিবিভাগ আলোচনা করো ৫

*অথবা*, (খ) বাক্যান্তর করো (যেকোনো পাঁচটি) :
i) ধনীরা প্রায়ই কৃপণ হয়। (জটিল)
ii) মানুষ মরণশীল। (নেতিবাচক)
iii) সাহিত্য জীবনের স্বাভাবিক প্রকাশ। (প্রশ্নবোধক)
iv) দশ মিনিট পর ট্রেন এলো। (যৌগিক)
v) অনেক দিন গাঁয়ে আসিনি। (অস্তিবাচক)
vi) দৃশ্যটি বড়ই সুন্দর। (বিস্ময়সূচক)
vii) যা বার্ধক্য, তাকে বয়সের ফ্রেমে বাঁধা যায় না। (সরল)
viii) বিদ্বান হলেও তার অহংকার নেই। (যৌগিক)

৬। (ক) যেকোনো পাঁচটি বাক্য শুদ্ধ করো লেখো : ৫
i) সে এ মোকদ্দমায় সাক্ষী দিয়েছে।
ii) বিরাট গরু–ছাগলের হাট বসেছে।
iii) খবরের বিশেষ বিশেষ অংশগুলো আবার পড়ছি।
iv) ইতিমধ্যে তিনি চলে এলেন।
v) তাহারা সবাই এই কাজে এগিয়ে এসেছেন।
vi) সুন্দরী মেয়ে।
vii) খাঁটি সরিষার তেল।
viii) অশ্রু জলে বুক ভেসে গেল।

*অথবা*, (খ) অনুচ্ছেদে বিদ্যমান অপপ্রয়োগসমূহ শুদ্ধ করো :
বিদ্যান মুর্খ অপেক্ষা শ্রেষ্ঠতম। জীবনে স্বার্থকতা লাভ করিতে হইলে পাঠে মনোযোগি হতে হইবে। দুরাবস্থা আকাংখার অন্তরায়। দৈন্যতা প্রশংসনীয় নয়। এটি লজ্জাস্কর ব্যাপার।

**খ–বিভাগ (নির্মিতি)–৭০**

৭। যেকোনো **দশটি** শব্দের পারিভাষিক রূপ লেখো : ১০
(ক) Abstract, Epitaph, Dual, Embargo, Concession, Bankrupt, Census, Manuscript, Prepaid, Token, Vision, Zonal, Adjust, By-law, Fiction

*অথবা*, (খ) নিচের অনুচ্ছেদটি বাংলায় অনুবাদ করো :
No person can be happy without friesnds. The heart is fromed for love and cannot be happy without the oppartunity for giving and receiving affection. But you also cannot find others to love you unless you love them. Love is only to the obtiained by giving love in return. You cannot be happy without it.

৮। (ক) তোমার কলেজে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদ্‌যাপনের একটি দিনলিপি প্রস্তুত করো। ১০

*অথবা*, (খ) 'দেশগঠনে তরুণদের ভূমিকা' শীর্ষক আলোচনা অনুষ্ঠানের উপযোগী একটি ভাষণ তৈরি করো।

৯। (ক) বিজয় দিবসের শুভেচ্ছা জানিয়ে বন্ধুর নিকট একটি বই–মেইল প্রেরণ করো। ১০

*অথবা*, (খ) একটি বাণিজ্যিক প্রতিষ্ঠানে এক্সিকিউটিভ ম্যানেজার পদে নিয়োগ লাভের জন্য একটি আবেদনপত্র রচনা করো।

১০। (ক) সারমর্ম লেখো : ১০
দৈন্য যদি আসে আসুক, লজ্জা কিবা তাহে,
মাথা উঁচু রাখিস।
সুখের সাথী মুখের পানে যদি নাহি চাহে,
ধৈর্য ধরে থাকিস।
রুদ্ররূপে তীব্র দুঃখ যদি আসে নেমে,
বুক ফুলিয়ে দাঁড়াস,
আকাশ যদি বজ্র নিয়ে মাথায় ভেঙে পড়ে
ঊর্ধ্বে দু'হাত বাড়াস।

*অথবা*, (খ) ভাব–সম্প্রসারণ করো :
জীবে প্রেম করে যেই জন
সেই জন সেবিছে ঈশ্বর।

১১। (ক) বৈশ্বিক উষ্ণতা বৃদ্ধি ও জলবায়ু পরিবর্তনের সাম্প্রতিক প্রবণতা বিষয়ে দুই বন্ধুর মধ্যে কথোপকথন রচনা করো। ১০

*অথবা*, (খ) নিচের উদ্দীপক অনুসারে একটি ক্ষুদে গল্প লেখো :
আতিয়া এক রিকশা চালক বাবার তিন মেয়ের মধ্যে সবচেয়ে বড়ো। অষ্টম শ্রেণিতে পড়তেই তার বাবা তাকে বিয়ে দেন আর এক রিকশা চালকের সাথে। কিন্তু তিন বছর অতি কষ্টে অতিবাহিত হলেও বাধ্য হয়ে আতিয়ার বাবা তাকে নিজের বাড়িতে নিয়ে আসেন এবং কিছুদিন পর আতিয়া তার স্বামীকে তালাক দিয়ে নতুন করে আবার স্কুলে ভর্তি হয়। .....

১২। যেকোনো **একটি** বিষয় অবলম্বন প্রবন্ধ রচনা করো : ২০
(ক) তথ্য প্রযুক্তি ও আজকের বাংলাদেশ
(খ) বাংলাদেশের উৎসব
(গ) একটি শীতের সকাল
(ঘ) মাদকসক্তি ও যুবসমাজ
(ঙ) মুক্তিযুদ্ধের চেতনা

NABARUN PUBLICATION

## ০২ পাবনা ক্যাডেট কলেজ

### বাংলা দ্বিতীয় পত্র

**সময় : ৩ ঘণ্টা; পূর্ণমান : ১০০**

**ক–বিভাগ (ব্যাকরণ)–৩০**

১। (ক) বাংলা স্বরধ্বনি 'অ' এর আদিতে উচ্চারণের পাঁচটি নিয়ম লেখো। ৫

*অথবা*, (খ) যেকোনো পাঁচটি শব্দের প্রমিত উচ্চারণ লেখো :

অধৈর্য, বয়োজ্যেষ্ঠ, মর্মন্তুদ, সূর্যরশ্মি, নাগরিক, প্রচ্ছদ, দ্যোতক, ধ্বংস।

২। (ক) বাংলা একাডেমি প্রণীত বাংলা বানানের নিয়ম অনুসারে তৎসম শব্দের যেকোনো পাঁচটি নিয়ম লেখো। ৫

*অথবা*, (খ) যেকোনো পাঁচটি শব্দের বানান শুদ্ধ করো :

বাল্মীকি, বিদুষি, ভুবন, মোহিনী, পরিপাট্য, জাজ্জ্বল্যমান, এতদ্বারা, স্বাক্ষরতা, রুগ্ন।

৩। (ক) ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় করো (যেকোনো পাঁচটি) : ৫

জ্যোৎস্নারাত, জীবনপ্রদীপ, দুর্ভিক্ষ, সৈন্যসামন্ত, তিমিরবিদারী, তিমিরকুন্তলা, কালান্তর, শতাব্দী।

*অথবা*, (খ) 'উপসর্গের অর্থবাচকতা নেই, কিন্তু অর্থদ্যোতকতা আছে" – উদাহরণসহ আলোচনা করো।

৪। (ক) উদাহরণসহ বাক্যে শব্দশ্রেণির শ্রেণিবিভাগ আলোচনা করো। ৫

*অথবা*, (খ) নিচের অনুচ্ছেদ থেকে পাঁচটি ক্রিয়া বিশেষণ নির্দেশ করো :

সুমন সকালে দ্রুত বেরিয়ে গেলো। ভোর থেকে টিপটিপ বৃষ্টি পড়ছিলো। জানালার পাশে বসে একমনে বই পড়ছিল ছোটভাই। এ সময় বড় আপু গুনগুনিয়ে গান করছিল। হঠাৎ আম্মা এসে বললেন, চট করে বাজার থেকে সবজি কিনে আনতে।

৫। (ক) বাক্যার্থ ছাড়া একটি সার্থক বাক্যের কী কী বৈশিষ্ট্য বাক্য আবশ্যক? উদাহরণসহ বুঝিয়ে দাও। ৫

*অথবা*, (খ) বন্ধনীর নির্দেশনা অনুসারে যেকোনো পাঁচটি বাক্যের বাক্যান্তর করো :

i) যে ব্যক্তি পরিশ্রমী, সে সুখী হয়। (সরল)
ii) দশ মিনিট পর ট্রেন এলো। (যৌগিক)
iii) তার টাকা আছে কিন্তু তিনি দান করেন না। (জটিল)
iv) সেখানে কেউ নেই (অস্তিবাচক)
v) বিপদে ধৈর্য ধরো (নির্দেশনাত্মক)
vi) আরও কিছু বলার আছে (সংশয়াত্মক)
vii) সে আর ভিক্ষা করে না। (প্রশ্নবোধক)
viii) এ কথা মুখে আনা তাহার পক্ষে অসম্ভব ছিল। (নেতিবাচক)

৬। (ক) নিচের যেকোনো পাঁচটি বাক্য শুদ্ধ বানান লেখো ৫

i) শুধুমাত্র তুমি গেলেই হবে।
ii) মহারাজা সভাগৃহে প্রবেশ করিলেন।
iii) বন্দরে কয়েকটি ডিপাটমেন্টাল স্টোর
iv) সকল ছাত্ররা উপস্থিত আছে।
v) ফেলো টাকা মাখো তেল।
vi) বিশ্বে বাংলা ভাষাভাষীর সংখ্যা প্রায় ২ কোটি।
vii) পর্বদিকে সর্য উদয় হয়।
viii) আপনি স্বপরিবারবর্গ আমন্ত্রিত।

*অথবা*, (খ) অনুচ্ছেদটি শুদ্ধ করে লেখো :

কিছুক্ষণ পর মিজান বলল, এটি লজ্জাকর ব্যাপার, আমরা থাকতে মেয়েরা গাছে উলম্ফন করবে এটি সঠিক নয়। এই বলে মিজান একটি বৃক্ষ বেয়ে উপর উঠল। অন্যরা তা দেখে গৌরব বোধ করল।

**খ–বিভাগ (নির্মিতি)–৭০**

৭। যেকোনো **দশটি** শব্দে বাংলা পারিভাষিক রূপ লেখো : ১০

Accident-prone, Body Warrant, Casual leave, Directorate, Epidemic, Floor Price, Harbour, Inquest, Ivory, Land Tenure, mail, Non-Collgeiate, Open-air, Posthumous, Statutory.

*অথবা*, (খ) অনুচ্ছেদটি বাংলায় অনুবাদ করো :

Bengali language has a glorious tradition. In this country students and people laid down their lives to keep the honour of our language. Those martyrs are the pride of our nation and history.

৮। (ক) তোমার ঘুরে আসা কোনো দর্শনীয় স্থান পরিদর্শনের অনুভূতি প্রকাশ করে একদিনের দিনলিপি রচনা করো। ১০

*অথবা*, (খ) "দ্রব্যমূল্যের বৃদ্ধি ও বাজার নিয়ন্ত্রণ" শীর্ষক সেমিনারে উপস্থাপনের উপযোগী একখানি মঞ্চভাষণ তৈরি করো।

৯। (ক) তোমার এলাকায় একটি খাল সংস্কার সম্পর্কে যথাযথ কর্তৃপক্ষের দৃষ্টিআকর্ষণ করে সংবাদপত্রে প্রকাশের উপযোগী একখানা পত্র লেখো। ১০

*অথবা*, (খ) বন্যায় আক্রান্তদের সাহায্যার্থে প্রয়োজনীয় আর্থিক সহায়তা চেয়ে বন্ধুর কাছে একটি ই–মেইল পাঠাও।

১০। (ক) সারাংশ লেখো : ১০

আমার একার সুখ, সুখ নহে ভাই
সকলের সুখ সখা, সুখ শুধু তাই
আমার একার আলো সে যে অন্ধকার,
যদি না সবারে অংশ দিতে আমি পাই।
সকলের সাথে বন্ধু, সকলের সাথে,
যাইব কাহারে বলো, ফেলিয়া পশ্চাতে।
একসাথে বাঁচি আর একসাথে মরি,
এসো বন্ধু, এ জীবন সুমধুর করি।

*অথবা*, (খ) ভাব–সম্প্রসারণ করো :

জ্ঞান যেখানে সীমাবদ্ধ, বুদ্ধি সেখানে আড়ষ্ট, মুক্তি সেখানে অসম্ভব।

১১। (ক) 'বিজ্ঞানচর্চার গুরুত্ব' সম্পর্কে শিক্ষক ও শিক্ষার্থীর মধ্যে সংলাপ রচনা করো। ১০

*অথবা*, (খ) 'সামাজিক মাধ্যমে বন্ধুত্বের পরিণাম'–এই শিরোনামে একটি ক্ষুদে গল্প রচনা করো।

১২। নিচের যেকোনো **একটি** বিষয় নিয়ে প্রবন্ধ রচনা করো : ২০

(ক) বাংলাদেশের পোশাক শিল্প অর্থনীতির মল হাতিয়ার
(খ) শিক্ষাক্ষেত্রে তথ্য–প্রযুক্তির ব্যবহার উন্নয়নের সোপান
(গ) দরিদ্র্য বিমোচনে নারী সমাজের ভূমিকা
(ঘ) মাদকাসক্তির কারণ ও প্রতিকার
(ঙ) সমুদ্র সৈকতে একদিন।

## ০৩ রংপুর ক্যাডেট কলেজ

### বাংলা দ্বিতীয় পত্র

**সময় : ৩ ঘণ্টা; পূর্ণমান : ১০০**

**ক–বিভাগ (ব্যাকরণ)–৩০**

১। (ক) উদাহরণসহ আদ্য 'অ' উচ্চারণের পাঁচটি নিয়ম লেখো। ৫

*অথবা*, (খ) যেকোনো পাঁচটি শব্দের উচ্চারণ লেখো :

NABARUN PUBLICATION

বিজ্ঞাপন, উষ্ম, সদ্য, শস্য, বিন্যাস, আবৃত্তি, সুক্ষ্ম, বৈশাখ।

২। (ক) বাংলা একাডেমি প্রণীত প্রমিত বাংলা বানানের নিয়ম অনুসারে তৎসম শব্দের পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখো। ৫

*অথবা*, (খ) যেকোনো পাঁচটি শব্দের শুদ্ধ বানান লেখো :
স্বরস্বতী, ঐক্যমত্য, নুন্যতম, কতৃত্ত্ব, বর্ণালী, বিপদজনক, হীনমন্যতা, শিরচ্ছেদ।

৩। (ক) যোজক শব্দ কাকে বলে? উদাহরণসহ যোজক শব্দের শ্রেণিবিভাগ আলোচনা করো। ৫

*অথবা*, (খ) নিম্নরেখ যেকোনো পাঁচটি শব্দের ব্যাকরণিক শ্রেণি নির্দেশ করো :
i) শ্রম বিনা ধন লাভ হয় না।
ii) বৃদ্ধকে সম্মান করতে শেখো।
iii) আজকাল তুহিনের অবস্থা মন্দ যাচ্ছে।
iv) রফিক সাহেব সভায় স্বয়ং উপস্থিত ছিলেন।
v) সব রেস্টুরেন্টের ভোজন ভালো হয় না।
vi) পড়া বই বার বার পড়তে ভালো লাগে না।
vii) রান্নাঘর থেকে মা তাকে ডাক দেয় ভাঁপা পিঠা খেতে।
viii) তারা ঘটনাটি আপসে মিটমাট করে নিল।

৪। (ক) ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় করো : (যেকোনো পাঁচটি) ৫
বরযাত্রী, ক্ষীণজীবী, আয়কর, ডাকবাক্স, নিরর্থক, শশব্যস্ত, উদ্বেল, পথে–প্রান্তরে।

*অথবা*, (খ) প্রত্যয়ের নামসহ প্রকৃতি–প্রত্যয় নির্ণয় করো : (যেকোনো পাঁচটি)
সাহিত্যিক, মেঠো, পাঠক, মৃন্ময়, উপ্ত, ঘাতক, পান্তা, মুক্তি।

৫। (ক) বাক্য কাকে বলে? একটি সার্থক বাক্য গঠনে কী কী গুণ থাকা উচিত? উদাহরণসহ লেখো। ৫

*অথবা*, (খ) বন্ধনীর নির্দেশ অনুসারে যেকোনো পাঁচটি বাক্যান্তর করো:
i) সবাই দেশের সেবা করো। (নির্দেশসচক)
ii) যদিও তিনি দরিদ্র তথাপি সৎ। (যৌগিক)
iii) অনেকের জীবনে প্রথমে দুঃখ আসে, পরে সুখ আসে। (সরল)
iv) জননী জন্মভূমি স্বর্গের চেয়েও প্রিয়। (প্রশ্নবাচক)
v) এ তো ভয়ানক দুঃখের কথা। (বিস্ময়সচক)
vi) বাঙালির যে আত্মজাগরণ, তা অভিনন্দনের দাবি রাখে। (সরল)
vii) সে আর আসবে না। (অস্তিবাচক)
viii) খোদার নিকট তোমার মঙ্গল কামনা করি। (ইচ্ছাসচক)

৬। (ক) যেকোনো পাঁচটি বাক্য শুদ্ধ করে লেখো : ৫
i) তার মেধা পরিদর্শন করে সবাই মুগ্ধ।
ii) অধ্যাপনাই ছাত্রদের তপস্যা।
iii) আবশ্যকীয় ব্যাপারে কৌতূহল ভালো নয়।
iv) অন্যান্য বিষয়গুলোর আলোচনা পরে হবে।
v) বিধি লঙ্ঘন হয়েছে।
vi) পরোপকার মনুষ্যত্বের পরিচায়ক।
vii) আমৃত্যু পর্যন্ত দেশের সেবা করে যাব।
viii) তিনি আরোগ্য হয়েছেন।

*অথবা*, (খ) অনুচ্ছেদে বিদ্যমান অপপ্রয়োগগুলো শুদ্ধ করে লেখো :
দারিদ্রতা আজ আর বাংলাদেশের প্রধান সমস্যা নয়। আমাদের দেশ এখন সমৃদ্ধশালী। কেবলমাত্র দুর্নীতিই আমাদের পেছনে টানে। এ থেকে মুক্তির পাশাপাশি জাতীয় জীবনে সর্বক্ষেত্রে কৃচ্ছতা সাধন প্রয়োজন। প্রয়োজন দলমত নির্বিশেষে সখ্যতাও।

**খ–বিভাগ (নির্মিতি)—৭০**

৭। (ক) পারিভাষিক শব্দ রূপ লেখো : (যেকোনো দশটি) ১০
Deputation, Adhoc, Republic, White paper, Copyright, Biogaphy, Inflation,Editor, Out-post, Honorary, Dialect, Manifesto, Subseriber, Memorandum, Allotment.

*অথবা*, (খ) নিচের অনুচ্ছেদটি বাংলায় অনুবাদ করো :
Illiteracy is a great problem of our country. No development efforts can succed unless illiteracy is eradicated. Eradication of illiteracy in a country like Bangladesh with so vast population is undoubtedly a gigantic task. No individual community, organisation not even the government is capable of solving this huge problem single handed. It is the social responsibility of all the literate people to make some concerted efforts to remove illiteracy from the country.

৮। (ক) তোমার কলেজে বিজ্ঞান মেলা দেখার অভিজ্ঞতা বর্ণনা করো। ১০

*অথবা*, (খ) নিত্যপ্রয়োজনীয় দ্রব্যমল্যের ঊর্ধ্বগতি সম্পর্কে পত্রিকায় প্রকাশের উপযোগী একটি প্রতিবেদন রচনা করো।

৯। (ক) ইন্টারনেট ব্যবহারের সুফল ও কুফল সম্পর্কে পরামর্শ দিয়ে ছোটো ভাইকে একটি ই–মেইল পাঠাও। ১০

*অথবা*, (খ) তোমার কলেজে 'নজরুল জয়ন্তী' উদ্‌যাপন উপলক্ষে একটি আমন্ত্রণপত্র রচনা করো।

১০। (ক) সারমর্ম লেখো : ১০
অদ্ভুত আঁধার এক এসেছে এ পৃথিবীতে আজ,
যারা অন্ধ সবচেয়ে বেশি আজ চোখে দেখে তারা;
যাদের হৃদয়ে কোন প্রেম নেই প্রীতি নেই করুণার আলোড়ন নেই।
পৃথিবী অচল আজ তাদের সুপরামর্শ ছাড়া।
যাদের গভীর আস্থা আছে আজও মানুষের প্রতি,
এখনো যাদের কাছে স্বাভাবিক বলে মনে হয়
মহৎ সত্য বা রীতি, কিংবা শিল্প অথবা সাধনা,
শকুন ও শেয়ালের খাদ্য আজ তাদের হৃদয়।

*অথবা*, (খ) ভাব–সম্প্রসারণ করো:
অন্যায় যে করে আর অন্যায় যে সহে
তব ঘৃণা যেন তারে তৃণ সম দহে।

১১। (ক) ভর্তি পরীক্ষার প্রস্তুতি নিয়ে দুই বন্ধুর মধ্যে সংলাপ তৈরি করো। ১০

*অথবা*, (খ) নিচের উদ্দীপক অনুসরণে একটি ক্ষুদে গল্প লেখো :
বাতেন দ্বাদশ শ্রেণিতে পড়ে। তার বাবা দিনমজুর। বাবার প্রতিদিনের কষ্ট দেখে বাতেন ........

১২। যেকোনো **একটি** বিষয়ে প্রবন্ধ রচনা করো : ২০
(ক) শিষ্টাচার
(খ) ডেঙ্গুজ্বর; কারণ ও প্রতিকার
(গ) জাতীয় জীবনে একুশে ফেব্রুয়ারির তাৎপর্য
(ঘ) বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে নারী সমাজের ভূমিকা
(ঙ) ইন্টারনেট : বিশ্বের সেতুবন্ধন

## ০৪ সিলেট ক্যাডেট কলেজ

**বাংলা দ্বিতীয় পত্র**

**সময় : ৩ ঘণ্টা; পর্ণমান : ১০০**

**ক–বিভাগ (ব্যাকরণ)—৩০**

১। (ক) বাংলা অদ্য–অ ধ্বনি উচ্চারণের যেকোনো পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখো। ৫

অথবা, (খ) নিচের যেকোনো পাঁচটি শব্দের উচ্চারণ লেখো।
অগ্নি, অকৃতকার্য, চৌষট্টি, ক্ষেত্রফল, তত্ত্বীয়, রাষ্ট্র, ব্রহ্মাণ্ড, সাধ্যাতীত।

২। (ক) অতৎসম শব্দের বানানের পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখো। ৫

অথবা, (খ) নিচের যেকোনো পাঁচটি শব্দের শুদ্ধ বানান লেখো।
কুজ্জটিকা, নিশিথিনি, ইতিপর্বে, হীনমন্যতা, আনুষাঙ্গিক, চিত্রাংকন, ভশ্ম, নিপুন।

৩। (ক) যোজক কাকে বলে? যোজক কত প্রকার ও কী কী? উদাহরণসহ লেখো। ৫

অথবা, (খ) নিচের অনুচ্ছেদ থেকে পাঁচটি ক্রিয়াবিশেষণ চিহ্নিত করো :
আজ অমলের কাজে মন নেই, তাছাড়া কাজ করতে তার ভালো লাগে না। অনেক ক্ষণ ধরে সে বাগানে বসে আছে। ধীরে ধীরে বায়ু বইছে। অমল একটা ফুল ভালোভাবে দেখছে বসে বসে।

৪। (ক) প্রত্যয়ের নামসহ প্রকৃতি ও প্রত্যয় নির্ণয় করো (যেকোনো পাঁচটি) : ৫
বক্তা, নকলনবিশ, বিধাতা, জ্যান্ত, রূঢ়, মানব, মুগ্ধ, সঞ্চয়।

অথবা, (খ) পাঁচটি ফারসি উপসর্গের প্রয়োগ দেখিয়ে দুটি করে শব্দের উদাহরণ দাও।

৫। (ক) খন্ডবাক্য কাকে বলে? আশ্রিত খন্ডবাক্যের শ্রেণিবিভাগ উদাহরণসহ আলোচনা করো। ৫

অথবা, (খ) বাক্য রূপান্তর করো (যেকোনো পাঁচটি)
i) মাতৃভূমিকে সকলেই ভালোবাসে। (জটিল)
ii) যেসব পশু মাংস খায়, তারা অত্যন্ত বলবান। (সরল)।
iii) মুক্তিযুদ্ধের শহিদদের স্মরণ করা উচিত। (যৌগিক)
iv) আমরা নড়লাম না। (অস্তিবাচক)
v) আরো অনেক কথা আছে। (সন্দেহসচক)
vi) ভুল সবার হয়। (প্রশ্নবাচক)
vii) বৃষ্টির অভাবে ফসল নষ্ট হবে। (মিশ্র)
viii) দুর্জনকে দরে রাখা উচিত। (অনুজ্ঞা)

৬। (ক) নিচের যেকোনো পাঁচটি বাক্য শুদ্ধ করে লেখো : ৫
i) আমার প্রিয় কবি স্বপরিবারে ঢাকায় থাকেন।
ii) অসৎ মানুষেরাই মিথ্যার পক্ষে সাক্ষী দেয়।
iii) সিদ্ধান্ত গ্রহণ হয়েছে।
iv) আগত শনিবারে তারা যাবে।
v) উপরোক্ত বাক্যটি শুদ্ধ নয়।
vi) ছেলেটি ভয়ানক মেধাবী
vii) শুধুমাত্র সেই পারবে এ কাজটি করতে।
viii) পরীক্ষা চলাকালীন সময়ে হর্ণ বাজানো নিষেধ।

অথবা, (খ) অনুচ্ছেদের অপপ্রয়োগগুলো শুদ্ধ করো :
নিজ ব্যক্তিত্বের বৈচিত্র্যতা দেখাতে সে সর্বদা সচেষ্ট। এ লক্ষ্যে বিনা প্রয়োজনে সভা চলাকালীন সময়েও সে যখন–তখন দাঁড়িয়ে পড়ে। কেউ তার সমালোচনা করলে অপমানবোধ করে সে। নিজের দৈন্যতা সে বুঝতেই পারে না কখনো। তাই নিজ অহংকারবোধ নিয়েই চলতে থাকে সে।

### খ–বিভাগ (নির্মিতি)–৭০

৭। যেকোনো **দশটি** শব্দের পারিভাষিক রূপ লেখো : ১০
Summit, Routine, Scale, Phonetics, Payee, Licence, Interview, Inflation, Hood, Walk-out, Terminology, Vice-Chairman, Up-to-date, Token, Seal.

অথবা, (খ) নিচের অনুচ্ছেদটি বাংলায় অনুবাদ করো :
Man has an unquenchable thirst for knowldge. He is never satisfied with what he has known and seen. He wants to know and see more and more. This curiosity to know more, coupled with his indomitable spirit of adventure, has inspired him to undetanke and carry out difficult and dangerous tasks in the fields of science and technology man has already achieved what was once inconceivable.

৮। (ক) বৈশাখী মেলা ঘুরে দেখার অভিজ্ঞতা বণনা করো। ১০

অথবা, (খ) তোমার এলাকার স্বাস্থ্যকেন্দ্র সম্পর্কে একটি অনুসন্ধানী প্রতিবেদন লেখো।

৯। (ক) মনে করো তুমি দিব্য। শুভ তোমার বন্ধু। তাকে বন্ধু দিবসের শুভেচ্ছা জানিয়ে একটি বৈদ্যুতিক চিঠি লেখো। ১০

অথবা, (খ) তোমার কলেজে একজন বরেণ্য কথা সাহিত্যেকের আগমন উপলক্ষ্যে একটি মানপত্র তৈরি কর।

১০। (ক) সারামর্ম লেখো : ১০
ক্ষমা যেথা ক্ষীণ দুর্বলতা
যে রুদ্র, নিষ্ঠুর যেন হতে পারি তথা
তোমার আদেশে। যেন রসনায় মম
সত্য বাক্য ঝুলি উঠে খর খড়্গসম
তোমার ইঙ্গিতে। যেন রাখি তব মান
তোমার বিচারাসনে লয়ে নিজ স্থান।
অন্যায় যে করে আর অন্যায় যে সহে
তব ঘৃণা যেন তারে তৃণসম দহে।

অথবা, (খ) ভাব–সম্প্রসারণ করো : সাহিত্য জাতির দর্পণস্বরূপ

১১। (ক) 'ক্রিকেট খেলায় গড়া–পেটা' বিষয়ে দুই সহপাঠীর সংলাপ রচনা করো। ১০

অথবা, (খ) প্রদত্ত শিরোনাম অবলম্বনে ক্ষুদে গল্প লেখো :
'রাতের চা–বাগান' ............

১২। যেকোনো **একটি** বিষয় অবলম্বনে প্রবন্ধ লেখো : ২০
(ক) মুক্তিযুদ্ধের চেতনা;
(খ) বিজ্ঞান ও আধুনিক তথ্যপ্রযুক্তি;
(গ) বাংলাদেশের সামাজিক উৎসব;
(ঘ) রোহিঙ্গা সংকট ও আন্তর্জাতিক সম্পর্ক;
(ঙ) জাতীয় উন্নয়নে প্রবাসীদের ভূমিকা।

## ০৫ ঝিনাইদহ ক্যাডেট কলেজ

### বাংলা দ্বিতীয় পত্র

**সময় : ৩ ঘণ্টা; পূর্ণমান : ১০০**

### ক–বিভাগ (ব্যাকরণ)–৩০

১। (ক) বাংলা 'অ' ধ্বনি উচ্চারণের যেকোনো পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখো। ৫

অথবা, (খ) যেকোনো পাঁচটি শব্দের সঠিক উচ্চারণ লেখো :
একাডেমি, আতঙ্ক, দরখাস্ত, ব্যবহার, চলচ্চিত্র, দ্রষ্টব্য, ব্রহ্মান্ড, মন্তব্য

২। (ক) ণ–ত্ব বিধান কাকে বলে? ণ–ত্ব বিধানের চারটি নিয়ম লেখ। ৫
অদ্যক্ষার নন্যতম, পন্ডিতমণ্য, মরিচীকা, স্বাত্রিক, হীনম্মনতা, স্নেহাশীল, প্রস্তুতপন্নমতী।

অথবা, (খ) যেকোনো পাঁচটি শব্দের বানান শুদ্ধ করে লেখো :

৩। (ক) আবেগ শব্দ কাকে বলে? আবেগ শব্দের প্রকারভেদ উদাহরণসহ আলোচনা করো। ৫

অথবা, (খ) রেখাঙ্কিত শব্দগুলোর ব্যাকরণিক শব্দশ্রেণি নির্ণয় করো :

i) হে পিতৃব্য, বর্বরতা কেন না শিখিবে?
ii) বুঝিয়াছিলাম মেয়েটির রূপ বড়ো আশ্চর্য।
iii) যেহেতু ঠান্ডা লেগেছে, তাই আইসক্রিম খাচ্ছি না।
iv) পথ হারাবো বলেই এবার পথে নেমেছি।
v) জন্মভূমি রক্ষাহেতু কে ডরে মরিতে।
vi) ধর্ম যার যার উৎসব সবার।
vii) সারাদিন বৃষ্টি হলো তবুও গরম গেল না।
viii) রান্নার জন্য রাঁধুনি ব্যাকুল।

৪। (ক) সমাস কাকে বলে? বাংলা ভাষায় সমাসের প্রয়োজনীয়তা আলোচনা করো। ৫

অথবা, (খ) প্রকৃতি ও প্রত্যয় নির্ণয় করো এবং প্রত্যয়ের নাম লেখো : (যেকোনো পাঁচটি)

আকস্মিক, ঐহিক, উপ্ত, ক্রেতা, ঘাতক, প্রচলিত, নেতা, বার্ষিক।

৫। (ক) বাক্য কাকে বলে? একটি সার্থক বাক্যের কী কী গুণ থাকা আবশ্যক? উদাহরণসহ লেখো। ৫

অথবা, (খ) বন্ধনীর নির্দেশনা অনুসারে যেকোনো পাঁচটি বাক্যের বাক্যান্তর করো:

i) আমরা নড়লাম না। (অস্তিবাচক)
ii) সৎ ব্যক্তি বলে সকলে তাকে শ্রদ্ধা করে। (যৌগিক)
iii) আমার বন্ধু হরিশ কানপুরে কাজ করে। (জটিল)
iv) দয়া করে কিছু বলবেন না। (নির্দেশাত্মক)
v) ধর্ম আমাদের ইসলাম কিন্তু প্রাণের ধর্ম আমাদের তারুণ্য। (সরল)
vi) সে মরবে তবুও এ কথা বলবে না। (মিশ্র বাক্য)
vii) শহিদের মৃত্যু নেই। (অস্তিবাচক)
viii) পঞ্জিকার পাতা উল্টাইতে থাকিল। (নেতিবাচক)

৬। (ক) নিচের যেকোনো পাঁচটি বাক্য শুদ্ধ করে লেখো : ৫

i) দেশের উন্নয়নের গতি ত্বরান্বিত করার জন্য কৃচ্ছতা সাধন দরকার।
ii) এই দুর্ঘটনা দৃষ্টে আমার হস্তক্ষেপ উপস্থিত হলো।
iii) কীর্তিবাস বাংলার রামায়ণ লিখেছেন।
iv) সাবধান পর্বক চলবে।
v) নিসাধ কোনোদিন মাছের গোত্র ভুল করে না।
vi) উৎপন্ন বৃদ্ধির জন্য কঠোর পরিশ্রম আবশ্যক।
vii) ছাত্রটির উদ্ধত্তপর্ণ আচরণে শিক্ষক রাগ হলেন।
viii) বিপদে পড়লে বাঘে হরিণেও এক ঘাটে জল খায়।

অথবা, (খ) নিচের অনুচ্ছেদটির অপপ্রয়োগগুলো দূর করো :

আজকাল অনেক ছাত্ররাই মাতৃভাষার ব্যাপারে উদাসিন। তারা শুদ্ধ ভাষায় লিখিতে ও বলিতে পারে না। প্রশ্নের উত্তরে তারা যেমন অনেক সাধারণ শব্দের বানান ভুল করে, তেমনি তাদের অনেকের উচ্চারণও ত্রুটিপর্ণ। ভাষা–দক্ষতা অর্জিত না হওয়ায় তাদের ভাষার সৌন্দর্য্য ও মাধুর্য্যতাও নেই। মাতৃভাষার দক্ষতা অজনের জন্য কঠোর অনুশীলন আবশ্যকীয়।

**খ–বিভাগ (নির্মিতি)–৭০**

৭। যেকোনো **দশটি** শব্দের পারিভাষিক রূপ লেখো : ১০

War Criminal, Sewerage, Millennium, Violation, Postmark, Interrogation, Honorarium, Embargo, Deposit, Eye-witness, Cartoon, Approval, Green room, National Assembly.

অথবা, (খ) বাংলায় অনুবাদ কর :

Victory day is a red letter day in the history of Bangladesh and the day is important for various reasons. Firstly, on this day we won the victory at the cost of a bloody war of nine month Bangladesh came into being and occupied a place in the world map as an independent country. Secondly, about three million people including more than independence. Thirdly, the day reminds us of the sacrifices of our valiant people.

৮। (ক) 'জাতি গঠনে ছাত্র সমাজের ভূমিকা' শীর্ষক একটি বেতার ভাষণ প্রস্তুত করো। ১০

অথবা, (খ) কোনো একটি ঐতিহাসিক পুরাকীর্তি দর্শনের অভিজ্ঞতা বর্ণনা করো।

৯। (ক) তোমার এলাকায় আইন–শৃঙ্খলা পরিস্থিতির অবনতির কথা জানিয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করে পত্রিকায় প্রকাশের জন্য সম্পাদকের বরাবরে একটি পত্র লেখো। ১০

অথবা, (খ) একটি বেসরকারি প্রতিষ্ঠানে 'অফিস সহকারী' পদে নিয়োগের জন্য আবেদন পাঠানোর ই–মেইল তৈরি করো।

১০। (ক) সারমর্ম লেখো : ১০

একদা ছিল না জুতা চরণ যুগলে,
দহিল হৃদয় মম সেই ক্ষোভানলে।
ধীরে ধীরে চুপি চুপি দুঃখাকুল মনে,
গেলাম ভজনালয়ে ভজন কারণে।
দেখি সেথা একজন পদ নাহি তার,
অমনি জুতার খেদ ঘুচিল আমার।
পরের দুঃখের কথা করিলে চিন্তন
নিজের অভাব ক্ষোভ থাকে কতক্ষণ।

অথবা, (খ) ভাব–সম্প্রসারণ করো :

বিদ্যার সঙ্গে সম্পর্কহীন জীবন অন্ধ এবং জীবনের সাথে সম্পর্কহীন বিদ্যা পঙ্গু।

১১। (ক) 'মাদক নির্মূলে রাষ্ট্র নয় পারিবারিক সচেতনতাই মুখ্য।' এ বিষয়ে দুই বন্ধুর মধ্যে একটি সংলাপ রচনা করো। ১০

অথবা, (খ) প্রদত্ত ইঙ্গিত অনুসরণে একটি খুদে গল্প লেখো:

'ব্যর্থতাই সাফল্যের সোপান।'

১২। নিচের যেকোনো **একটি** বিষয় নিয়ে প্রবন্ধ রচনা করো : ২০

(ক) বাংলাদেশের প্রাকৃতিক দুর্যোগ ও তার প্রতিকার
(খ) উন্নয়নের মহাসড়কে বাংলাদেশ
(গ) স্বপ্নের পদ্মাসেতু
(ঘ) অমিত সম্ভাবনাময় বাংলাদেশের পর্যটনশিল্প
(ঙ) মানবকল্যাণে বিজ্ঞান ও প্রযুক্তি

## ০৬ রাজউক উত্তরা মডেল কলেজ, ঢাকা

### বাংলা দ্বিতীয় পত্র

**সময় : ৩ ঘণ্টা; পূর্ণমান : ১০০**

**ক–বিভাগ (ব্যাকরণ)–৩০**

১। (ক) বাংলা 'এ' ধ্বনি উচ্চারণের পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখো। ৫

*অথবা*, (খ) নিচের যেকোনো পাঁচটি শব্দের উচ্চারণ লেখো:
এক, উপস্থিত, ব্রাহ্মণ, আশ্রম, বিজ্ঞান, মর্যাদা, নিঃশেষ, অসীম।

২। (ক) বাংলা একাডেমি প্রণীত প্রমিত বাংলা বানানের নিয়ম অনুসারে অতৎসম শব্দের বানানের পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখো। ৫

*অথবা*, (খ) নিচের যেকোনো পাঁচটি শব্দের শুদ্ধ বানান লেখো:
দুরাবস্থা, শিরচ্ছেদ, ঐকমত, নুন্যতম, শ্রদ্ধাঞ্জলী, আকাংখা, সান্তনা, মনপুত।

৩। (ক) উদাহরণসহ যোজকের শ্রেণিবিভাগ আলোচনা করো। ৫

*অথবা*, (খ) নিম্নরেখ যেকোনো পাঁচটি শব্দের ব্যাকরণিক শ্রেণি নির্দেশ করো :
i) সবাই এগিয়ে এসেছে।
ii) আমার খাওয়া হয়নি।
iii) শীতের পরে বসন্ত ঋতু আসে।
iv) পয়লা বৈশাখ একটি আনন্দের দিন।
v) সে আসবে বলেছিল অথচ এল না।
vi) কোথাও ঘুরে আসি।
vii) বাঁশি বেজে উঠল।
viii) আপন ভালো সবাই চায়।

৪। (ক) প্রত্যয়ের নামসহ প্রকৃতি ও প্রত্যয় নির্ণয় করো (যেকোনো পাঁচটি) : ৫
ঈশ্বর, ধর্ম, দ্রাঘিমা, কাব্য, বিজয়, ত্যাগ, গতি, দ্রষ্টব্য।

*অথবা*, (খ) ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় করো (যেকোনো পাঁচটি) :
নবান্ন, যাদুকর, সহৃদয়, হাঁটুজল, দেশান্তর, শ্রমলব্ধ, স্বচ্ছসলিলা, প্রতিদান।

৫। (ক) সার্থক বাক্যের বৈশিষ্ট্য কী কী? উদাহরণসহ আলোচনা করো। ৫

*অথবা*, (খ) বন্ধনীর নির্দেশ অনুসারে বাক্যান্তর করো (যেকোনো পাঁচটি) :
i) সে বইটা পড়ছে। (প্রশ্নসূচক)
ii) এখানে আসতেই হল। (নেতিবাচক)
iii) দেশের সেবা করো। (নির্দেশাত্মক)
iv) বৃষ্টির অভাবে ফসল নষ্ট হবে। (জটিল)
v) দশ মিনিট পর ট্রেন এলো। (যৌগিক)
vi) কী ভয়ঙ্কর ঘটনা! (নির্দেশাত্মক)
vii) উদারতা কৃপণের ধর্ম নয়। (অস্তিবাচক)
viii) ছাত্রদের অধ্যয়নই তপস্যা। (জটিল)

৬। (ক) যেকোনো পাঁচটি বাক্যের অপপ্রয়োগ শুদ্ধ করে লেখো: ৫
i) আকণ্ঠ পর্যন্ত খেয়ে অস্বস্তি লাগছে।
ii) সে সশঙ্কিত চিত্রে বর্ণনা করল।
iii) সে ভয়ঙ্কর মেধাবী।
iv) দৈন্যতা প্রশংসনীয় নয়।
v) দেবী অন্তর্ধান হলেন।
vi) কীর্তিবাস বাংলা রামায়ন লিখেছেন।
vii) আপনি স্বপরিবারে আমন্ত্রিত।
viii) একটা গোপন কথা বলি।

*অথবা*, (খ) নিচের অনুচ্ছেদের অপপ্রয়োগগুলো শুদ্ধ করো :
ভাষাশিক্ষার সান্ধ্যকোর্স চলাকালীন সময়ে শিহাব স্ববান্ধব উপস্থিত হল। সে বলিল কেবলমাত্র প্রতিদ্বন্দ্বিতার মাধ্যমেই আমরা আত্ত্ববিশ্বাস অর্জন করতে পারি।

**খ–বিভাগ (নির্মিতি)–৭০**

৭। যেকোনো **দশটি** শব্দের পারিভাষিক রূপ লেখো : ১০
Sabotage; Marketing, Embargo, Manuscript, Autonomous, Surplus, Subsidy, Racism, Quack, Bureaucracy, Immigrant, Census, Invoice, White paper, Etiquette.

*অথবা*, (খ) নিচের অনুচ্ছেদটি বাংলায় অনুবাদ করো:
A good teacher is one of the most important people in any country. Bangladesh needs good teacher. A good teacher makes lessons intersting. He keeps pupils and students awake. He also makes them confident and proves clever. Everbody has something valuable in him. A good teacher discovers the treasure hidden inside each student.

৮। (ক) তোমার কলেজে অনুষ্ঠিত বিজ্ঞানমেলা সম্পর্কে একটি দিনলিপি প্রস্তুত করো। ১০

*অথবা*, (খ) ছাত্র–ছাত্রীদের পুনর্মিলনী অনুষ্ঠান সম্পর্কে একটি প্রতিবেদন লেখো।

৯। (ক) মায়ের অসুস্থতার খবর জানিয়ে বড়ো ভাইকে একটি ক্ষুদে বার্তা লেখো। ১০

*অথবা*, (খ) মশার উপদ্রব প্রতিরোধকল্পে কর্তৃপক্ষের দৃষ্টিআকর্ষণ করে সংবাদপত্রের প্রকাশোপযোগী পত্র রচনা করো।

১০। (ক) সারমর্ম লেখো : ১০
বিপদে মোরে রক্ষা করো, এ নহে মোর প্রার্থনা
বিপদে আমি না যেন করি ভয়।
দুঃখ তাপে ব্যথিত চিতে নাইবা দিলে সান্তনা,
দুঃখ যেন করিতে পারি জয়।
সহায় মোর না যদি জুটে
নিজের বল না যেন টুটে,
সংসারেতে ঘটিলে ক্ষতি, লভিলে শুধু বঞ্চনা
নিজের মনে না যেন মানি ক্ষয়।
আমারে তুমি করিবে ত্রাণ, এ নহে মোর প্রার্থনা
তরিতে পারি শকতি যেন রয়।

*অথবা*, (খ) ভাব–সম্প্রসারণ করো:
অর্থ সম্পদের বিনাশ আছে কিন্তু জ্ঞান সম্পদ কখনো বিনষ্ট হয় না।

১১। (ক) ভবিষ্যৎ জীবনের লক্ষ্য নিয়ে পিতা ও পুত্রের মধ্যে সংলাপ রচনা করো। ১০

*অথবা*, (খ) 'অসময়ের বন্ধুই প্রকৃত বন্ধু' শিরোনামে একটি ক্ষুদে গল্প লেখো।

১২। যেকোনো **একটি** বিষয় অবলম্বনে প্রবন্ধ লেখো: ২০
(ক) মুক্তিযুদ্ধ ও আমাদের দেশপ্রেম
(খ) সড়ক দুর্ঘটনা ও তার প্রতিকার
(গ) শিষ্টাচার
(ঘ) নারী শিক্ষা
(ঙ) কৃষিক্ষেত্রে বিজ্ঞান।

NABARUN PUBLICATION

## ০৭ আইডিয়াল স্কুল এন্ড কলেজ, মতিঝিল, ঢাকা

### বাংলা দ্বিতীয় পত্র

**সময় :** ৩ ঘণ্টা; পূর্ণমান : ১০০

**ক–বিভাগ (ব্যাকরণ)–৩০**

১। (ক) 'এ' ধ্বনি উচ্চারণের পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখো। ৫

*অথবা*, (খ) যেকোনো পাঁচটি শব্দের উচ্চারণ লেখো :

ঐতিহ্য, অদ্বিতীয়, লাবণ্য, প্রণীত, আশ্রম, জ্ঞাত, নিষিদ্ধ, স্বল্প।

২। (ক) ণ-ত্ব বিধি কী? উদাহরণসহ ণ-ত্ব বিধির পাঁচটি নিয়ম লেখো। ৫

*অথবা*, (খ) নিচের যেকোনো পাঁচটি শব্দের শুদ্ধ বানান লেখো।

বীরস্বনা, উপরোক্ত, সর্বশান্ত, প্রতিদন্দ্বি, বয়জেষ্ঠ্য, শান্তনা, স্বত্ত্বা, মমূর্ষ।

৩। (ক) বিশেষণ কাকে বলে? নামবিশেষণের প্রকারভেদ উদাহরণসহ আলোচনা করো। ৫

*অথবা*, (খ) নিচের অনুচ্ছেদ থেকে নিম্নরেখ শব্দগুলোর ব্যাকরণিক শ্রেণি নির্দেশ করো :

আস্তে <u>চুপিচুপি</u> তারা কথা কয়, আহ্লাদির <u>ঘুম</u> না ভাঙে। <u>অতি</u> সন্তর্পণে তারা বিছানা ছেড়ে ওঠে। আহ্লাদির বাপের আমলের গোরুটা <u>নেই</u>, গামলাটা আছে। ঘড়া <u>থেকে</u> জল ঢেলে মোটা কাঁথা <u>আর</u> পুরনো ছেঁড়া একটা কম্বল <u>চুবিয়ে</u> রাখে, চালায় আগুন ধরে উঠতে উঠতে গোড়ায় চাপা দিয়ে নেভানো যাতে সহজ হয়।

৪। (ক) প্রত্যয়ের নামসহ প্রকৃতি ও প্রত্যয় নির্ণয় করো : (যেকোনো পাঁচটি) ৫

দিব্য, মন্ত্রণা, কাঠুরে, জয়, বাদলা, শ্রবণীয়, রোদন, ইচ্ছুক।

*অথবা*, (খ) ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় করো : (যেকোনো পাঁচটি)

নীলাম্বর, আলুনি, সপ্তডিঙা, প্রভাকর, মিশকালো, মেঘলুপ্ত, ছায়াতরু, যুগান্তর।

৫। (ক) বাক্য কাকে বলে? একটি সার্থক বাক্যের বৈশিষ্ট্যসমূহ উদাহরণসহ আলোচনা করো। ৫

*অথবা*, (খ) বন্ধনীর নির্দেশ অনুসারে বাক্যান্তর করো : (যেকোনো পাঁচটি)

i) আমি বহু কষ্টে শিক্ষা লাভ করেছি। (যৌগিক)
ii) আশেপাশে কোনো শব্দ নেই। (অস্তিবাচক)
iii) চিরকাল গলার স্বর আমার কাছে বড়ো সত্য। (জটিল)
iv) সন্ত্রাসের বিরুদ্ধে সোচ্চার হওয়া উচিত। (অনুজ্ঞা)
v) মিলিটারি তাকে ইংরেজিতে নানা প্রশ্ন করে এবং সে জবাব দেয়। (সরল)
vi) বাঘ একা একা থাকতে পছন্দ করে। (নেতিবাচক)
vii) সর্বদা তার মনে দুঃখ। (বিস্ময়বোধক)
viii) মামলা করবে বিপদে পড়বে। (প্রশ্নবোধক)

৬। (ক) যেকোনো পাঁচটি বাক্যের অপপ্রয়োগ শুদ্ধ করে লেখো: ৫

i) সম্প্রতি কয়েকটি নদীতে নাব্যতা সংকট দেখা দিয়েছে।
ii) পরীক্ষা চলাকালীন সময়ে হর্ণ বাজানো নিষেধ।
iii) অন্যায়ের প্রতিফলন দুনিবার।
iv) সকল ছাত্রগণ পাঠে মনোযোগী নয়।
v) কেবলমাত্র গায়ের জোরে সব কাজ হয় না।
vi) পৃথিবী সর্বদা সর্যের চারিদিকে ঘর্ণীয়মান।
vii) বৃক্ষটি সমলসহ উৎপাটন হয়েছে।

*অথবা*, (খ) নিচের অনুচ্ছেদের অপপ্রয়োগগুলো শুদ্ধ করো :

মানুষ ভুল করে, পরে সেই ভুল শোধন করেই সত্যের সন্ধান পায়। সাধারণের ধারণা, ঠকে শেখার চেয়ে, দেখে শেখাই বুদ্ধিমতীর কাজ। কিন্তু 'অতি বুদ্ধির গলায় দড়ি, বলেও একটা কথা আছে। তবে মানব সভ্যতার ইতিহাসে সত্যিদঘাটনের প্রচেষ্টার চেয়েও বোধ হয় ভুলের এই কার্যকারিতা বেশি কল্যাণপ্রস হয়েছে।

**খ–বিভাগ (নির্মিতি)–৭০**

৭। যেকোনো **দশটি** শব্দের পারিভাষিক রূপ লেখো : ১০

Annexation, Book post, Concession, Migration, Rotation, Queue, Symbol, Obligatory, Neutral, Lender, in-Charge, Embargo, Hygiene, Pay-order-Demand.

*অথবা*, (খ) বাংলায় অনুবাদ করো :

The life of a student is a life of preparation for the stuggle of life. To make well fitted for the struggle. Education is necessary. Students of today will lead the nation tomorrow. But if their education is not completed they will not be able to lead the country to peace and prosperity.

৮। (ক) একটি ভয়াবহ অগ্নিকাণ্ডের অভিজ্ঞতা বর্ণনা করো। ১০

*অথবা*, (খ) 'অপশক্তির তৎপরতা রুখে দাও' শীর্ষক আলোচনা অনুষ্ঠানের উপযোগী একটি ভাষণ তৈরি করো।

৯। (ক) আসন্ন এইচএসসি পরীক্ষার প্রস্তুতির কথা জানিয়ে বাবাকে একটি ই-মেইল প্রেরণ করো। ১০

*অথবা*, (খ) কোনো মাধ্যমিক বিদ্যালয়ে সহকারী শিক্ষক পদে নিয়োগের জন্য একটি আবেদনপত্র লেখো।

১০। (ক) সারমর্ম লেখো : ১০

ক্ষমা যেথা ক্ষীণ দুর্বলতা,
যে রুদ্র, নিষ্ঠুর যেন হতে পারি তথা
তোমার আদেশে, যেন রসনায় মম
সত্যবাক্য বলি ওঠে খড়্গ সম
তোমার ইঙ্গিতে, যেন রাখি তব মান
তোমার বিচারাসনে লয়ে নিজ স্থান।
অন্যায় যে করে আর অন্যায় যে সহে
তব ঘৃণা যেন তারে তৃণ সমদাহে।

*অথবা*, (খ) ভাব-সম্প্রসারণ করো :

দুর্জন বিদ্যান হইলেও পরিতাজ্য।

১১। (ক) 'বৈশ্বিক উষ্ণতা বৃদ্ধি ও বিশ্ব জলবায়ু পরিবর্তনের সাম্প্রতিক প্রবণতা বিষয়ে দুই বন্ধুর সংলাপ রচনা করো। ১০

*অথবা*, (খ) 'আলোকিত মানুষ' শিরোনামে একটি খুদে গল্প রচনা করো।

১২। যেকোনো **একটি** বিষয় অবলম্বনে প্রবন্ধ লেখো: ২০

(ক) মুক্তিযুদ্ধের চেতনা এবং আমাদের করণীয়
(খ) বাংলাদেশের পর্যটন শিল্প: সমস্যা ও সম্ভাবনা
(গ) জাতি গঠনে ছাত্র সমাজের ভূমিকা
(ঘ) পরিবেশ সংরক্ষণে বনায়ন
(ঙ) আধুনিক তথ্য প্রযুক্তি ও বাংলাদেশ

## ০৮ ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ, ঢাকা

### বাংলা দ্বিতীয় পত্র

**সময় : ৩ ঘণ্টা; পূর্ণমান : ১০০**

**ক–বিভাগ (ব্যাকরণ)–৩০**

১। (ক) যেকোনো পাঁচটি শব্দের উচ্চারণ লেখো : ৫
কাজল, ছাত্র, প্রণীত, ধন্যবাদ, জীববিজ্ঞান, গ্রীষ্মকাল, অতঃপর, বাগ্মী।

*অথবা*, (খ) উদাহরণসহ 'অ' ধ্বনির সংবৃত উচ্চারণের পাঁচটি নিয়ম লেখো।

২। (ক) বাংলা একাডেমি প্রণীত প্রমিত বাংলা বানানের পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখো। ৫

*অথবা*, (খ) যেকোনো পাঁচটি শব্দের শুদ্ধ বানান লেখো :
অধীনস্থ, মন্ত্রীত্ত, মণিষী, শিরোচ্ছেদ, সাতন্ত্র, শান্তনা, সমিরণ, সাধ্যায়ত্ত।

৩। (ক) উদাহরণসহ ক্রিয়াপদের শ্রেণিবিভাগ দেখাও। ৫

*অথবা*, (খ) নিচের রেখাঙ্কিত পাঁচটি শব্দের ব্যাকরণিক শ্রেণি নির্দেশ করো :
i) এগিয়ে চলছে প্রতিবাদী মিছিল।
ii) দুঃখ বিনা সুখ লাভ হয় কি মহীতে?
iii) স্ব স্ব স্থানে ফিরে যাও।
iv) চলো কোথাও বেড়াতে যাই।
v) আজ নয় কাল সে আসবেই।
vi) হঠাৎ গুঁড়ি গুঁড়ি বৃষ্টি শুরু হলো।
vii) তিনি অভিজ্ঞ ডাক্তার
viii) আপন ভালো সবাই চায়।

৪। (ক) প্রত্যয়ের নামসহ প্রকৃতি ও প্রত্যয় নির্ণয় করো: (যেকোনো পাঁচটি) ৫
উক্তি, খোদাই, ঘটক, স্থায়িত্ব, বর্ধমান, মানবিক, নেতা, অনুদান।

*অথবা*, (খ) ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় করো : (যেকোনো পাঁচটি)
অম্লান, লৌহদৃঢ়, পঙ্কজ, দেশোদ্ধার, ঋণগ্রস্ত, স্মৃতিসৌধ, গাছেপাকা, দশানন।

৫। (ক) বাক্য কাকে বলে? অর্থানুসারে বাক্যের শ্রেণিবিভাগ আলোচনা করো। ৫

*অথবা*, (খ) বন্ধনীর নির্দেশ অনুসারে বাক্যান্তর করো : (যেকোনো পাঁচটি)
i) মরলেও সে একথা বলবে না। (যৌগিক)
ii) আজ কি ক্লাস হবে? (নেতিবাচক)
iii) দেশের সেবা করা উচিত। (অনুজ্ঞা)
iv) আমরা নড়লাম না। (অস্তিবাচক)
v) বৃষ্টিতে ভিজলে জ্বর হবে। (জটিল)
vi) আন্তরিক পরিশ্রম সর্বদাই সার্থক হয়। (প্রশ্নবাচক)
vii) যে অন্ধ তাকে আলো দাও। (সরল)
viii) ঘটনাটি ভয়ংকর। (বিস্ময়সূচক)

৬। (ক) প্রদত্ত বাক্যগুলো শুদ্ধ করে লেখো : (যেকোনো পাঁচটি) ৫
i) অপব্যয় একটি মারাত্তক ব্যাধি।
ii) শুধুমাত্র সকল সভাগণ উপস্থিত ছিলেন।
iii) নির্দোষীর কথাই শেষে সত্য প্রমাণ হলো।
iv) আপনি স্বপরিবারবর্গে নিমন্ত্রিত।
v) বাংলাদেশ একটি সমৃদ্ধশালী দেশ।
vi) তার সৌজন্যতায় মুগ্ধ হয়েছি।
vii) গাছটি সমলসহ উৎপাটন হয়েছে।
viii) খাদ্যাভাবে প্রতি ঘরে ঘরে হাহাকার।

*অথবা*, (খ) নিচের অনুচ্ছেদটি শুদ্ধ করে লেখো :
কেবলমাত্র দুর্নীতিই তার সংকটের জন্য দায়ী। সে যে ধরনের আচরণ করছে তা লজ্জাস্কর। আর তাছাড়া অনাবশ্যকীয় ব্যাপারে তার কৌতহল এমন যে তা কথিতব্য নয়।

**খ–বিভাগ (নির্মিতি)–৭০**

৭। পারিভাষিক রূপ লেখো : (যেকোনো দশটি) ১০
Survey, Sabotage, Diagnosis, Affidavt, Formation, Phonetics, Query, Interim, Cabinet, Conduct, Index, Urbanization.

*অথবা*, (খ) নিচের অনুচ্ছেদটি বাংলায় অনুবাদ করো :
Our total environment influences our life and our way of living. The main elements of our human environment are men, animals, plants, soil, air and water. There are relationships among these elements. When this relationships are disturbed life become difficult or imposible.

৮। (ক) 'দুর্নীতিমুক্ত বাংলাদেশ গড়ি' শীর্ষক একটি প্রতিবেদন রচনা করো। ১০

*অথবা*, (খ) শিশির–ঝরা ভোরের অনুভূতি বর্ণনা করে একটি দিনলিপি রচনা করো।

৯। (ক) ইন্টারনেট ব্যবহারের সুফল–কুফল সম্পর্কে জানিয়ে ছোট ভাইয়ের নিকট একটি ই–মেইল প্রেরণ করো। ১০

*অথবা*, (খ) ভি. পি. ডাকযোগে বই চেয়ে প্রকাশকের নিকট একটি পত্র লেখো।

১০। (ক) সারমর্ম লেখো : ১০
কোথায় স্বর্গ? কোথায় নরক? কে বলে তা বহুদর?
মানুষেরই মাঝে স্বর্গ–নরক, মানুষেতেই সুরাসুর।
রিপুর তাড়নে যখনি মোদের বিবেক পায় গো লয়,
আত্মগ্লানির নরক অনলে তখনি পুড়িতে হয়।
প্রীতি ও প্রেমের পুণ্য বাঁধনে যবে মিলে পরস্পরে,
স্বর্গ আসিয়া দাঁড়ায় তখন আমাদেরই কুঁড়েঘরে।

*অথবা*, (খ) ভাব–সম্প্রসারণ করো :
জন্ম হোক যথা–তথা কর্ম হোক ভালো।

১১। (ক) সাম্প্রদায়িক সম্প্রীতি সম্পর্কে সচেতন পিতা ও তার সন্তানের মধ্যে সংলাপ রচনা করো। ১০

*অথবা*, (খ) 'আমার মা' শিরোনামে একটি ক্ষুদে গল্প রচনা করো।

১২। নিচের যেকোনো **একটি** বিষয় অবলম্বনে একটি প্রবন্ধ রচনা করো : ২০
(ক) তথ্যপ্রযুক্তি ও বাংলাদেশ;
(খ) নারী শিক্ষার গুরুত্ব;
(গ) অপসংস্কৃতি ও আমাদের যুবসমাজ;
(ঘ) পরিবেশ দূষণ ও তার প্রতিকার;
(ঙ) পরমতসহিষ্ণুতা।

## ০৯ নটর ডেম কলেজ, ঢাকা

### বাংলা দ্বিতীয় পত্র

**সময় : ৩ ঘণ্টা; পূর্ণমান : ১০০**

**ক–বিভাগ (ব্যাকরণ)–৩০**

১। (ক) বাংলা 'অ' ধ্বনি উচ্চারণের পাঁচটি নিয়ম লেখো। ৫

*অথবা*, (খ) যেকোনো পাঁচটি শব্দের উচ্চারণ লেখো।
গঠিত, ধৈর্য, মৌন, লক্ষণ, ব্রত, কিংবদন্তি, বিজ্ঞপ্তি, আহ্বান।

PANJERI PUBLICATIONS

২। (ক) ণ-ত্ব বিধান কাকে বলে? ণ-ত্ব বিধানের পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখো। ৫

*অথবা*, (খ) যেকোনো পাঁচটি শব্দের শুদ্ধ বানান লেখো :
মুমর্ষ, উচ্ছাস, সন্যাসী, ইতিমধ্যে, শিরচ্ছেদ, বয়জেষ্ঠ্য, মুহর্মুহ, আইনজীবী।

৩। (ক) বাংলা ভাষায় ব্যাকরণিক শব্দশ্রেণিকে কয়টি ভাগে ভাগ করা হয়েছে? উদাহরণসহ আলোচনা করো। ৫

*অথবা*, (খ) নিম্নরেখ যেকোনো পাঁচটি শব্দের ব্যাকরণিক শ্রেণি নির্দেশ করো :

i) এতো বৃষ্টি হলো, তবু গরম গেল না।
ii) গরিবকে সাহায্য করা উচিত।
iii) ওরা পরস্পর বন্ধু।
iv) নিপুণ দক্ষতায় কাজটি শেষ হলো।
v) হে বন্ধু বিদায়।
vi) টিপ টিপ বৃষ্টি পড়ছে।
vii) দুঃখ বিনা সুখ লাভ হয় কি মহীতে?
viii) প্রাণের অপেক্ষা প্রিয় আর কী আছে?

৪। (ক) 'উপসর্গের অর্থবাচকতা নেই কিন্তু অর্থদ্যোতকতা আছে'– আলোচনা করো। ৫

*অথবা*, ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় করো (যেকোনো পাঁচটি) :
পিতৃদেব, দুঃশাসন, রাজহংস, তিমিরকুন্তলা, আজকাল, চৌরাস্তা, উপজেলা, বাকবিতণ্ডা।

৫। (ক) বাক্য কাকে বলে? একটি সাথক বাক্যের গুণ বা বৈশিষ্ট্যগুলো উদাহরণসহ লেখো।

*অথবা*, (খ) নির্দেশ অনুসারে যেকোনো পাঁচটি বাক্যান্তর করো :

i) ধনহীন ব্যক্তি সমাজে উপেক্ষিত। (জটিল)
ii) তিনি ভরসা দিলেও আমার সাহস হলো না। (যৌগিক)
iii) লোকটি দরিদ্র কিন্তু সৎ। (সরল)
iv) স্বাধীনতা কে না কামনা করে? (অস্তিবাচক)
v) খুবই বিপদে পড়িলাম। (বিস্ময়সচক)
vi) হেম তার অর্থ বুঝল না। (অস্তিবাচক)
vii) আমি পরীক্ষা দিতে চেয়েছি। (নেতিবাচক)
viii) তিনি আর নেই। (যৌগিক)

৬। (ক) যেকোনো পাঁচটি বাক্য শুদ্ধ করে লেখো : ৫

i) সমৃদ্ধশালী বাংলাদেশ আমাদের কাম্য।
ii) সৎ চরিত্রবান লোক সকলের প্রিয়।
iii) সে বড়ো অপমান হয়েছে।
iv) হাটে কলস ভাঙা।
v) অশ্রুজলে বুক ভেসে গেল।
vi) সকল ছাত্রগণ পাঠে মনোযোগী নয়।
vii) খাঁটি সরিষার তেল
viii) সময় বড়ো সংক্ষেপ।

*অথবা*, (খ) অনুচ্ছেদের অপপ্রয়োগগুলো শুদ্ধ করো :
দারিদ্র্যতা আজ আর আমাদের প্রধান সমস্যা নয়। আমাদের দেশ এখন সমৃদ্ধশালী। কেবলমাত্র দুর্নীতিই আমাদের পেছনে টানে। এ থেকে মুক্তির পাশাপাশি জাতীয় জীবনের সর্বক্ষেত্রে কৃচ্ছ্রতা প্রয়োজন। প্রয়োজন দলমত-নির্বিশেষ সখ্যতাও।

**খ–বিভাগ (নির্মিতি)–৭০**

৭। যেকোনো **দশটি** শব্দের বাংলা পারিভাষিক রূপ লেখো : ১০
Embargo, Zone, Year-book, Leap-year, X-Ray, Abbreviation, Global, Green-room, Manifesto, Subsidy, Book-post, Index, Hostage, Manuscript, Edition.

*অথবা*, (খ) অনুচ্ছেদটি বাংলায় অনুবাদ করো :
Trees are our friends. It helps us in many ways. It lets us live. It provides us with shadow, foods, fuel, medicine and oxygen. It adds beauty to our environment. Trees are our valuable assets, so the government has exphasized on planting trees.

৮। (ক) তোমার কলেজে বাংলা নববর্ষ উদ্‌যাপনের উপর একটি দিনলিপি লেখো। ১০

*অথবা*, (খ) 'মহান স্বাধীনতা দিবসের গুরুত্ব ও তাৎপর্য' শীর্ষক আলোচনা সভায় উপস্থাপনের জন্য প্রধান অতিথির একটি ভাষণ প্রস্তুত করো।

৯। (ক) জরুরি রক্তের প্রয়োজনের কথা জানিয়ে তোমার বন্ধুর নিকট একটি ই-মেইল লেখো। ১০

*অথবা*, (খ) হোস্টেল জীবনের অভিজ্ঞতার বর্ণনা করে বাবার কাছে চিঠি লেখো।

১০। (ক) সারমর্ম লেখো : ১০

পরের কারণে স্বার্থ দিয়া বলি
এ জীবন মন সকলি দাও,
তার মতো সুখ কোথাও কি আছে?
আপনার কথা ভুলিয়া যাও।
পরের কারণে মরণেও সুখ,
'সুখ-সুখ' করি কেঁদো না আর;
যতই কাঁদিবে যতই ভাবিবে,
ততই বাড়িবে হৃদয় ভার।
আপনারে লয়ে বিব্রত রহিতে
আসে নাই কেহ অবনী পরে
সকলের তরে সকলে আমরা
প্রত্যেকে আমরা পরের তরে।

*অথবা*, (খ) ভাব-সম্প্রসারণ করো :
দুর্জন বিদ্বান হলেও পরিত্যাজ্য।

১১। (ক) 'শিক্ষাঙ্গনে সন্ত্রাস নয়' বিষয়ে দুই বন্ধুর সংলাপ রচনা করো। ১০

*অথবা*, (খ) 'প্রত্যুপকার' শিরোনামে একটি খুদে গল্প লেখো।

১২। যেকোনো **একটি** বিষয়ে প্রবন্ধ লেখো: ২০
(ক) শিষ্টাচার
(খ) মুক্তিযুদ্ধের চেতনা ও আমাদের সংস্কৃতি
(গ) ইন্টারনেট আসক্তি : কারণ ও প্রতিকার
(ঘ) রোহিঙ্গা : সমস্যা ও সমাধান
(ঙ) বাংলাদেশের পর্যটন শিল্প

## ১০ ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজ

### বাংলা দ্বিতীয় পত্র

**সময় : ৩ ঘণ্টা; পূর্ণমান : ১০০**

**ক–বিভাগ (ব্যাকরণ)–৩০**

১। (ক) 'এ' ধ্বনি উচ্চারণের পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখো। ৫

*অথবা*, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের উচ্চারণ লেখো :
পদ্য, প্রজ্ঞা, রূপসী, গ্রীষ্ম, বৈশাখ, লক্ষণ, ঋষি, মর্যাদা।

২। (ক) বাংলা একাডেমি প্রণীত বাংলা বানানের পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখো। ৫

*অথবা*, (খ) নিচের যেকোনো পাঁচটি শব্দের শুদ্ধ বানান লেখো :
সমিচীন, আইনজীবি, বিদষি, বুদ্ধিজীবি, গীতাঞ্জলী, পোস্টমাস্টার, নুন্যতম, সুস্বাগত।

৩। (ক) উদাহরণসহ বিশেষণ পদের শ্রেণিবিভাগ আলোচনা করো।৫

*অথবা*, (খ) নিচের অনুচ্ছেদের যেকোনো পাঁচটি নিম্নরেখ শব্দের ব্যাকরণিক শ্রেণি নির্দেশ করো :

আমার তখন বয়স অল্প। মার হাতেই আমি মানুষ। মা গরিবের ঘরের মেয়ে; তাই আমরা যে ধনী এ কথা তিনিও ভোলেন না, আমাকেও ভুলিতে দেন না। শিশুকালে আমি কোলে কোলেই মানুষ–বোধ করি, সেইজন্য শেষ পর্যন্ত আমার পুরাপুরি বয়সই হইল না। আজও আমাকে দেখিলে মনে হইবে, আমি অন্নপূর্ণার কোলে গজাননের ছোটো ভাইটি।

৪। (ক) ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় করো : (যেকোনো পাঁচটি) ৫

মৃত্যুঞ্জয়ী, মতান্তর, বেতার, তেপান্তর, মৌমাছি, যথারীতি, পকেটমার, তপোবন।

*অথবা*, (খ) প্রত্যয়ের নামসহ প্রকৃতি–প্রত্যয় নির্ণয় করো : (যেকোনো পাঁচটি)

মোড়ক, নশ্বর, মেঠো, উক্তি, জয়, ঘাতক, ত্যাগ, পার্থিব।

৫। (ক) বাক্যের সংজ্ঞা দাও। অর্থ অনুসারে বাক্য কয় প্রকার ও কী কী? উদাহরণসহ আলোচনা করো। ৫

*অথবা*, (খ) বন্ধনীর নির্দেশ অনুসারে বাক্যান্তর করো (যেকোনো পাঁচটি) :

i) জলযোগের সময় আসিও। (জটিল)
ii) দশ মিনিট পর ট্রেন এল। (যৌগিক)
iii) খাইতে দাও, নইলে চুরি করিব। (সরল)
iv) দেশের সেবা করা উচিত। (অনুজ্ঞাবাচক)
v) সত্য কথা বলিনি, তাই বিপদে পড়েছি। (সরল)
vi) গ্রামবাংলার প্রকৃতির রূপ অতুলনীয়। (বিস্ময়সূচক)
vii) শম্ভুনাথ এ কথায় একেবারে যোগেই দিলেন না। (অস্তিবাচক)
viii) স্বল্পপ্রাণ, স্থূলবুদ্ধি ও জবরদস্তিপ্রিয় মানুষে সংসার পরিপূর্ণ। (নেতিবাচক)

৬। (ক) নিচের যেকোনো পাঁচটি বাক্য শুদ্ধ করে লেখো : ৫

i) পূর্বদিকে সূর্য উদয় হয়।
ii) তিনি স্ব–স্ত্রীক বেড়াতে গেছেন।
iii) অন্নভাবে প্রতি ঘরে ঘরে হাহাকার।
iv) মাদকাসক্তি ভালো নয়।
v) দশচক্র ঈশ্বর ভূত।
vi) সাবধান পূর্বক চলবে।
vii) পরীক্ষা চলাকালীন সময়ে হন বাজানো নিষেধ।
viii) বাংলাদেশ একটি উন্নতশীল রাষ্ট্র।

*অথবা*, (খ) নিচের অনুচ্ছেদের অপপ্রয়োগগুলো শুদ্ধ করো :

দারিদ্রতা আজ আর বাংলাদেশের প্রধান সমস্যা নয়। আমাদের দেশ এখন সমৃদ্ধশালী। কেবলমাত্র দুর্নীতিই আমাদের পেছনে টানে। এ থেকে মুক্তির পাশাপাশি জাতীয় জীবনের সর্বক্ষেত্রে সচ্ছতা সাধন প্রয়োজন। প্রয়োজন দলমত নির্বিশেষে সক্ষতা অর্জন করা।

**খ–বিভাগ (নির্মিতি)–৭০**

৭। যেকোনো **দশটি** শব্দের পারিভাষিক রূপ লেখো : ১০

Bio-data, Calendar, Democracy, Editor, File, Galxy, Headline, Irrigation, Judge, Leap-year, Marketing, Nationality, Oath, Para, Ballot.

*অথবা*, (খ) বাংলায় অনুবাদ করো :

Man is the architect of his own life. If he makes a proper division of his time and dose his duties accordingly, he is sure to prosper in life. But if he does otherwise, he is sure to repent when it is too late and he will have to drag a miserable existence from day to day.

৮। (ক) বাংলা নববর্ষ দিবসের একটি দিনলিপি রচনা করো। ১০

*অথবা*, (খ) নিত্যপ্রয়োজনীয় দ্রব্যমল্যের ঊর্ধ্বগতির কারণ এবং এর প্রতিকার সম্পর্কে একটি সংবাদ প্রতিবেদন রচনা করো।

৯। (ক) মা দিবসে মাকে শুভেচ্ছা জানিয়ে একটি খুদে বার্তা রচনা করো। ১০

*অথবা*, (খ) তোমার কলেজে নজরুল জয়ন্তী উদ্‌যাপন উপলক্ষ্যে একটি আমন্ত্রণপত্র রচনা করো।

১০। (ক) সারমর্ম লেখো : ১০

সবারে বাসিব ভালো, করিব না আত্মপর ভেদ
সংসার পড়িব এক নতুন সমাজ।
মানুষের সাথে কভু মানুষের রবে না বিচ্ছেদ–
সর্বত্র মৈত্রীর ভাব করিবে বিরাজ।
দেশে দেশে যুগে যুগে কত যুদ্ধ কত না সংঘাত
মানুষে মানুষে হলো কত হানাহানি।
এবার মোদের পুণ্য সমুদিবে প্রেমের প্রভাত
সোল্লাসে গাহিবে সবে সৌহার্দ্যের বাণী।

*অথবা*, (খ) ভাব–সম্প্রসারণ করো :

দুর্নীতি জাতীয় জীবনে অভিশাপস্বরূপ।

১১। (ক) মনে করো, তুমি নিশাত এবং তোমার বন্ধু তপন; দুজনই এইচএসসি পরীক্ষার্থী। এইচএসসি পাশের পর বিশ্ববিদ্যালয়ে ভর্তি এবং ভবিষ্যৎ লক্ষ্য নিয়ে তুমি ও তোমার বন্ধুর মধ্যে সংলাপ তৈরি করো। ১০

*অথবা*, (খ) প্রদত্ত সংকেত অনুসরণ 'মানুষ মানুষের জন্য' শিরোনামে একটি খুদে গল্প রচনা করো :

রিনার বয়স চৌদ্দ বছর। সে নবীনগর গার্মেন্টসে কাজ করে। আজ তা বাসায় ফিরতে অনেক রাত হয়ে গেছে। বাসে কেউ নেই। সে একা। তার খুব ভয় লাগছে। ...

১২। নিচের যেকোনো **একটি** বিষয় অবলম্বনে প্রবন্ধ রচনা করো : ২০

(ক) জাতীয় জীবনে মুক্তিযুদ্ধের চেতনা;
(খ) আধুনিক তথ্যপ্রযুক্তি ও বাংলাদেশ;
(গ) দেশগঠনে ছাত্রসমাজের ভূমিকা;
(ঘ) বাংলাদেশের পোশাক শিল্প;
(ঙ) বাঙালি সংস্কৃতি।

## ১১ ঢাকা কলেজ

### বাংলা দ্বিতীয় পত্র

**সময় :** ৩ ঘণ্টা; পূর্ণমান : ১০০

**ক–বিভাগ (ব্যাকরণ)–৩০**

১। (ক) 'এ' ধ্বনি উচ্চারণের পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখো। ৫

*অথবা*, (খ) যেকোনো পাঁচটি শব্দের উচ্চারণ লেখো :

চর্যাপদ, মর্যাদা, প্রায়শ্চিত্ত, আবৃত্তি, পদ্ম, আহ্বান, অধ্যক্ষ, ভর্ৎসনা।

২। (ক) ণ–ত্ব বিধি কী? উদাহরণসহ ণ–ত্ব বিধির পাঁচটি নিয়ম লেখো। ৫

*অথবা*, (খ) যেকোনো পাঁচটি শব্দের বানান শুদ্ধ করে লেখো :

স্বত্ত্বা, শান্তনা, অপরাহ্ন, মুহূর্ত, ঐক্যমত, নন্যতম, বাল্মিকী, শুশ্রষা

৩। (ক) যোজক কাকে বলে? যোজক কত প্রকার ও কী কী? উদাহরণসহ লেখো। ৫

*অথবা*, (খ) নিম্নরেখ যেকোনো পাঁচটি শব্দের ব্যাকরণিক শ্রেণি নির্দেশ করো:

i) পয়লা বৈশাখ বাঙালির উৎসবের দিন।
ii) অনেকেই ভাতের বদলে রুটি খায়।
iii) বুঝিলাম মেয়েটির রূপ বড়ো আশ্চর্য।
iv) বিপদ কখনও একা আসে না।
v) আজ বাংলাদেশ বনাম ভারতের খেলা।
vi) অধিক ভোজন অনুচিত।
vii) আমরা ভয়ে ভয়ে পাহাড়ে উঠেছি।
viii) অপরে পারলে তুমি কেন পারবে না।

৪। (ক) যেকোনো পাঁচটি শব্দের প্রত্যয়ের নামসহ প্রকৃতি ও প্রত্যয় নির্ণয় করো : ৫

ধার্মিক, সৌন্দর্য, পানীয়, খেকো, জেলে, মেঠো, ডাকাত, করণীয়।

*অথবা*, (খ) ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় করো : (যেকোনো পাঁচটি)

অহিনকুল, আশীবিষ, সপ্তর্ষি, আয়কর, চিরসুখী, রাজপথ, কালান্তর, নীলপদ্ম।

৫। (ক) বাক্য কী? সার্থক বাক্যের বৈশিষ্ট্যসমূহ উদাহরণসহ আলোচনা করো। ৫

*অথবা*, (খ) বন্ধনীয় নির্দেশ অনুসারে যেকোনো পাঁচটি বাক্যের রূপান্তর করো:

i) উদারতা কৃপণদের ধর্ম নয়। (অস্তিবাচক)
ii) বান্দরবানের প্রাকৃতিক দৃশ্য খুবই চমৎকার। (বিস্ময়বোধক)
iii) যাদের বুদ্ধি নেই, তারাই একথা বিশ্বাস করবে। (সরল)
iv) পড়াশুনা কর নচেৎ ভবিষ্যৎ অন্ধকার। (জটিল)
v) যদিও সে অশিক্ষিত, তবুও সে দেশপ্রেমিক। (যৌগিক)
vi) আইন মেনে চলা কর্তব্য। (অনুজ্ঞাসচক)
vii) মাতৃভূমিকে সকলেই ভালোবাসে। (নেতিবাচক)
viii) তোমার দীর্ঘজীবন কামনা করছি। (প্রার্থনাসচক)

৬। (ক) যেকোনো পাঁচটি বাক্যের অপপ্রয়োগ শুদ্ধ করে লেখো: ৫

i) নিরোগী লোক আসলে সুখী।
ii) কীর্তিবাস বাংলা রামায়ন লিখেছেন।
iii) সম্প্রতি কয়েকটি নদীতে নাব্যতা সংকট দেখা দিয়েছে।
iv) তিনি স্বপরিবারে কুস্টিয়া বেড়াতে গেলেন।
v) স্বজনেরা মরাদাহ করতে শ্মশানে গেছেন।
vi) এটা একটা লজ্জাস্কর ব্যাপার।
vii) আমৃত্যু পর্যন্ত দেশের সেবা করে যাব।

*অথবা*, (খ) অনুচ্ছেদে বিদ্যমান অপপ্রয়োগগুলো শুদ্ধ করো :

ইদানিংকালে ইংরেজি ধাঁচে বাংলা বলার অপচেষ্টা দেখা যাচ্ছে। বিশ্বে বাংলা ভাষাভাষীর সংখ্যা প্রায় পঁচিশ কোটি। শুধুমাত্র গায়ের জোরে কাজ হয় না। পরীক্ষা চলাকালীন সময়ে শিক্ষার্থীরা অনেক বেশি অমনোযোগী থাকে বলে বানান ভুল করে। সরকারি পর্যায়ে সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে সর্বস্তরে বাংলা ভাষা চালু করতে হবে।

**খ–বিভাগ (নির্মিতি)–৭০**

৭। যেকোনো **দশটি** শব্দের পারিভাষিক রূপ লেখো : ১০

Sabotage, Allegation, White-paper, Manuscript, Debate, Green-room, Banquet, Racism, Invoice, Copyright, Legend, Embargo, Diplomatic, myth, Hostage.

*অথবা*, (খ) নিচের অনুচ্ছেদটি বাংলায় অনুবাদ করো :

Illiteracy is a great problem of our country. No development efforts can succeed unless illteracy is eradicated. Eradication of illiteracy in a country like Bangladesh with so vast population is undoubtedly a gigantic task. No individual community, organisation, not even the government is capable of solving this huge problem single handed. It is the social responsibility of all the literate people to make some concerted efforts to remove illiteracy from the country.

৮। (ক) 'বাংলা নববর্ষ উদ্‌যাপন' বিষয়ে একটি দিনলিপি রচনা করো। ১০

*অথবা*, (খ) 'খাদ্যে ভেজাল ও তার প্রতিকার' সম্পর্কে পত্রিকায় প্রকাশের জন্য একটি প্রতিবেদন রচনা করো।

৯। (ক) ইন্টারনেট ব্যবহারের সুফল ও কুফল সম্পর্কে জানিয়ে ছোটো ভাইকে একটি ই–মেইল প্রেরণ করো। ১০

*অথবা*, (খ) কোনো বাণিজ্যিক প্রতিষ্ঠানে 'বিপণন কর্মকর্তা' পদে নিয়োগ লাভের উদ্দেশ্যে আবেদনপত্র রচনা করো।

১০। (ক) ভাব–সম্প্রসারণ করো : ১০

সুশিক্ষিত লোক মাত্রই স্বশিক্ষিত।

*অথবা*, (খ) সারাংশ লেখো :

স্বাধীন হওয়ার জন্য যেমন সাধনার প্রয়োজন, তেমনি স্বাধীনতা রক্ষার জন্যও প্রয়োজন সত্যনিষ্ঠা ও ন্যায়পরায়ণতা। সত্যের প্রতি শ্রদ্ধাবোধহীন জাতি যতই চেষ্টা করুক তাদের আবেদন–নিবেদনে ফল হবে না। যে জাতির অধিকাংশ ব্যক্তি মিথ্যাচারী, সেখানে দু'চারজন সত্যনিষ্ঠকে বহু বিড়ম্বনা সহ্য করতে হয়, দুর্ভোগ পোহাতে হয়। কিন্তু মানুষকে জাতি হিসেবে মাথা তুলে দাঁড়াতে হলে তাকে সেই কষ্ট সহ্য না করে উপায় নেই।

১১। (ক) সাম্প্রতিক 'জঙ্গিবাদ' সমস্যা প্রসঙ্গে শিক্ষার্থী ও শিক্ষকের সংলাপ রচনা করো। ১০

*অথবা*, (খ) নিম্নের শিরোনাম অবলম্বনে খুদে গল্প লেখো :

'অসৎ সঙ্গে সর্বনাশ'

১২। নিচের যেকোনো **একটি** বিষয় অবলম্বনে প্রবন্ধ রচনা করো : ২০

(ক) মুক্তিযুদ্ধের চেতনা এবং আমাদের করণীয়
(খ) তথ্যপ্রযুক্তি ও বাংলাদেশ
(গ) বইপড়া
(ঘ) পরিবেশ দষণ : কারণ ও প্রতিকার।
(ঙ) বাংলাদেশের পোশাক শিল্প।

## ১২ হলিক্রস কলেজ, ঢাকা

### বাংলা দ্বিতীয় পত্র

**সময় : ৩ ঘণ্টা; পূর্ণমান : ১০০**

**ক–বিভাগ (ব্যাকরণ)–৩০**

১। (ক) ম–ফলা ও য–ফলা উচ্চারণের পাঁচটি উদাহরণসহ লেখো:৫

*অথবা*, (খ) নিম্নোক্ত পাঁচটি শব্দের প্রমিত উচ্চারণ নির্দেশ করো :

গ্রন্থ–সাহেব, অস্ফুট, জ্ঞানোন্নতি, বিশ্বব্যাপী, ষান্মাসিক, যথাক্রমে, দ্রষ্টব্য, হতো

NAGARUN PUBLICATION

২। (ক) বাংলা একাডেমি প্রমিত বাংলা বানানের পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখো ৫

*অথবা*, (খ) শুদ্ধ বানান লেখো : (যেকোনো পাঁচটি) :
দ্যুতক্রিড়া, অন্তসত্তা, আকাংখ্যা, ভ্রার্তৃপুত্র, প্রাতঃরাস, শিরোচ্ছেদ, নুন্যতম, ইতিমধ্যে।

৩। (ক) যোজক কাকে বলে? যোজক কত প্রকার ও কী কী? ৫

*অথবা*, (খ) নিম্নরেখ শব্দগুলোর ব্যাকরণিক শব্দশ্রেণি নির্দেশ করো:
ভুলের মধ্য দিয়ে গিয়েই তবে সত্যকে পাওয়া যায়। কোনো ভুল করেছি বুঝতে পারলেই আমি প্রাণ খুলে তা স্বীকার করে নেব। কিন্তু না বুঝেও নয়, ভয়েও নয়। ভুল করছি বা করেছি বুঝেও শুধু জেদের খাতিরে বা গোঁ বজায় রাখবার জন্য ভুলটাকে ধরে থাকবো না। তাহলে আমার আগুন সেদিনই নিভে যাবে। একমাত্র মিথ্যার জলই এ শিখাকে নিভাতে পারবে। তাছাড়া কেউ নিভাতে পারবে না।

৪। (ক) ব্যাসবাক্যসহ ৫টি সমাস নির্ণয় করো : ৫
প্রতিমর্তি, বউবরণ, প্রিয়ংবদা, চুরিচামারি, সবিনয়, শোভাযাত্রা, প্রমাণ, মৎস্যাধার।

*অথবা*, (খ) প্রত্যয়ের নামসহ প্রকৃতি ও প্রত্যয় নির্ণয় করো :
হারামখোর, আলস্য, স্মর্তব্য, পাঁচক, গৌরব, প্রসতি, সম্রাট, দর্শনীয়।

৫। (ক) একটি সার্থক বাক্যের কী কী গুণ থাকা আবশ্যক? উদাহরণসহ আলোচনা করো। ৫

*অথবা*, (খ) নির্দেশ অনুসারে বাক্য রূপান্তর করো :
i) তামাকটুকু পর্যন্ত খাই না। (অস্তিবাচক)
ii) ভালো মানুষেরা থাক। (জটিল)
iii) পিওনকে জড়িয়ে ধরে চুমু খেতে ইচ্ছে করছে। (যৌগিক)
iv) আমি তখন উপস্থিত ছিলাম না। (অস্তিবাচক)
v) যদি এই পথেই মৃত্যু এসে থাকে, তবে তাই হবে। (সরল)
vi) এদের একমাত্র দেবতা অহংকার। (জটিল)
vii) তোমার ছেলে আছে? (নির্দেশাত্মক)
viii) এটি ভারী লজ্জার কথা। (বিস্ময়সচক)

৬। (ক) নিম্নোক্ত বাক্যগুলোর ভুল শুদ্ধ করো : ৫
i) বিচারের বানি নিরবে নিভৃতে কাঁদে।
ii) আবরার হত্যাকান্ড এ কালের নৃশংস ও বর্বরচিত হত্যাকান্ড।
iii) দশ চক্রে ঈশ্বর তত।
iv) ধান তার বসুন্ধরা যার।
v) দু'ফোটা অশ্রুজল, কালের কপোলতলে শুভ্র সমুজ্জ্বল।
vi) কোরবানির জন্য বিরাট গরু ছাগলের হাট বসেছে।
vii) আজ প্রবল ঝড়ো বাতাসের সম্ভাবনা রয়েছে।
viii) বর্তমানে একাদশ, দ্বাদশ ও আলিম শ্রেণিতে ব্যবহারিক ব্যাকরণ ও নিমিত্ত পড়ানো হয়।

*অথবা*, (খ) নিম্নোক্ত অনুচ্ছেদের ভুলগুলো শুদ্ধ করো :
ধর্মসহিষ্ণু না হলে সাম্প্রদায়িক দাঙ্গার সম্ভাবনা থাকিয়াই যাইবে। আল্লাহ আমাদের সৃষ্টি করিয়াছেন সহনশীলতা, পরামতসহিষ্ণুতা এইসব গুণাবলী দিয়াই। ধর্মের মানে যদি জনকল্যাণ না হয় তাহলে এমন ধর্মের দরকার কি? মানুষকে যদি মানুষই ঠাহর করতে না পারিলাম, তাহলে আমি কেমন মানুষ?

**খ–বিভাগ (নির্মিতি)–৭০**

৭। যেকোনো **দশটি** শব্দের বাংলা পারিভাষিক রূপ লেখো : ১০
Bureaucracy, Memorandum, Oath, Biography, Blue-print, Manifesto, Payee, Analysis, Galaxy, Campus, Dynamic, Terminology, Leap Year, Zone, Farce

*অথবা*, (খ) বাংলায় অনুবাদ করো :
১২। যেকোনো **একটি** বিষয় অবলম্বনে প্রবন্ধ লেখো: ২০
(ক) বই পড়ার আনন্দ
(খ) তথ্যপ্রযুক্তি ও উন্নয়নের অগ্রযাত্রায় বাংলাদেশ
(গ) বাংলাদেশের পোশাক শিল্প : সমস্যা ও সমাধান
(ঘ) জাতীয় জীবনে দেশপ্রেমের গুরুত্ব
(ঙ) জাতিগঠনে ছাত্রসমাজের ভূমিকা।

## ৩৫ ইস্পাহানী পাবলিক স্কুল ও কলেজ, কুমিল্লা সেনানিবাস

### বাংলা দ্বিতীয় পত্র

**সময় : ৩ ঘণ্টা; পূর্ণমান : ১০০**

**ক–বিভাগ (ব্যাকরণ)–৩০**

১। (ক) বাংলা ‘অ’ ধ্বনি সংবৃত উচ্চারণের যেকোনো পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখো। ৫

অথবা, (খ) যেকোনো পাঁচটি শব্দের শুদ্ধ উচ্চারণ লেখো :
অধ্যক্ষ, এক, প্রথম, চিহ্ন, শ্মশান, সন্ন্যাসী, সমুদ্র, গ্রীষ্ম।

২। (ক) বাংলা একাডেমি প্রণীত প্রমিত বাংলা বানানের যেকোনো পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখো। ৫

অথবা, (খ) যেকোনো পাঁচটি শব্দের বানান শুদ্ধ করে লেখো :
আশীষ, ভৌগলিক, কর্ণেল, দ্বন্ধ, আকাংখা, সৃষ্ট, পিপিলিকা, দুরাবস্থা।

৩। (ক) আবেগ শব্দ কাকে বলে? উদাহরণসহ আলোচনা করো। ৫

অথবা, (খ) নিম্নরেখ যেকোনো পাচটি শব্দের ব্যাকরণিক শব্দ শ্রেণি নির্দেশ করো।
i) কাজ ও সময়ের যোগফল জীবন।
ii) দেখ সোনালি আকাশ।
iii) ওগো, আজ তোরা যাসনে ঘরের বাহিরে।
iv) দুঃখ বিনা সুখ লাভ হয় কি মহীতে?
v) সুখ আর দুঃখ যেন মুদ্রার এ পিঠ ও পিঠ।
vi) আজ আমার বয়স সাতাশ।
vii) সুস্বাস্থ্যই সকল সুখের মূল।
viii) কথাটা ভালো করে শুনে নাও।

৪। (ক) ‘উপসর্গের অর্থবাচকতা নেই, কিন্তু অর্থদ্যোতকতা আছে’ – উদাহরণসহ ব্যাখ্যা করো। ৫

অথবা, (খ) ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখো (যেকোনো পাঁচটি)
শতাব্দী, দেশান্তর, ফুলকুমারী, বীণাপাণি, বিপ্তীক, যথাবিধি, আপাদমস্তক, অহি–নকুল।

৫। (ক) একটি সার্থক বাক্যের কয়টি গুণ ও কী কী? সংজ্ঞাসহ উদাহরণ দাও। ৫

অথবা, (খ) বন্ধনীর নির্দেশ অনুসারে বাক্যান্তর করো (যেকোনো পাঁচটি) :
i) জীবনের জন্য বৃক্ষের দিকে তাকানো প্রয়োজন। (অনুজ্ঞা)
ii) ছাত্রদের অধ্যয়নই তপস্যা। (জটিল)
iii) সত্য কথা না বলে বিপদে পড়েছে। (যৌগিক)
iv) যা বার্ধক্য, তাকে সব সময় বয়সের ফ্রেমে বাঁধা যায় না। (সরল)
v) চরিত্রহীন পশুর চেয়েও অধম। (জটিল)
vi) তিনি আর নেই। (যৌগিক)
vii) এতে দোষ নেই। (প্রশ্নবাচক)
viii) দৃশ্যটি বড়ই সুন্দর। (বিস্ময়সূচক)

৬। (ক) যেকোনো পাঁচটি বাক্যের অপপ্রয়োগ শুদ্ধ করে লেখো: ৫
i) পূর্ব দিকে সূর্য উদয় হয়।
ii) অশ্রুজলে বুক ভেসে গেল।
iii) আমার আর বাঁচিবার স্বাদ নেই।

iv) একের লাঠি দশের বোঝা।
v) দারিদ্র্যতাকে জয় করতে হলে পরিশ্রম করো।
vi) পরের কল্যাণ সাধনে জীবনের স্বার্থকতা।
vii) শহীদ মিনারে শ্রদ্ধাঞ্জলী অর্পণ করা হয়।
viii) সমলসহ বৃক্ষটি উৎপাটিত হয়েছে।

*অথবা*, (খ) অনুচ্ছেদের অপপ্রয়োগগুলো শুদ্ধ করো :

বিদ্বান মর্খ অপেক্ষা শ্রেষ্ঠতর। এ কথা প্রমাণ হয়েছে। জীবনে সার্থকতা লাভ করতে হইলে পাঠে মনোযোগি হইতে হবে। দরাবস্থা আকাগুক্ষার অন্তরায়। দৈন্যতা দর করতে আলস্যের বিকল্প নেই।

**খ–বিভাগ (নির্মিতি)–৭০**

৭। (ক) যেকোনো **দশটি** শব্দের পারিভাষিক রূপ লেখো : ১০

Affidavit, Autograph, Broadcast, Constitution, Encyclopedia, Follow-up, Good-will, Greenroom, Quack, Republic, Transparency, Dowry, Fiction, Handbill, Leap-yera

*অথবা*, (খ) নিচের অনুচ্ছেদটি বাংলায় অনুবাদ করো :

Punctuality is to be cultivated and formed into a habit. This quality boyhood. Boyhood is to be acquired through all our works from our is the seed time. The habit formed at this time will continue all through our life. Everything at right should be our motto.

৮। (ক) তোমার কলেজ থেকে শিক্ষাসফরে যাওয়ার অভিজ্ঞতা বর্ণনা করো। ১০

*অথবা*, (খ) 'তরুণ প্রজন্মের মধ্যে শুদ্ধাচার/নৈতিক শিক্ষাগ্রহণ ও পালন'– শীর্ষক একটি আলোচনা সভায় সভাপতির ভাষণ তৈরি করো।

৯। (ক) মুমূর্ষু রোগীর জন্য জরুরি রক্তের প্রয়োজনে বন্ধুকে একটি খুদে বার্তা লেখো। ১০

*অথবা*, (খ) কোনো বাণিজ্যিক প্রতিষ্ঠানে ব্যবস্থাপক পদে নিয়োগের জন্য একটি আবেদনপত্র লেখো।

১০। (ক) সারমর্ম লেখো : ১০

বিশ্বজোড়া পাঠশালা মোর সবার আমি ছাত্র
নানাভাবে নতুন জিনিস শিখছি দিবারাত্র,
এই পৃথিবীর বিরাট খাতায়
পাঠ্য যেসব পাতায় পাতায়।
শিখছি সেসব কৌতূহলে সন্দেহ নেই মাত্র।

*অথবা*, (খ) ভাব–সম্প্রসারণ করো :

পথ পথিকের সৃষ্টি করে না, পথিকই পথের সৃষ্টি করে।

১১। (ক) ডেঙ্গু প্রতিরোধে সচেতনতা তৈরিতে শিক্ষক ও শিক্ষার্থীর মধ্যে একটি সংলাপ রচনা করো। ১০

*অথবা*, (খ) গ্রীষ্মের ছুটিতে দাদুবাড়ি যায় অনিক। নদীতে ভাসমান নৌকা দেখে মুহূর্তে সে হারিয়ে যায় শৈশবের কোনো এক স্মৃতিতে ....

উপর্যুক্ত সংকেত অবলম্বনে একটি খুদেগল্প রচনা করো।

১২। যেকোনো **একটি** বিষয়ে প্রবন্ধ লেখো : ২০

(ক) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান
(খ) বাংলাদেশের উন্নয়নে তথ্যপ্রযুক্তি
(গ) দুর্নীতি জাতীয় জীবনের প্রধান অন্তরায়
(ঘ) শিষ্টাচার
(ঙ) দেশগঠনে নারী সমাজের ভূমিকা

## ৩৬ চট্টগ্রাম কলেজ

### বাংলা দ্বিতীয় পত্র

**সময় : ৩ ঘণ্টা; পূর্ণমান : ১০০**

**ক–বিভাগ (ব্যাকরণ)–৩০**

১। (ক) বাংলা উচ্চারণের যেকোনো পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখো। ৫

*অথবা*, (খ) নিচের যেকোনো পাঁচটি শব্দের শুদ্ধ উচ্চারণ লেখো :

বাগ্মী, প্রগতি, স্বাধিকার, খেলা, ঔষধ, রক্ষা, অপরাহ্ণ, দাহ্য।

২। (ক) তৎসম শব্দের বানানের যেকোনো পাঁচটি নিয়ম লেখো। ৫

*অথবা*, (খ) নিচের যেকোনো পাঁচটি শব্দের বানান শুদ্ধ করে লেখো :

পিপিলীকা, শান্তনা, প্রজ্জালন, সহকারী, স্বতস্ফূর্ত, পোষ্টমাস্টার, ভাতুষ্পুত্র, পৈত্রিক।

৩। (ক) ক্রিয়া বিশেষণ কাকে বলে? ক্রিয়া বিশ্লেষণের শেণি বিভাগ উদাহরণসহ আলোচনা করো। ৫

*অথবা*, (খ) নিচের অনুচ্ছেদ থেকে পাঁচটি শব্দের ব্যাকরণিক শ্রেণি নির্দেশ করো।

সে খুব মেধাবী শিক্ষার্থী। ওকে কিছু বলা ঠিক হবে না। তবে সে গরিবকে বেশ সাহায্য করে। তাই সে নির্ভয়ে সামনে এগিয়ে যাচ্ছে। তুমি বা তোমার বন্ধু যে কেউ তার কাছে এলে হবে।

৪। (ক) শব্দ গঠন বলতে কী বোঝ? কী কী উপায়ে বাংলাশব্দ গঠিত হয়? লেখো। ৫

*অথবা*, (খ) ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় করো : (যেকোনো পাঁচটি)

বীণাপাণি, গৃহস্থ, কবিগুরু, করকমল, গুরুশিষ্য, গ্রামান্তর, চৌকোনা, উদ্বেল।

৫। (ক) বাক্য কাকে বলে? একটি সার্থক বাক্য গঠনের শর্তগুলো কী কী? উদাহরণসহ আলোচনা করো। ৫

*অথবা*, (খ) বন্ধনীর নির্দেশ অনুসারে যেকোনো পাঁচটি বাক্যান্তর করো।

i) তাহার মেয়ের নাম ফাহমিদা। (জটিল)
ii) দেশের সেবা করা সকলের কর্তব্য। (অনুজ্ঞাবাচক)
iii) মানুষকে ঘৃণ্য করা বড়ো পাপ। (নেতিবাচক)
iv) তাহার নাম লিজা (প্রশ্নবাচক)
v) দৃশ্যটি বড়োই সুন্দর। (বিস্ময়সূচক)
vi) অনুগ্রহ করে সব খুলে বলুন। (যৌগিক)
vii) কথাটা তার বিশ্বাস হয় না। (অস্তিবাচক)
viii) যিনি এইমাত্র এলেন তিনি একজন অধ্যাপক। (সরল)

৬। (ক) যেকোনো পাঁচটি বাক্যের অপপ্রয়োগ শুদ্ধ করে লেখো। ৫

i) তিনি আরোগ্য হয়েছেন।
ii) সকল বন্যার্তদের ত্রাণসামগ্রী দেওয়া হয়েছে।
iii) রাঙ্গামাটি পার্বতীয় এলাকা।
iv) নিশ্চয় সংবাদ পেয়েছ কি?
v) সমৃদ্ধশালী বাংলাদেশ আমাদের একান্ত কাম্য।
vi) ওরা এক ঝাঁকের মাছ তো, তাই চালচলনও একরকম।
vii) অত্র কলেজের অধ্যক্ষ এখন বক্তব্য রাখবেন।
viii) এলাকায় যখন–তখন বিদ্যুৎ বিভ্রাট দেখা যাচ্ছে।

*অথবা*, (খ) নিচের অনুচ্ছেদের অপপ্রয়োগগুলো শুদ্ধ করে লেখো।

ইদানিংকালে তরুণ সমাজের কাছে ভদ্রতা ও সৌজন্যতা খুবই সেকেলে ব্যাপার। তারা হাই–হ্যালো করে নিজেদের দায়িত্ব শেষ করতে চায়। তারা মনে করেছে এরকমই আধুনিকতা। কিন্তু সকল তরুণদের মনে রাখা উচিত এক পৌষে শীত যায় না।

**খ–বিভাগ (নির্মিতি)–৭০**

৭। (ক) যেকোনো **দশটি** শব্দের পারিভাষিক রূপ লেখো : ১০

Academic year, Bond, Caption, Delegate, Edition, Feudal, Glossary, Honorary, Imperialism, Justice, Key Note, Liberalism, Measure, Notification, Pass-word.

*অথবা*, (খ) নিচের অনুচ্ছেদটি বাংলায় অনুবাদ করো :

The most common causes of deforestation are cuiting and burning, it has a negative effect on environment. The removal of trees causes the birds and other animals living on them to leave the place. It also causes serious damage to the soil, as trees give protection to soil as well. In the end, the soil gets sediment in the river bed and causes fiequent floods.

৮। (ক) তোমার কলেজ 'মুক্তমঞ্চে' অনুষ্ঠিত একটি মঞ্চনাটক উপভোগের অভিজ্ঞতা বর্ণনা করো। ১০

*অথবা*, (খ) 'কলেজ গ্রন্থাগার' সম্পর্কে একটি প্রতিবেদন রচনা করো।

৯। (ক) তোমার দেখা বাংলাদেশের যেকোনো একটি গ্রামের প্রাকৃতিক সৌন্দর্যের বর্ণনা দিয়ে প্রবাসীবন্ধুকে একটি ই-মেইল পাঠাও। ১০

*অথবা*, (খ) শিক্ষাসফরে যাবার অনুমতি ও আর্থিক সাহায্যের আবেদন জানিয়ে অধ্যক্ষের নিকট একটি আবেদনপত্র লেখো।

১০। (ক) সারমর্ম লেখো : ১০

জোটে যদি মোটে একটি পয়সা
খাদ্য কিনিও ক্ষুধার লাগি
দুটি যদি জোটে তবে অর্ধেকে
ফুল কিনে নিও, যে অনুরাগী,
বাজারে বিকায় ফল তন্দুল;
যে শুধু মিটায় দেহের ক্ষুধা
হৃদয় প্রাণের ক্ষুধা নাশে ফুল
দুনিয়ার মাঝে সেই তো সুধা।

*অথবা*, (খ) ভাব–সম্প্রসারণ করো :

"মিথ্যা শুনিনি ভাই,
এই হৃদয়ের চেয়ে বড়ো কোনো মন্দির কাবা নাই।"

১১। (ক) নারী শিক্ষার গুরুত্ব বিষয়ে বাবা ও মেয়ের মধ্যে সংলাপ রচনা করো। ১০

*অথবা*, (খ) প্রদত্ত উদ্দীপক অনুসারে একটি খুদেগল্প রচনা করো।

লোকটা ভীষণ কাতরাচ্ছে। একটু পর পর উহ্ আহ্ 'পেট ব্যথায় মরে গেলামরে' বলে চিৎকার করছে ....।

১২। যেকোনো **একটি** বিষয় অবলম্বনে প্রবন্ধ লেখো : ২০

(ক) শিষ্টাচার;
(খ) দুর্নীতি : উন্নয়নের অন্তরায়;
(গ) মুক্তিযুদ্ধের চেতনা ও বাংলাদেশ;
(ঘ) জলবায়ু পরিবর্তন ও বাংলাদেশে এর প্রভাব;
(ঙ) আধুনিক সভ্যতা ও প্রযুক্তির ব্যবহার।

## ৩৭ সরকারি সিটি কলেজ, চট্টগ্রাম

### বাংলা দ্বিতীয় পত্র

**সময় : ৩ ঘণ্টা; পূর্ণমান : ১০০**

**ক–বিভাগ (ব্যাকরণ)–৩০**

১। (ক) 'এ' ধ্বনি উচ্চারণের পাঁচটি নিয়ম লেখো। ৫

*অথবা*, (খ) নিচের যেকোনো পাঁচটি শব্দের প্রমিত উচ্চারণ লেখো :

অত্যাবশ্যক, ঐক্য, সৃজনশীল, শ্মশান, দক্ষ, দিগ্বিজয়, নাগরিক, রাষ্ট্রপতি।

২। (ক) বাংলা একাডেমি প্রণীত বাংলা বানানের নিয়ম অনুযায়ী অ-তৎসম শব্দের বানানের পাঁচটি নিয়ম লেখো। ৫

*অথবা*, (খ) যেকোনো পাঁচটি শব্দের বানান শুদ্ধ করে লেখো :

অপরাহ্ন, ইতোমধ্যে, সমিচিন, দৈন্যতা, স্বরস্বতী, স্টেশন, লণ্ঠন, মুহূর্ত।

৩। (ক) বিশেষ্য পদ কাকে বলে? উদাহরণসহ বিশেষ্য পদের শ্রেণিবিভাগ আলোচনা করো। ৫

*অথবা*, (খ) নিম্নরেখ যেকোনো পাঁচটি শব্দের ব্যাকরণিক শব্দ শ্রেণি নির্দেশ করো :

i) সিক্ত <u>নীলাম্বরী</u> নীল,
ii) <u>পুলসিকত</u> সচ্ছলতা
iii) চলো <u>কোথাও</u> বেড়াতে যাই।
iv) আজ <u>নয়</u> কাল সে আসবেই।
v) <u>বাহ্</u>! তারা দারুণ খেলছে।
vi) নীল, হলুদ, বেগুনী <u>অথবা</u> সাদা।
vii) দুঃখ <u>বিনা</u> সুখ লাভ হয় কি মহীতে?
viii) <u>পয়লা</u> <u>বৈশাখ</u> বাঙালির উৎসবের দিন।

৪। (ক) শব্দ গঠন বলতে কী বোঝ? কী কী উপায়ে শব্দ গঠিত হয়? উদাহরণসহ লেখো। ৫

*অথবা*, (খ) ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় করো। (যেকোনো পাঁচটি)

অহিনকুল; পঞ্চবটি; ঘিভাত; উপজেলানীলকণ্ঠ; বিণাপাণি; অনাচার; প্রতিদিন।

৫। (ক) বাক্য কাকে বলে? একটি সার্থক বাক্যের কী কী গুণ থাকা আবশ্যক? উদাহরণসহ লেখো। ৫

*অথবা*, (খ) বাক্যান্তর করো : (যেকোনো পাঁচটি)

i) দুর্জন পরিত্যাজ। (জটিল)
ii) যে বইটি আমি কিনেছি সেটি খুব দামি। (সরল)
iii) ভাষায় অক্ষরের ভূমিকা মুখ্য নয়। (অস্তিবাচক)
iv) মানুষ মরণশীল। (নেতিবাচক)
v) তাদের গ্রামে ফিরে আসা চলে না। (প্রশ্নবাচক)
vi) দেশের সেবা করা উচিত। (অনুজ্ঞা)
vii) যারা ধার্মিক, তারা সুখী। (সরল)
viii) তিনি ধনী হলেও অত দাতা নন। (সরল)

৬। (ক) নিচের যেকোনো পাঁচটি বাক্যের অপপ্রয়োগ শুদ্ধ করে লেখো : ৫

i) তার সাগুঘাতিক আনন্দ হলো
ii) সভায় অনেক ছাত্রবৃন্দ এসেছে।
iii) সর্য উদয় হয়েছে।
iv) সামান্য বিদ্যা ভয়ংকরী।
v) রাঙামাটি পার্বতীয় এলাকা।
vi) তার টাকার আবশ্যক নেই।
vii) বিধি লগ্ঘন হয়েছে।
viii) আশঙ্কিত চিত্তে সে বলিলো।

*অথবা*, (খ) নিচের অনুচ্ছেদের অপপ্রয়োগগুলো শুদ্ধ করে লেখো :

বিদ্বান জনেরা সাধারণত সংস্কৃতিপ্রিয়। সৌহার্দতা আমাদের বাঙালি সংস্কৃতির প্রাণ। কিন্তু দিন দিন তা ম্লান হওয়ায় আমরা সশঙ্কিত। তবুও নিরাশায় ডুবে থাকলে চলবে না। এক্ষেত্রে যেকোনো শুভ উদযোগকে জানাই সু-স্বাগতম।

**খ–বিভাগ (নির্মিতি)–৭০**

৭। নিচের যেকোনো **দশটি** শব্দের পারিভাষিক রূপ লেখো : ১০

Autonomous, Bulletion, Coldwar, Diplomitic, Kindergarten, Landscape, Endorsement, Ordinance, Worship, Preix, Undertaking, Evaluation, Iegend, Jdealisam Non-aligned, ordinance.

*অথবা*, (খ) নিচের অনুচ্ছেদটি বাংলায় অনুবাদ করো :

Family is the first shcool, where the child learns his lessons; The first lessons are very essertial for developing his mind. He sees, hears and begins to learn in his family. Family Builds his character. In a good family honest and healthy mean are made.

৮। (ক) একটি দর্শনীয় স্থান ভ্রমণের অভিজ্ঞতা বর্ণনা করো। ১০

*অথবা*, (খ) সড়ক দুর্ঘটনার ওপর একটি প্রতিবেদন রচনা করো।

৯। (ক) মোবাইল ফোনের অপব্যবহারের ক্ষতি উল্লেখ করে বন্ধুকে একটি ই–মেইল প্রেরণ করো। ১০

*অথবা*, (খ) তোমার এলাকায় এডিস মশার উপদ্রব নিরসনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিটি কর্পোরেশনের মেয়রের নিকট একটি দরখাস্ত লেখো।

১০। (ক) সারমর্ম লেখো : ১০

অদ্ভুত আঁধার এক এসেছে এ পৃথিবীতে আজ, যারা অন্ধ সবচেয়ে বেশি আজ চোখে দেখে তারা; যাদের হৃদয়ে প্রেম নেই, প্রীতি নেই; করুণার আলোড়ন নেই। পৃথিবীর অচল আজ তাদের সুপরামর্শ ছাড়া, যাদের গভীর আস্থা আছে মানুষের প্রতি। এখনো যাদের কাছে স্বাভাবিক মনে হয় মহৎ সত্য বা রীতি কিংবা শিল্প অথবা সাধনা শকুন ও শেয়ালের খাদ্য আজ তাদের হৃদয়।

*অথবা*, (খ) ভাব–সম্প্রসারণ করো :

সুশিক্ষিত লোকমাত্রই স্ব–শিক্ষিত।

১১। (ক) বই পড়ার প্রয়োজনীয়তা সম্পর্কে দুই বন্ধুর কথোপকথন লেখো ১০

*অথবা*, (খ) 'মানুষ মানুষের জন্য' শিরোনামে একটি ক্ষুদেগল্প লেখো।

১২। যেকোনো **একটি** বিষয়ে প্রবন্ধ লেখো : ২০

(ক) বঙ্গবন্ধু স্যাটেলাইট
(খ) বাংলাদেশের পর্যটনশিল্প
(গ) বাংলাদেশের মুক্তিযুদ্ধ
(ঘ) একটি শীতের সকাল
(ঙ) কর্মমুখী শিক্ষা

## ৩৮ ইস্পাহানী পাবলিক স্কুল এন্ড কলেজ, চট্টগ্রাম

### বাংলা দ্বিতীয় পত্র

**সময় : ৩ ঘণ্টা; পূর্ণমান : ১০০**

**ক–বিভাগ (ব্যাকরণ)–৩০**

১। (ক) বাংলা 'ম–ফলা' উচ্চারণের যেকোনো পাঁচটি নিয়ম উচ্চারণসহ লেখো। ৫

*অথবা*, (খ) নিচের যেকোনো পাঁচটি শব্দের উচ্চারণ লেখো :

দৌহিত্র, সস্ত্রীক, ব্রহ্মপুত্র, শ্রদ্ধাঞ্জলি, ষড়যন্ত্র, দিগ্বিজয়ী, ইতিহাসবেত্তা।

২। (ক) 'ণ–ত্ব' বিধান কাকে বলে? 'ণ–ত্ব' বিধানের পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখো। ৫

*অথবা*, (খ) নিচের যেকোনো পাঁচটি শব্দের শুদ্ধ বানান লেখো :

অদ্যাপি, দরিভূত, দৌরাত্ম, পশ্চাদপদ, নির্দোষী, মৃন্ময়, সোহার্দ্যতা, সুস্বাগত।

৩। (ক) যোজক কাকে বলে? যোজকের উদাহরণসহ শ্রেণিবিভাগ করো। ৫

*অথবা*, (খ) নিচের অনুচ্ছেদ থেকে পাঁচটি অনুসর্গ নির্ণয় করো :

যে দেশের নরনারীর মধ্যে পরস্পরের হৃদয় জয় করিয়া বিবাহ করিবার রীতি নাই, বরঞ্চ তাহা অভিবাদনের চেয়ে নিন্দার সামগ্রী, সে দেশে নরনারী আশা করিবার সৌভাগ্য, আকাগুক্ষা করিবার ভয়ংকর আনন্দ হইতে চিরদিনের জন্য বঞ্চিত, শুধু উপরে ভালো থাকিবার ব্যবস্থা করিয়াছে সেখানে প্রকৃত জীবনধর্ম কার্যকর থাকিবে না।

৪। (ক) বাক্য কাকে বলে? গঠন অনুসারে বাক্য কত প্রকার উদাহরণসহ লেখো। ৫

*অথবা*, (খ) নিচের যেকোনো পাঁচটি বাক্যান্তর করো :

i) নির্বোধরাই এ কাজ করে। (যৌগিক)
ii) এ পাহাড়, জঙ্গল, সারা পৃথিবী আমাদের রাজ্য ছিল। (জটিল)
iii) সেই বাঁশির সুর ভারি মিষ্টি। (বিস্ময়বোধক)
iv) কী বৈচিত্র্যময় এ পৃথিবী। (নির্দেশনাত্মক)
v) সে কথা এরা ভাবে। (নেতিবাচক)
vi) তাকে কলেজ থেকে না তাড়ালেই নয়। (অনুজ্ঞাসচক)
vii) এতে দোষ নেই। (প্রশ্নবোধক)
viii) দানের মন্ত্রে স্ত্রীকে যেটুকু পাওয়া যায়, তাহাতে সংসার চলে। (সরল)

৫। (ক) নিচের যেকোনো পাঁচটি ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় করো। ৫

মৌমাছি, অতীন্দ্রিয়, রক্তারক্তি, পঁসুরি, জয়ন্তী, জ্যোৎস্নারাত, অরিন্দম, জনাকীর্ণ।

*অথবা*, (খ) নিচের যেকোনো পাঁচটি প্রত্যয়ের নামসহ প্রকৃতি ও প্রত্যয় নির্ণয় করো।

বক্তা, রাঁধুনি, পাঠক, দৈত্য, শ্রবণ, বৈষ্ণব, নশ্বর, ঐচ্ছিক

৬। (ক) নিচের যেকোনো পাঁচটি বাক্য শুদ্ধ করে লেখো। ৫

i) বিদ্যাশিক্ষার উপর তাহার কোনো আকর্ষণ নাই।
ii) আমি কারুর ধার ধারি না।
iii) পুত্রের অধগতি দেখে পিতা খুব ব্যথিত হলেন।
iv) ব্যাপারটা তার আয়ত্তাধীন নয়।
v) আজ তার কনিষ্ঠ কন্যার বিয়ে।
vi) যেমন বুনো কচু তেমনি বাঘা তেঁতুল।
vii) মাসব্যাপী চট্টগ্রামে বাণিজ্য মেলা শুরু হয়েছে।
viii) এ নির্মম হত্রাকান্ডে গ্রামবাসী নিস্তব্ধ হয়ে গেল।

*অথবা*, (খ) নিচের সম্পর্ণ অনুচ্ছেদটি শুদ্ধ করে লেখো :

বিদ্বান জনেরা সাধারণত সংস্কৃতিপ্রিয়। সৌহার্দতা আমাদের বাঙালির সংস্কৃতির প্রাণ। কিন্তু দিন দিন তা ম্লান হওয়ায় আমরা সশঙ্কিত। তবুও নিরাশায় ডুবে থাকলে চলবে না। এক্ষেত্রে যেকোনো শুভ উত্যোগকে জানাই স্বাগত।

**খ–বিভাগ (নির্মিতি)–৭০**

৭। যেকোনো **দশটি** শব্দের পারিভাষিক রূপ লেখো : ১০

Millennium, Ordinance, Constitution, Irrigation, Copyright, Deputation, Nurnsery, Post-modem, Chancellor, Passport, Symphony, Paradox, Deadlock, Octave, Forecast

*অথবা*, (খ) নিচের ইংরেজি অনুচ্ছেদটি বাংলায় অনুবাদ করো :

Socrates never believed that all men are equal. If all was treated as equal there would be one flock and no shephered. This opinion of Socrates gave offence to many people. Socrates was regular in prayer and had a firm belief in God. He held that only God knows what is good for us. So, our prayer should simply be give me what is good.

৮। (ক) একটি 'গ্রাম্যমেলা' দেখার অভিজ্ঞতা বর্ণনা করো। ১০

*অথবা*, (খ) ঘূর্ণিঝড়ে আক্রান্ত একটি এলাকার বিপর্যস্ত জনজীবন সম্পর্কে একটি প্রতিবেদন তৈরি করো।

৯। (ক) 'বাংলাদেশের উৎসব ও সংস্কৃতি' সম্পর্কে বর্ণনা করে প্রবাসী বন্ধুকে ই–মেইল বার্তা পাঠাও। ১০

*অথবা*, (খ) কোনো বাণিজ্যিক প্রতিষ্ঠানে 'অফিসার পদে' নিয়োগ লাভের জন্য একটি আবেদনপত্র রচনা করো।

১০। (ক) সারাংশ লেখো : ১০

অভাব আছে বলিয়াই জগৎ এত বৈচিত্র্যময় হইয়াছে। অভাব না থাকিলে জীব সৃষ্টি বৃথা হইত। অভাব আছে বলিয়াই অভাব পরণের এত উদ্যম, এত সংসার। সংসারে অভাব ক্ষেত্র বলিই কর্মক্ষেত্র সৃষ্টি হইয়াছে। অভাব না থাকিলে সকলের স্থবির হইত। মনুষ্য জীবন বিড়ম্বনাপর্ণ হইত। মহাজ্ঞানিগণ জগৎ হইতে দুঃখ দর করিতে ব্যস্ত। দুঃখ–কষ্ট দর করিতে গিয়া যে অশেষ ক্লেশ স্বীকার করিতে হয়, তাহাতে তাহারা ক্ষুব্ধ নহেন। জগতে দুঃখ আছে বলিয়াই আমরা সেবার সুযোগ পাইয়াছি। সেবা মানব জীবনের পরম ধর্ম। দুঃখকে শত্রু মনে করিও না, দুঃখ আমাদের বন্ধু ও মহাগুরু।

*অথবা*, (খ) ভাব–সম্প্রসারণ লেখো :

'জীবে প্রেম করে যেইজন, সেইজন সেবিছে ঈশ্বর'

১১। (ক) 'সর্বস্তরে বাংলা ভাষার ব্যবহার' নিয়ে শিক্ষক ও শিক্ষার্থীদের মধ্যে একটি কথোপকথন তৈরি করো। ১০

*অথবা*, (খ) প্রদত্ত উদ্দীপক অনুসরণে 'রক্তদানের পুণ্য' শীর্ষক একটি ক্ষুদে গল্প রচনা করো :

মহান শহিদ দিবসে শহিদমিনারে পাদদেশে রক্তদান চলছে। শহিদ মিনারের শ্রদ্ধা নিবেদন করতে গিয়ে ডা. জাওয়াদ সেখানে উপস্থিত হলেন ....

১২। যেকোনো **একটি** বিষয় অবলম্বনে প্রবন্ধ লেখো: ২০

(ক) রূপসী বাংলা

(খ) বাংলাদেশের সামাজিক উৎসব

(গ) বাংলাদেশের পোশাক শিল্প

(ঘ) কৃষিতে বিজ্ঞান ও প্রযুক্তি

(ঙ) গণতন্ত্র ও বাংলাদেশের বাস্তবতা

## ৩৯ চট্টগ্রাম ক্যান্টনমেন্ট পাবলিক কলেজ

### বাংলা দ্বিতীয় পত্র

**সময় :** ৩ ঘণ্টা; **পর্ণমান :** ১০০

**ক–বিভাগ (ব্যাকরণ)–৩০**

১। (ক) বাংলা 'এ' উচ্চারণের যেকোনো পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখো। ৫

*অথবা*, (খ) নিচের যেকোন ৫টি শব্দের উচ্চারণ লেখো :

প্রভাত, বিজ্ঞপ্তি, বৈসাদৃশ্য, জীবনী, চর্তুদশপদী, রূপবতী, শ্রদ্ধাঞ্জলি, ভূত।

২। (ক) বাংলা একাডেমি প্রণীত প্রমিত বাংলা বানানের নিয়মানুসারে ই, উ, ক্ষ, ঋণ ও ষ–ব্যবহারের ১টি করে নিয়ম উদাহরণসহ লেখো। ৫

*অথবা*, (খ) যেকোনো পঁঅচটি শব্দের শুদ্ধ বানান লেখো :

কথোপকোথন, মরিচীকা, ফটোস্টেড, বিভিষীকা, ভৌগলিক, বুদ্ধিজীবি, বাঞ্চনীয়, আদ্যাক্ষর।

৩। (ক) সাপেক্ষ সর্বনাম বলতে কী বোঝ? উদাহরণ দিয়ে পাঁচটি বাক্য গঠন করো। ৫

*অথবা*, (খ) নিম্নরেখ শব্দগুলোর ব্যাকরণিক শব্দশ্রেণি নির্ণয় করো :

i) চলতে চলতে <u>হঠাৎ</u> থেমে যাবে এই পথ চলা।

ii) এখনো <u>বিস্ময়</u> জাগে মানুষের মনে।

iii) আমি কি <u>ডরাই</u> সখী, ভিখারি রাঘবে?

iv) ঝিরঝির বাতাসে মন <u>শীতল</u> হলো।

v) আমার <u>জন্য</u> রান্না কোরো না।

vi) তিনি <u>হো হো</u> হাসিতে ফেটে পড়লেন।

vii) কয়লা ধুলে <u>ময়লা</u> যায় না।

viii) পর্ব দিগন্তে সর্য উঠেছে রক্তলাল।

৪। (ক) নিচের যেকোন পাঁচটি শব্দের ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখো : ৫

ফিকেলাল, অনাথশ্রম, দতাবাস, মৃগনয়ন, ক্ষগর্তা, মকরমুখো, কালান্তর, বাগদত্তা।

*অথবা*, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের প্রকৃতি ও প্রত্যয় নির্ণয় করো :

সৎ, দীপ্ত, স্রষ্টা, সৈনিক, দ্রাঘিমা, চিরুনি, প্রাণবন্ত, সৌজন্য।

৫। (ক) গঠনানুসারে বাংলা বাক্য কত প্রকার ও কী কী? উদাহরসহ বিস্তারিত লেখো। ৫

*অথবা*, (খ) নির্দেশানুসারে যেকোনো **পাঁচটি** বাক্য রূপান্তর করো :

i) যদি তোর ডাক শুনে কেউ না আসে তবে একলা চলো। (সরল)

ii) ফুল ফুটুক আর নাই ফুটুক আজ বসন্ত। (জটিল)

iii) ইহারা অন্য জাতের মানুষ। (নেতিবাচক)

iv) যেমন কর্ম তেমন ফল। (যৌগিক)

v) রাঙামাটির রঙে চোখ জুড়াল। (বিস্ময়সচক)

vi) এখন যৌবন যার, মিছিলে যাবার তার শ্রেষ্ঠ সময়। (সরল)

vii) পরের কারণে স্বার্থ আগেই আনন্দ। (অনুজ্ঞাবাচক)

viii) আমার কর্ণধার আমি। (প্রশ্নবোধক)

৬। (ক) নিচের **পাঁচটি** বাক্য শুদ্ধ করে লেখো : ৫

i) সকালের গোধলি আলোয় মন ভরে গেলো।

ii) মাদকাসক্তি জীবন ধ্বংস করে।

iii) নিরোগী লোক আসলে সুখী।

iv) প্রতিযোগিতায় অংশগ্রহণকারী ৩টি কক্ষে বসবেন।

v) ছেলেটি বংশের মাথায় চুলকালি দিলো।

vi) আমি সাক্ষী দিবো না।

vii) যত বড়ো মুখ নয় ততো বড়ো দাঁত।

viii) কবিতাটির ভয়ঙ্কর সৌন্দর্যে আমরা মুগ্ধ হলাম।

*অথবা*, (খ) নিচের অনুচ্ছেদের অপ–প্রয়োগগুলো শুদ্ধ করে লেখো:

মিস্টার রাকিব সাহেব এর স্বপরিবারে কক্সবাজার বেরোতে যাচ্ছেন। এবার তাঁর যাত্রা যথাসময়ে শেষ হবে বলে মনে হচ্ছে। কিন্তু হোটেলের সৌজন্যহীনতা আচরণে তিনি বড়ই মুষড়ে পড়েছেন। তার দুটো সন্তানদের দৃষ্টামিতে তিনি অস্থির। তিনি দুশ্চিন্তা করিতে লাগিলেন এ মহাযাত্রা ঠিকমতো শেষ হবে তো!

**খ–বিভাগ (নির্মিতি)–৭০**

৭। (ক) যেকোনো **দশটি** শব্দের পারিভাষিক রূপ লেখো : ১০

Encyclopaedia, Vocation, Temination, Settlement, Racism, Endorsement, Banquet, Allegation, by-law, Deed of gift, Axis, Initial, Farce, Lender, Neutral. ১০

*অথবা*, (খ) নিচের অনুচ্ছেদটি বাংলায় অনুবাদ করো :

The aim of education is to make a man fully fit for himself and the society. It means developing the whole body, mind and soul. It is education which aims at providing a child opportunities so that it can being out its all latent qualities : An educated man should be genitle, thoughtful,

creative kind respectful, sympathetic and-operative and-co-operative. If education offers no spritual beauty, it has no value.

৮। (ক) জীবনে প্রথমবার 'বইমেলা' যাওয়ার অভিজ্ঞতা বর্ণনা করো। ১০

*অথবা*, (খ) তোমার ছাত্রাবাসের মানোন্নয়নের জন্য অধ্যক্ষের নিকট প্রতিবেদন উপস্থাপন করো।

৯। (ক) অসুস্থ সহপাঠীর জন্য রক্ত ও আর্থিক সহায়তার আহ্বান জানিয়ে অন্য বন্ধুদের উদ্দেশ্যে একটি ই-মেইল প্রেরণ করো। ১০

*অথবা*, (খ) সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে 'সহকারী শিক্ষক' পদে নিয়োগ লাভের জন্য আবেদনপত্র লেখো।

১০। (ক) সারমর্ম লেখো : ১০

বেয়নেট হোক যত ধারালো
কাস্তেটা ধার দিও বন্ধু।
শেল আর বোম হোক ভারালো
কাস্তেটা শান দিও বন্ধু
বাঁকানো চাঁদের সাদা ফালিটি
তুমি বুঝি খুব ভালোবাসতে?
চাঁদের শতক আজ নহে তো,
এ যুগের চাঁদ হলে কাস্তে

*অথবা*, (খ) ভাব-সম্প্রসারণ করো :

স্বার্থমগ্ন যেজন বিমুখ বৃহৎ জগৎ হতে
সে কভু শেখেনি বাঁচিতে।

১১। (ক) ফেইসবুকের সুফল ও কুফল বিষয়ে দুই বন্ধুর সংলাপ রচনা করো। ১০

*অথবা*, (খ) 'মাধবিক মল্যবোধ' বিষয়ে শিরোনামসহ একটি গল্প লেখো।

১২। যেকোনো **একটি** বিষয়ে প্রবন্ধ লেখো : ২০

(ক) শিষ্টাচার
(খ) সাম্প্রদায়িক সম্প্রতি
(গ) পদ্মা সেতু: উন্নয়ন ও সম্ভাবনা
(ঘ) মহান মুক্তিযুদ্ধের চেতনা ও বাংলাদেশ
(ঙ) বৈশ্বিক উষ্ণতায়বৃদ্ধি এবং আমাদের করণীয়

## ৪০ জালালাবাদ ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ, সিলেট

### বাংলা দ্বিতীয় পত্র

**সময় : ৩ ঘণ্টা; পূর্ণমান : ১০০**

**ক-বিভাগ (ব্যাকরণ)-৩০**

১। (ক) 'এ' ধ্বনি উচ্চারণের **পাঁচটি** নিয়ম উদাহরণসহ লেখো। ৫

*অথবা*, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের উচ্চারণ লেখো :

অকৃতজ্ঞ, চিহ্নিত, সমন্বয়, প্রজ্ঞা, বিজ্ঞপ্তি, মর্যাদা, স্বল্প, গ্রীষ্মকাল।

২। (ক) বাংলা একাডেমি প্রণীত প্রমিত বাংলা বানানের নিয়ম অনুসারে রেফ ( ) 'ই'-কার ও 'ষ' ব্যবহারের পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখো। ৫

*অথবা*, (খ) যেকোনো পাঁচটি শব্দের বানান শুদ্ধ করে লেখো :

দৈন্যতা, লক্ষ্যনীয়, হৃদপিন্ড, হিতপদেস, প্রাতস্মরণীয়, সনির্ভর, কুশিলব, মনুষ্যত্য।

৩। (ক) যোজক কাকে বলে? যোজক কত প্রকার ও কী কী? উদাহরণসহ লেখো। ৫

*অথবা*, (খ) নিচের অনচ্ছেদ থেকে পাঁচটি বিশেষণ পদ চিহ্নিত করো :

কাকডাকা ভোরে ঘুম থেকে উঠল লাবণী। ধীরে হাওয়া বইছে। ভাঙা ঘরের দাওয়ায় বসে সে দৃষ্টি দেয় শীতের শিশির সিক্ত হাওয়ায় মৃদু দুলতে থাকা ধানক্ষেতে। যতোদর চোখ যায় সবুজ আর সবুজ। যা তার মনকে মুগ্ধ আর দৃষ্টিতে প্রশান্তি এনে দেয়।

৪। (ক) যেকোনো পাঁচটি শব্দের প্রকৃতিগত প্রত্যয়ের নাম নির্ণয় করো :

দর্পণ, বৈদিক, মহত্ব, সাম্প্রতিক, ক্রেতা, সর্য, জ্যান্ত, নতুনত্ব।

*অথবা*, (খ) ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখো (যেকোনো পাঁচটি) :

মহাত্মা, মৃত্যুঞ্জয়, নবীনবরণ, চর্তুদশপদী, কদাচার, তপোবন, জয়ন্তী, আমরণ।

৫। (ক) বাক্যের গঠনগত শ্রেণিবিভাগ উদাহরণসহ লেখো।

*অথবা*, (খ) বন্ধনীর নির্দেশ অনুসারে যেকোনো পাঁচটি বাক্যের বাক্যান্তর করো :

i) পৃথিবীতে অসম্ভব বলে কিছু নেই। (জটিল)
ii) পড়াশুনা না করলে ভবিষ্যৎ অন্ধকার। (যৌগিক)
iii) আমার নিবাস নেই। (জটিল)
iv) এখন খাঁটি জিনিস দুর্লভ। (নেতিবাচক)
v) পৃথিবী চিরস্থায়ী নয়। (নেতিবাচক)
vi) ভুল সকলেই করে। (প্রশ্নবাচক)
vii) যেমন কর্ম তেমন ফল। (সরল)
viii) চেনাটার চেয়ে অচেনাটাই সত্য। (জটিল)

৬। (ক) যেকোনো পাঁচটি বাক্যের অপপ্রয়োগ শুদ্ধ করে লেখো: ৫

i) শেষ দিন পুরুস্কার বিতরণী করা হবে।
ii) ক্ষমা একটি মহান গুণ।
iii) সভায় অনেক ছাত্ররা এসেছিল।
iv) দুর্বলবশত তিনি আসতে পারেননি।
v) এটা হচ্ছে ষষ্টদশ বার্ষিক সাধারণ সভা।
vi) ষড়ঋতুর সমাহারের দেশ বাংলাদেশ।
vii) পাহাড়ের প্রাকৃতিক বৈচিত্র্যতা আমাদের মুগ্ধ করে।
viii) সুন্দর হাতের লেখা সবার ভালো লাগে।

*অথবা*, (খ) নিচের অনুচ্ছেদটি শুদ্ধ করে লেখো :

আসছে আগামীকাল 'ক' কলেজে সাংস্কৃতিক অনুষ্ঠান হবে। প্রত্যেক শিক্ষকগণ উপস্থিত থাকবেন। খবরটি শুনে রিপা আশ্চর্য হলো। সে প্রতিযোগীতায় অংশগ্রহণ করবে। তার আবৃত্তিতে মাধুর্যতা আছে।

**খ-বিভাগ (নির্মিতি)-৭০**

৭। (ক) যেকোনো **দশটি** শব্দের বাংলা পারিভাষিক রূপ লেখো : ১০

Affidavit, Massmedia, Obligatory, Rank, Sabotage, Up to date, Workshop, Mayor, Nursery, Prepaid, Hypocrisy Flat rate, Routine, Phonetics, Get up

*অথবা*, (খ) নিচের অনুচ্ছেদটি বাংলায় অনুবাদ করো :

Many people put off for tomorrow the work they can do today. Students also very often put off their class lessons for tomorrow. Nothing is more injurious to than this habit. Men do not know what will happen tomorrow. This is why it is wise value the present moments to make our life meaningful. A lot of troubles and dangers may come and upset everything, so we must not neglect. Our time, the flowing capital.

৮। (ক) একজন শিক্ষার্থী হিসেবে একটি দিনলিপি রচনা করো। ১০

*অথবা*, (খ) তোমার কলেজের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা সম্পর্কিত একটি প্রতিবেদন তৈরি করো।

৯। (ক) ফেসবুকে অধিক সময় নয় বরং লেখাপড়ায় বেশি মনোযোগ দেওয়ার উপদেশ দিয়ে ছোট ভাইকে একটি ই-মেইল বার্তা লেখো। ১০

*অথবা,* (খ) তোমার কলেজে 'নজরুল জয়ন্তী' উদযাপন উপলক্ষ্যে একটি নিমন্ত্রণপত্র লেখো।

১০। (ক) সারাংশ লেখো : ১০

বৃক্ষের দিকে তাকালে জীবনের তাৎপর্য উপলব্ধি সহজ হয়। তাই বারবার সেদিকে তাকানো প্রয়োজন। মাটির রস টেনে নিয়ে নিজেকে মোটাসোটা করে তোলাতেই বৃক্ষের কাজের সমাপ্তি নয়। তাকে ফুল ফোটাতে হয়, ফল ধরাতে হয়। নইলে তার জীবন অসম্পূর্ণ থেকে যাবে। তাই বৃক্ষকে সার্থকতার প্রতীক হিসেবে গ্রহণ করার প্রয়োজনীয়তা, সজীবতা ও সার্থকতার এমন জীবন্ত দৃষ্টান্ত আর নেই।

*অথবা,* (খ) ভাবসম্প্রসারণ করো :

সুশিক্ষিত লোক মাত্রই স্বশিক্ষিত।

১১। (ক) 'ইংরেজি শেখার গুরুত্ব' বিষয়ে শিক্ষক ছাত্রের সংলাপ রচনা করো। ১০

*অথবা,* (খ) নিচের উদ্দীপক অনুসরণে 'স্বপ্ন' শিরোনামে একটি খুদে গল্প লেখো।

কঠিন জীবন সংগ্রাম ও দারিদ্র্য মোকাবেলা করে সামিহা লক্ষ্যে পৌঁছানোর জন্য .....

১২। যেকোনো **একটি** প্রবন্ধ রচনা করো : ২০

(ক) জাতীয় জীবনে বিজয় দিবসের তাৎপর্য
(খ) আধুনিক যুগে বিজ্ঞান
(গ) মাদকাসক্তি ও আমাদের যুব সমাজ
(ঘ) জলবায়ু পরিবর্তন ও বৈশ্বিক উষ্ণায়ন
(ঙ) তোমার জীবনের লক্ষ্য

## ৪১ মদনমোহন কলেজ, সিলেট

### বাংলা দ্বিতীয় পত্র

**সময় : ৩ ঘণ্টা; পূর্ণমান : ১০০**

**ক–বিভাগ (ব্যাকরণ)–৩০**

১। (ক) উচ্চারণরীতি কাকে বলে? বাংলা উচ্চারণের যেকোনো চারটি নিয়ম লেখো। ৫

*অথবা,* (খ) যেকোনো পাঁচটি শব্দের উচ্চারণ লেখো :

অতীত, আহ্বান, দরখাস্ত, উদ্যোগ, চিহ্নিত, ঐকতান, প্রশ্ন, ধন্যবাদ।

২। (ক) বাংলা একাডেমি প্রণীত প্রমিত বাংলা বানানের নিয়ম অনুসারে অ-তৎসম শব্দের বানানের পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখো। ৫

*অথবা,* (খ) যেকোনো পাঁচটি শব্দের বানান শুদ্ধ করে লেখো।

ইতিপর্বে, উপরোক্ত, মুমুর্ষ, পিপিলিকা, পৈত্রিক, সুস্ট, আকাগুক্ষা, সম্বর্ধনা।

৩। (ক) উদাহরণসহ আকো শব্দের শ্রেণিবিভাগ আলোচনা করো। ৫

*অথবা,* (খ) নিচের অনুচ্ছেদ থেকে রেখাঙ্কিত শব্দগুলোর ব্যাকরণিক শব্দশ্রেণি নির্দেশ করো :

একটু <u>মিটমিট</u> করিয়া <u>ক্ষুদ্র</u> আলো জ্বলিতেছে–দেয়ালের উপর চঞ্চল ছায়া, প্রেতবৎ <u>নাছিতেছে</u>। তাহারা প্রস্তুত হয় নাই এজন্য হুঁকা হাতে, বিমীলিতলোচনে আমি ভাবিতেছিলাম যে, আমি যদি নেপোলিয়ন হইতাম, <u>তবে</u> ওয়াটারলু জিতিতে পারিতাম কি না।

৪। (ক) যেকোনো পাঁচটি শব্দের প্রত্যয়ের নামসহ প্রকৃতি ও প্রত্যয় নির্ণয় করো। ৫

মোড়ক, গৌরব, দেশী, ধার্মিক, শোষণে, মুক্তি, নায়ক, শৈশব।

*অথবা,* (খ) যেকোনো পাঁচটি শব্দের ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় করো।

পকেটমার, নদীমাতৃক, তপোবন, প্রভাকর, রাজপথ, অহিনকুল, সপ্তডিঙ্গা, কাজলকালো।

৫। (ক) বাক্য কাকে বলে? অর্থানুসারে বাংলা বাক্যের শ্রেণিবিভাগ উদাহরণসহ লেখো। ৫

*অথবা,* (খ) বন্ধনীর নির্দেশ অনুসারে যেকোনো পাঁচটি বাক্যের বাক্যান্তর করো :

i) ওরা আগামীকাল আসবে। (প্রশ্নবাচক)
ii) যাদের বুদ্ধি নেই, তারাই এ কথা বিশ্বাস করবে। (সরল)
iii) বাড়িটা তারা দখল করেছে। (নেতিবাচক)
iv) অনুগ্রহ করে সব খুলে বলুন। (জটিল)
v) বৃষ্টির অভাবে ফসল নষ্ট হবে। (জটিল)
vi) মুক্তিযুদ্ধের শহিদদের স্মরণ করা উচিত। (যৌগিক)
vii) তোমার দীর্ঘজীবন কামনা করছি। (প্রার্থনাসূচক)
viii) রাঙামাটির প্রাকৃতিক দৃশ্য খুবই চমৎকার (বিস্ময়সূচক)

৬। (ক) যেকোনো পাঁচটি বাক্যের অপপ্রয়োগ শুদ্ধ করে লেখো: ৫

i) আমি এ ঘটনা চাক্ষুষ প্রত্যক্ষ করেছি।
ii) দৈন্যতা সব সময়ই প্রশংসনীয় নহে।
iii) সকল সদস্যগণকে অভিনন্দন জানাচ্ছি।
iv) পরীক্ষা চলাকালীন সময়ে হর্ন বাজানো নিষেধ।
v) তিনি স্বস্ত্রীক নিউমার্কেট গিয়েছেন।
vi) সব ছাত্ররা উপস্থিত আছে।
vii) উপরোক্ত বাক্যটি শুদ্ধ নয়।
viii) বৃক্ষটি সমলসহ উৎপাটিত হয়েছে।

*অথবা,* (খ) নিচের অনুচ্ছেদটির অপপ্রয়োগগুলো শুদ্ধ করে লেখো : ১০

রাত জেগে ফেইসবুক দেখে অনেক ছাত্ররা নিজেদের শরীরের ক্ষতি করেছে। এতে তারা যেমন মানসিক দৌর্বল্যতায় ভুগছে তেমনি পড়াশুনা হচ্ছে অমনোযোগী। তাছাড়া আবশ্যকীয় প্রস্তুতির অভাবে কাঙ্খিত ফলাফল অর্জন করতে না পেরে অনেকে চোখে সর্ষে ফুল দেখে।

**খ–বিভাগ (নির্মিতি)–৭০**

৭। (ক) যেকোনো **দশটি** শব্দের পারিভাষিক শব্দ লেখো :

Embargo, Justice, fiction, Urban, Dabotage, Abstract, Galaxy, Public, Green-room, Nursery, Masure, Password, Deputation, White-paper, Oath.

*অথবা,* (খ) নিচের অনুচ্ছেদটি বাংলা অনুবাদ করো :

A good teacher is one of the most important people in any country. Bangladesh need good teachers. A good teacher makes lessons interesting. He keep pupils and student awake. He also makes them confident and proves them clever. Everybody has something valuable in him. A good teacher discovers the treasure hidden inside each student.

৮। (ক) তোমার কলেজে মহান বিজয় দিবস উদযাপনের একটি দিনলিপি প্রস্তুত করো। ১০

*অথবা,* (খ) 'সন্ত্রাস ও জঙ্গিবাদ দমন' শীর্ষক সেমিনারে উপস্থাপনার জন্য একটি ভাষণ রচনা করো।

৯। (ক) জরুরি রক্তের প্রয়োজনের কথা জানিয়ে তোমার বন্ধুর নিকট একটি ই–মেইল লেখো। ১০

*অথবা*, (খ) রাস্তা সংস্কারের আবশ্যকতা জানিয়ে পত্রিকায় প্রকাশের জন্য একটি পত্র রচনা করো।

১০। (ক) সারাংশ লেখো : ১০

আজকের দুনিয়াটা আশ্চর্যভাবে অর্থ বা বিত্তের ওপর নির্ভরশীল লাভ ও লোভের দুর্নিবার কেবল আগে যাবার নেশায় লক্ষ্যহীন প্রচণ্ড বেগে শুধুই আত্মবিনাশের পথে এগিয়ে চলেছে। মানুষ যদি এই মূঢ়তাকে জয় না করতে পারে, তবে মনুষ্যত্ব কথাটাই হয়তো লোপ পেয়ে যাবে। মানুষের জীবন আজ এমন এক পর্যায়ে এসে পৌছেছে; যেখান থেকে আর হয়তো নামবার উপায় নেই, এবার উঠবার সিঁড়িটা না খুঁজলেই নয়।

*অথবা*, (খ) ভাব–সম্প্রসারণ লেখো

স্বদেশের উপকারে নেই যার মন
কে বলে মানুষ তাকে পশু সেইজন।

১১। (ক) বৈশ্বিক উষ্ণতা বৃদ্ধিতে বিশ্ব জলবায়ু পরিবর্তনের সাম্প্রতিক প্রবণতা বিষয়ে দুই বন্ধুর কথোপকথন রচনা করো। ১০

*অথবা*, (খ) প্রদত্ত উদ্দীপক অনুসরণে 'পানি দষণ' বিষয়ে একটি খুদে গল্প রচনা করো।

লঞ্চ ভ্রমণের সময় বুড়িগঙ্গা নদীর পানির রং দেখে শামীম বিস্মিত হয়।

১২। যেকোনো **একটি** বিষয়ে গ্রন্থ লেখো : ২০

(ক) জলবায়ু পরিবর্তন ও বাংলাদেশ;
(খ) ডিজিটাল বাংলাদেশ;
(গ) বাংলাদেশের পর্যটন : সমস্যা ও সম্ভাবনা;
(ঘ) সাম্প্রদায়িক সম্প্রীতি;
(ঙ) কৃষিতে বাংলাদেশের উন্নয়ন এবং কৃষক।

## ৪২ বি এ এফ শাহীন কলেজ, যশোর

### বাংলা দ্বিতীয় পত্র

**সময় : ৩ ঘণ্টা; পূর্ণমান : ১০০**

**ক–বিভাগ (ব্যাকরণ)–৩০**

১। (ক) 'এ' ধ্বনি উচ্চারণের যেকোনো পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখো। ৫

*অথবা*, (খ) যেকোনো পাঁচটি শব্দের শুদ্ধ উচ্চারণ লেখো :

খাদ্য, অনিঃশেষ, মন্তব্য, ঐক্যতান, লক্ষ্মণ, পদ্ম, অধ্যাপক, শ্রেষ্ঠ।

২। (ক) বাংলা একাডেমি প্রণীত বাংলা বানানের আধুনিক নিয়ম অনুসারে অ–তৎসম শব্দের যেকোনো পাঁচটি বানানের সূত্র উদাহরণসহ লেখো। ৫

*অথবা*, (খ) যেকোনো পাঁচটি শব্দের বানান শুদ্ধ করে লেখো।

আকাংখা, ভৌগলীক, সরসতী, অণসয়া, পিলিলিকা, ব্রাহ্মণ, নুপুর, সর্বশান্ত।

৩। (ক) উদাহরণসহ সর্বনাম পদের শ্রেণিবিভাগ আলোচনা করো। ৫

*অথবা*, (খ) নিচের অনুচ্ছেদ থেকে পাঁচটি ক্রিয়াবিশেষণ চিহ্নিত করো :

বাবা সকালে দ্রুত বেরিয়ে গেছেন। তখন টিপটিপ বৃষ্টি পড়ছিল। ঘরে বসে একমনে টিভি দেখছিল ছোট বোন। এসময় কেউ টিভিতে গুনগুনিয়ে গান করছিল। হঠাৎ বাবা এসে বললেন, তাঁর চশমাটা চট করে খুঁজে দিতে।

৪। (ক) 'উপসর্গের অর্থবাচকতা নেই, কিন্তু অর্থদ্যোতকতা আছে'– আলোচনা করো। ৫

*অথবা*, (খ) ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় করো। (যেকোনো পাঁচটি)

ফুলকুমারী, স্বাক্ষর, পঁসুরি, মৃত্যুঞ্জয়, বিশালাক্ষী, আসমুদ্রহিমাচল, কালসাপ, হিতাহিত।

৫। (ক) বাক্য কাকে বলে? উদাহরণসহ গঠন অনুসারে বাক্যের শ্রেণিবিভাগ আলোচনা করো। ৫

*অথবা*, (খ) বাক্যান্তর করো (যেকোনো পাঁচটি)

i) দেশের সেবা করা উচিত। (অনুজ্ঞাবাচক)
ii) আমি এ সাক্ষী চাই না। (জটিল)
iii) ওরা আগামীকাল আসবে। (প্রশ্নবোধক)
iv) এখানে আসতেই হলো। (নেতিবাচক)
v) তিনি আমার প্রণাম লইবার জন্য সবুর করিলেন না। (অস্তিবাচক)
vi) ছেলেটি অসুস্থতার জন্য অনুপস্থিত। (যৌগিক)
vii) যেসব পশু মাংস খায়, তারা অত্যন্ত বলবান। (সরল)
viii) এটি ভারি লজ্জার কথা। (বিস্ময়সূচক)

৬। (ক) যেকোনো পাঁচটি বাক্য শুদ্ধ করে লেখো। ৫

i) আমৃত্যু পর্যন্ত দেশের সেবা করে যাব।
ii) তার পানিতে সমাধি হয়েছে।
iii) তাহার সৌজন্যতায় মুগ্ধ হয়েছি।
iv) সময় বড়ো সংক্ষেপ।
v) তাকে বাড়ি যাইতে দাও।
vi) চোরে চোরে চাচাতো ভাই।
vii) এখানে প্রবেশ নিষেধ।
viii) বিদ্যানকে সকলে শ্রদ্ধা করে।

*অথবা*, (খ) অনুচ্ছেদটি শুদ্ধ করে লেখো :

ইদানীংকালে ইংরেজি ধাচে বাংলা বলার অপচেষ্টা দেখা যাচ্ছে। বিশ্বে বাংলা ভাষাভাষীর সংখ্যা প্রায় পঁচিশ কোটি। এমন লজ্জাস্কর ব্যাপারে কখনো দেখি নাই। ভাষা আন্দোলন চলাকালীন সময়ে বাংলার প্রধান প্রতিপক্ষ ছিল উর্দু। হয়তো আসতে আগামীতে বাংলার প্রতিপক্ষ হবে হিন্দি।

**খ–বিভাগ (নির্মিতি)–৭০**

৭। (ক) পারিভাষিক শব্দ লেখো (যেকোনো ১০টি) ১০

Prepaid, Hygeene, Embargo, Impeachment, Legend, Validity, Biography, Principle, Nutrition, Oath, Dialect, War-criminal, Museum, Dual, Up to-date.

*অথবা*, (খ) নিচের অনুচ্ছেদটি বাংলায় অনুবাদ করো :

We are social beings and have a consider the effect of our behavir on other. There are two terms to describe our social behavior etiquette; and manners'. Etiquette means the rules of correct behavior in Sociaty. The word manner means the behavior to be polite in particularly society or culture. No one likes a bad mannered person.

৮। (ক) তোমার কলেজের নবীনবরণ অনুষ্ঠানের অভিজ্ঞতা বর্ণনা করো। ১০

*অথবা*, (খ) নিত্যপ্রয়োজনীয় দ্রব্যমল্যের ঊর্ধ্বগতির কারণ এবং এর প্রতিকার সম্বন্ধে একটি অনুসন্ধানী প্রতিবেদন রচনা করো।

৯। (ক) তোমার বোনের বিয়েতে নিমন্ত্রণ জানিয়ে বন্ধুকে একটি ই–ইমেইল প্রেরণ করো। ১০

*অথবা*, (খ) রাস্তা সংস্কারের আবশ্যকতা জানিয়ে পত্রিকায় প্রকাশের জন্য একটি পত্র রচনা করো।

১০। (ক) সারাংশ লেখো : ১০

হে রুদ্র, নিষ্ঠুর যেন হতে পার তথা
তোমার আদেশে। যেন রসনায় মম
সত্যবাক্য ঝলি ওঠে খড়গ সম
তোমার ইঙ্গিতে। যেন রাখি তব মান
তোমার বিচারাসনে লয়ে নিজ স্থান।
অন্যায় যে করে আর অন্যায় যে সহে
তব ঘৃণা যেন তারে তৃণ সম দহে।

*অথবা*, (খ) ভাব–সম্প্রসারণ করো :

পথের প্রান্তে আমার তীর্থ নয়, পথের দুধারে রয়েছে মোর দেবালয়।

১১। (ক) নারী শিক্ষার গুরুত্ব নিয়ে বাবা ও মেয়ের মধ্যে সংলাপ রচনা করো। ১০

*অথবা*, (খ) 'প্রাপ্তি' শিরোনামে একটি খুদে গল্প রচনা করো।

১২। যেকোনো **একটি** বিষয় অবলম্বনে প্রবন্ধ লেখো : ২০

(ক) তথ্যপ্রযুক্তি ও উন্নয়নের অগ্রযাত্রায় বাংলাদেশ
(খ) কৃষিতে বাংলাদেশের উন্নয়ন ও কৃষক
(গ) দুর্নীতি উন্নয়নের অন্তরায়
(ঘ) একুশ বাঙালির অহংকার
(ঙ) অধ্যবসায়

## ৪৩ সরকারি মজিদ মেমোরিয়াল সিটি কলেজ, খুলনা

### বাংলা দ্বিতীয় পত্র

**সময় :** ৩ ঘণ্টা; **পূর্ণমান :** ১০০

### ক–বিভাগ (ব্যাকরণ)–৩০

১। (ক) 'ব' ফলা উচ্চারণের পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখো। ৫

*অথবা*, (খ) নিচের যেকোনো পাঁচটি শব্দের উচ্চারণ লেখো :

আত্মকেন্দ্রিক, উপর্যুক্ত, বিহ্বল, জ্ঞাতিত্ব, দুর্যোগ, বাঞ্চনীয়, যৌক্তিক, প্রাতঃকাল।

২। (ক) বাংলা একাডেমি প্রণীত বাংলা বানানের নিয়ম অনুসারে অ–তৎসম শব্দের বানানের পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখো। ৫

*অথবা*, (খ) নিচের যেকোনো পাঁচটি শব্দের শুদ্ধ বানান লেখো।

আবশ্যকিয়, উৎপাৎ, জোস্নারাত, মহর্মুহ, নিক্কন, প্রাতঃভ্রমন, বহিঃস্কার, শ্রোতামন্ডল।

৩। (ক) উদাহরণসহ ক্রিয়াপদের শ্রেণিবিভাগ আলোচনা করো। ৫

*অথবা*, (খ) নিচের অনুচ্ছেদ থেকে পাঁচটি বিশেষণ চিহ্নিত করো।

এমন সময় সেই অদ্ভুত পৃথিবীর অদ্ভুত রাত্রে কে বলিয়া উঠিল, 'শিগগির চলে আয় এই গাড়িতে জায়গা আছে।' মনে হইল, যেন গান শুনিলাম। বাঙালি মেয়ের গলায় বাংলা কথা যে কী মধুর তাহা এমনি করিয়া অসময়ের অজায়গায় আচমকা শুনিলে তবে সম্পূর্ণ বুঝিতে পারা যায়। কিন্তু, এই গলাটিকে কেবলমাত্র মেয়ের গলা বলিয়া একটি শ্রেণিভুক্ত করিয়া দেওয়া চলে না, এ কেবল একটি মানুষের গলা; শুনিলেই মন বলিয়া ওঠে, 'এমন তো আর শুনি নাই।'

৪। (ক) যেকোনো পাঁচটি শব্দের প্রত্যয় এর নামসহ প্রকৃতি ও প্রত্যয় নির্ণয় করো। ৫

করণ, সাময়িক, রোগাটে, কাঁদুনে, ছিন্ন, খুকু, শৈশব, জয়ী।

*অথবা*, (খ) ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় করো (যেকোনো পাঁচটি)।

অত্যাচার, অশ্রুতপর্ব, কমলমুখী, ক্ষণজীবী, খোদাইকার, উপভাষা, চন্দ্রচূড়, মিশকালো।

৫। (ক) বাক্য কাকে বলে বলে? একটি সার্থক বাক্যের গুণ বা বৈশিষ্ট্যগুলো উদাহরণসহ লেখো। ৫

*অথবা*, (খ) বন্ধনীর নির্দেশ অনুসারে (যেকোনো পাঁচটি) বাক্যান্তর করো :

i) তোমার এরূপ ব্যবহার উচিত হয়নি। (অস্তিবাচক)
ii) নির্বোধেরাই শুধু এ কাজ করে। (জটিল)
iii) বাঙালির যে আত্মজাগরণ তা অভিনন্দনের দাবি রাখে। (সরল)
iv) কোথাও পথ না পেয়ে তোমার কাছে এসেছি। (যৌগিক)
v) আকাশে মেঘ ছিল না কিন্তু বজ্রপাত হলো। (সরল)
vi) যেহেতু সে নিরপরাধ সেহেতু সে মুক্তি পাবে। (যৌগিক)
vii) কাব্য ম্যাজিক হতে পারে কিন্তু সমালোচনা লজিক হতে বাধ্য। (জটিল)
viii) সে কথা আজও ভুলতে পারিনি। (প্রশ্নবোধক)

৬। (ক) নিচের যেকোনো পাঁচটি বাক্য শুদ্ধ করে লেখো। ৫

i) যাবতীয় প্রাণিকুল এই গ্রহের বাসিন্দা।
ii) আইনানুসারে তিনি একাজ করতে পারেন না।
iii) তাহার উদ্ধতপূর্ণ আচরণে ব্যথিত হয়েছি।
iv) অভাবগ্রস্ত ছাত্রটি তার দুরাবস্থার কথা সাশ্রুনয়নে বর্ণনা করল।
v) আমি আপনার জ্ঞাতার্থে এই সংবাদ লিখলাম।
vi) তাহার বয়সের ইট–পাথর নাই।
vii) মেয়েটি সুকেশিনী এবং সুহাসি।
viii) দরাকাংখা সর্বদা পরিত্যজা।

*অথবা*, (খ) অনুচ্ছেদের অপপ্রয়োগগুলো শুদ্ধ করো :

যাদুঘর আমাদের জ্ঞান দান করে, আমাদের শক্তি জোগায়, আমাদের চেতনা জগ্রত করে, আমাদের মনোজগৎকে পুষ্ট করো। যাদুঘর একটা শক্তিশালী সামাজিক সংগঠন। সমাজের এক স্তরে সঞ্চিত জ্ঞান তা ছড়িয়ে দেয় জনসমাজের সাধারণ স্তরে। সকল গণতন্ত্রায়নের পথও প্রশস্থ হয় এভাবে যাদুঘর শুধু জ্ঞানই দেয়না, অলক্ষে ছড়িয়ে দেয় জ্ঞানাদর্শা।

### খ–বিভাগ (নির্মিতি)–৭০

৭। যেকোনো **দশটি** শব্দের পারিভাষিক রূপ লেখো : ১০

Abolish Amusement, Claim, Delegate, Epie, Injunction, Latitude, Midwife, Pesticide, Hydraulie, Livestock, Non-aligned, Rational, Specimen, Nebula.

*অথবা*, (খ) বাংলায় অনুবাদ করো :

Victory day is a red letter day in the history of Bangladesh and the day is important for various reasons. Firstly, on this day we won the victory at the cost of a bloody war of nine months. Bangladesh came into being and occupied place in the world map as an independent country. Secondly, about three million people including more than two la wormen sacrificd their lives for the sake of independence. Thirdly, the day reminds us of the sacrifices of valiant people.

৮। (ক) 'একুশের বই মেলা' দেখার অনুভূমি ব্যক্ত করে দিনলিপি রচনা করো। ১০

*অথবা*, (খ) 'বিজয়ফুল উৎসব' উদ্‌যাপন উপলক্ষ্যে একটি মঞ্চভাষণ তৈরি করো।

৯। (ক) ট্রেনের টিকিট বুকিংয়ের জন্য স্টেশনমাস্টারের নিকট ই-মেইল করো। ১০

*অথবা*, (খ) অতিবৃষ্টিতে চরমভাবে ক্ষতিগ্রস্ত রাস্তাঘাট সংস্কারের দাবি জানিয়ে পৌর কর্তৃপক্ষের নিকট একটি আবেদনপত্র লেখো।

১০। (ক) সারমর্ম লেখো : ১০

এই সব মঢ় ম্লান মূখ মুখে
দিতে হবে ভাষা, এই সব শ্রান্ত ভগ্ন বুকে
ধ্বনিয়া তুলিতে হবে আশা, ডাকিয়া বলিতে হবে–
মুহূর্ত তুলিয়া শির একত্র দাঁড়াও দেখি সবে;
যার ভয়ে তুমি ভীত সে অন্যায় ভীরু তোমা–চেয়ে;
যখনি জাগিবে তুমি তখনি সে পলাইবে ধেয়ে।
যখনি দাঁড়াবে তুমি সম্মুখে তাহার তখনি সে
পথকুক্কুরের মত সংকোচে সন্ত্রাসে যাবে মিশে।
দেবতা বিমুখ তারে, কেহ নাহি সহায় তাহার;
মুখে করে আস্ফালন, জানে সে হীনতা আপনার মনে মনে।

*অথবা*, (খ) ভাব–সম্প্রসারণ করো :

যারে তুমি নিচে ফেল, সে তোমার বাঁধিবে নিচে,
পশ্চাতে রেখেছ যাবে, সে তোমারে পশ্চাতে টানিছে।

১১। (ক) মনে করো, তোমার নাম রতন। তোমার বন্ধুর নাম মনি। সম্প্রতি তুমি জাতীয় যাদুঘর দেখেছ, এ সম্পর্কে দুজনের মধ্যে একটি সংলাপ রচনা কর। ১০

*অথবা*, (খ) 'শব্দদষণ' শিরোনামে একটি খুদে গল্প লেখো।

১২। যেকোনো **একটি** বিষয় অবলম্বনে প্রবন্ধ লেখো : ২০

(ক) নদীতীরে সর্যাস্ত
(খ) নিয়মানুবর্তিতা
(গ) বিদ্যুৎ ও বর্তমান সভ্যতা
(ঘ) ডেঙ্গুজর ও এর প্রতিকার
(ঙ) মুক্তিযুদ্ধের চেতনা

## ৪৪ বরিশাল সরকারি মহিলা কলেজ

### বাংলা দ্বিতীয় পত্র

**সময় : ৩ ঘণ্টা; পর্ণমান : ১০০**

**ক–বিভাগ (ব্যাকরণ)–৩০**

১। (ক) 'এ' ধ্বনি উচ্চারণের পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখো। ৫

*অথবা*, (খ) যেকোনো পাঁচটি শব্দের উচ্চারণ লেখো :

মনমালিন্য, অদ্বিতীয়, গ্রীষ্ম, জ্ঞাত, একটি, ছাত্র, সহ্য, যস্ম।

২। (ক) প্রমিত বাংলা বানানে ই–কার ( ি ) ব্যবহারের পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখো। ৫

*অথবা*, (খ) যেকোনো পাঁচটি শব্দের বানান শুদ্ধ করে লেখো :

অনুসয়া, শ্বাশত, অপোরাহ্ন, সমীচিন, বহিস্কার, পেসাজিবী, নিশিথ, প্রতিদ্বন্দ্বী।

৩। (ক) উদাহরণসহ সর্বনাম পদের শ্রেণিবিভাগ আলোচনা করো। ৫

*অথবা*, (খ) নিচের অনুচ্ছেদ থেকে নিম্নরেখ যেকোনো পাঁচটি শব্দের ব্যাকরণিক শ্রেণি নির্দেশ করো।

একটু <u>মিটমিট</u> করিয়া <u>ক্ষুদ্র</u> আলো জ্বলিতেছে– দেয়ালের <u>উপর</u> <u>চঞ্চল</u> ছায়া, প্রেতবৎ <u>নাচিতেছে</u>। <u>আহার</u> প্রস্তুত হয় নাই–এজন্য নিমীলিতলোচনে <u>আমি</u> ভাবিতেছিলাম যে, আমি যদি নেপোলিয়ন হইতাম, তবে <u>ওয়াটারলু</u> জিতিতে পারিতাম কি না।

৪। (ক) 'উপসর্গের অর্থবাচকতা নেই, কিন্তু অর্থদ্যোতকতা আছে।'– আলোচনা করো। ৫

*অথবা*, (খ) বাসবাক্যসহ সমাস নির্ণয় করো (যেকোনো পাঁচটি) :

চরণকমল, আমরণ, নদীমাতৃক, বিলাতফেরত, প্রবচন, ইন্দ্রজিৎ, পঁসুরি, মরাবাঁচা।

৫। (ক) বাক্য বাক্যে বলে? গঠন অনুসারে বাক্য কত প্রকার ও কী কী? উদাহরণসহ আলোচনা করো। ৫

*অথবা*, (খ) নির্দেশানুসারে বাক্যান্তর করো : (যেকোনো পাঁচটি) :

i) তার নাম রেশা। (প্রশ্নবোধক)
ii) বাড়িটা তারা দখল করেছে। (নেতিবাচক)
iii) যারা সংস্কৃতিবান, তারা শান্তিপ্রিয় হয়। (সরল)
iv) হৈম তাহার অর্থ বুঝিল না। (অস্তিবাচক)
v) ঠাট্টার সম্পর্কটাকে স্থায়ী করিবার ইচ্ছা আমার নাই। (জটিল)
vi) দেশের সেবা করা কর্তব্য। (অনুজ্ঞাসচক)
vii) এটি ভারি লজ্জার কথা। (বিস্ময়সচক)
viii) কাজ না করলে চলে যাও। (যৌগিক)

৬। (ক) যেকোনো পাঁচটি বাক্য শুদ্ধ করে লেখো : ৫

i) আজ আমার কনিষ্ঠ বোনের বাগদান অনুষ্ঠান।
ii) মহারাজা সভাগৃহে প্রবেশ করিলেন।
iii) পরীক্ষা চলাকালীন বাজানো হর্ন নিষেধ।
iv) বিরাট গরু–ছাগলের হাট।
v) ফেলো টাকা মাখো তেল।
vi) পরবর্তীতে আপনি আবার আসবেন।
vii) একথা প্রমাণ হয়েছে।
viii) নিরোগী লোক আসলে সুখী।

*অথবা*, (খ) নিচের অনুচ্ছেদটি শুদ্ধ করে লেখো :

আসছে আগামীকাল 'ক' কলেজে সাংস্কৃতিক অনুষ্ঠান হবে। প্রত্যেক শিক্ষাগণ উপস্থিত থাকবেন। খবরটি শুনে রিপা আশ্চর্য হলো সে প্রতিযোগীতায় অংশগ্রহণ করবে। তার আবৃত্তিতে মাধুর্যতা আছে।

**খ–বিভাগ (নির্মিতি)–৭০**

৭। (ক) যেকোনো **দশটি** শব্দের পারিভাষিক রূপ লেখো : ১০

Biography, Cartoon, Deposit, Fine arts, Hostile, Immigrant, Interim, Manuscript, Note, Oath, Phonetics, Quack, Renew, Registration, Subsidy.

*অথবা*, (খ) নিচের অনুচ্ছেদটি বাংলায় অনুবাদ করো :

Many people put off for tomorrow the work they can do today. Students also very often put off their class lessons for tommorrow. Nothing is more injurious than this habit Men do not know what will happen tomorrow. This is why it is wise to value the present moments to make our life meaningful. A lot of troubles and dangers may come and upset everything. So, we must not reglect our time, the flowing capital.

৮। (ক) তোমার মাধ্যমিক পরীক্ষার ফল প্রকাশ সম্পর্কিত দিনলিপি লেখো। ১০

*অথবা*, (খ) 'সাম্প্রদায়িক সম্প্রীতি' শীর্ষক আলোচনা অনুষ্ঠানের উপযোগী একটি ভাষণ তৈরি করো।

৯। (ক) বাংলা নববর্ষের শুভেচ্ছা জানিয়ে বন্ধুর নিকট একটি ই–মেইল প্রেরণ করো। ১০

*অথবা*, (খ) তোমার কলেজে 'নজরুল জয়ন্তী' উদযাপন উপলক্ষে একটি আমন্ত্রণপত্র রচনা করো।

১০। (ক) সারমর্ম লেখো : ১০

দৈন্য যদি আসে, আসুক, লজ্জা কিবা তাহে?
মাথা উঁচু রাখিস
সুখের সাথী মুখের পানে যদি না চাহে
ধৈর্য ধরে থাকিস।
রুদ্ররূপে তীব্র দুঃখ যদি আসে নেমে
বুক ফুলিয়ে দাঁড়াস
আকাশ যদি বজ্র নিয়ে মাথায় পড়ে ভেঙ্গে
ঊর্ধ্বে দুহাত বাড়াস।

*অথবা*, (খ) ভাব-সম্প্রসারণ করো :

জ্ঞান যেখানে সীমাবদ্ধ, বুদ্ধি যেখানে আড়ষ্ট, মুক্তি সেখানে অসম্ভব।

১১। (ক) বাংলা নববর্ষ উদযাপন উপলক্ষে দুই বন্ধুর কথোপকথন রচনা করো। ১০

*অথবা*, (খ) প্রতিবন্ধী শিশুদের নিয়ে একটি ক্ষুদে গল্প লেখো।

১২। যেকোনো **একটি** বিষয় অবলম্বনে প্রবন্ধ লেখো : ২০

(ক) বই পড়ার আনন্দ;
(খ) বাংলাদেশের কৃষি ও কৃষক;
(গ) জাতীয় জীবনে মুক্তিযুদ্ধের চেতনা;
(ঘ) বাংলাদেশের পর্যয়টন শিল্প : সমস্যা ও সম্ভাবনা;
(ঙ) বাংলাদেশের সামাজিক উৎসব।

## ৪৫ অমৃত লাল দে মহাবিদ্যালয়, বরিশাল

### বাংলা দ্বিতীয় পত্র

**সময় : ৩ ঘণ্টা; পূর্ণমান : ১০০**

**ক-বিভাগ (ব্যাকরণ)-৩০**

১। (ক) ম-ফলা উচ্চারণের যেকোনো পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখো। ৫

*অথবা*, (খ) নিচের যেকোনো পাঁচটি শব্দের উচ্চারণ লেখো :

পরীক্ষা, ব্রাহ্মণ, জয়ধ্বনি, ছাত্র, মর্যাদা, ধন্যবাদ, কক্ষ, জ্ঞাত।

২। (ক) ণত্ব-বিধান কাকে বলে? উদাহরণসহ ণত্ব-বিধানের পাঁচটি নিয়ম লেখো। ৫

*অথবা*, (খ) নিচের যেকোনো পাঁচটি শব্দের শুদ্ধ বানান লেখো :

মুমুর্ষ, দরাবস্থা, সমিচিন, ইতিমধ্যে, আকাংখা, বিভিষিকা, দৈন্যতা, শান্তনা।

৩। (ক) বিশেষ্য কাকে বলে? উদাহরণসহ বিশেষ্যের শ্রেণিবিভাগ বিশ্লেষণ করো। ৫

*অথবা*, (খ) নিম্নরেখ যেকোনো পাঁচটি শব্দের ব্যাকরণিক শব্দশ্রেণি নির্দেশ করো।

i) জনতা নীরব রইল না।
ii) তুমি অথবা তোমার ভাই কাজটি করবে।
iii) সে নিজে অঙ্কটা করেছে।
iv) বাগানে ফুল ফুটেছে।
v) আরে, তুমি আবার কখন এলে।
vi) তার সাথে আমার কথা হয়েছে।
vii) কাজটা খুব ভালোভাবে সম্পন্ন হয়েছে।
viii) কাঁদো কাঁদো মুখ।

৪। (ক) প্রত্যয়ের নামসহ প্রকৃতি ও প্রত্যয় নির্ণয় করো (যেকোনো পাঁচটি) ৫

দিব্য, ঘাতক, নীলিমা, উক্তি, দোলনা, মানব, করণীয়, পরিত্যাগ।

*অথবা*, (খ) নিচের যেকোনো পাঁচটি শব্দের ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখো।

দম্পতি, অক্ষত, আলুনি, প্রাণপাখি, আয়কর, প্রবচন, সহৃদয়, কালান্তর।

৫। (ক) একটি সার্থক বাক্যের কী কী গুণ থাকা আবশ্যক? উদাহরণসহ লেখো। ৫

*অথবা*, (খ) বাক্য রূপান্তর করো (যেকোনো পাঁচটি)

i) যে রক্ষক সেই ভক্ষক। (সরল)
ii) লোভ পরিত্যাগ করলে সুখে থাকবে। (জটিল)
iii) ভুল সকলেই করে। (প্রশ্নবোধক)
iv) বিপদে অধীর হতে নেই। (অনুজ্ঞা)
v) শহিদের মৃত্যু নেই। (অস্তিবাচক)
vi) আমি বহুকষ্টে শিক্ষালাভ করেছি। (যৌগিক)
vii) ভাষায় অক্ষরের ভূমিকা গৌণ। (নেতিবাচক)
viii) দৃশ্যটি বড়ই সুন্দর। (বিস্ময়সচক)

৬। (ক) নিচের যেকোনো পাঁচটি বাক্য শুদ্ধ করে লেখো : ৫

i) আপনি স্বপরিবারে আমন্ত্রিত।
ii) সাবধানপর্বক চলবে।
iii) বিরাট গরু ছাগলের হাট।
iv) মাদকাশক্তি ভালো নয়।
v) আমৃত্যু পর্যন্ত দেশের সেবা করে যাবো।
vi) অন্যায়ের প্রতিফল দুনির্বার্য।
vii) সে এ মোকদ্দমায় সাক্ষী দিয়েছে।
viii) একের বোঝা দশের লাঠি।

*অথবা*, (খ) দারিদ্র্যতা আজ আর বাংলাদেশের প্রধান সমস্যা নয়। আমাদের দেশ এখন সমৃদ্ধশালী। কেবলমাত্র দুর্নীতিই আমাদের পেছনে টানে। এ থেকে মুক্তির পাশাপাশি জাতীয় জীবনের সর্বক্ষেত্রে সচ্ছতা সাধন প্রয়োজন। প্রয়োজন দল-মত নির্বিশেষ সখ্যতাও।

**খ-বিভাগ (নির্মিতি)-৭০**

৭। (ক) যেকোনো **দশটি** শব্দের পারিভাষিক রূপ লেখো : ১০

Prepaid, Embargo, Ratio, Venue, Deputation, Ad-hoc, Oath, Bond, Editor, File, Acting, Lien, Brand, Manuscript, Subsidy.

*অথবা*, (খ) বাংলায় অনুবাদ করো :

Honesty is the best policy. The value of honesty is very, great. It wins love, respect and fearlessness. Honesty is a noble virtu. It is the secret of success in every sphere of life.

৮। (ক) তোমার কলেজে মহান বিজয় দিবস উদযাপনের একটি দিনলিপি প্রস্তুত করো। ১০

*অথবা*, (খ) নিত্যপ্রয়োজনীয় খাদ্যদ্রব্যের ভেজাল প্রবণতা বিষয়ে একটি অনুসন্ধানী প্রতিবেদন রচনা করো।

৯। (ক) বাংলা নববর্ষের শুভেচ্ছা জানিয়ে কমপক্ষে পাঁচটি বাক্যে বন্ধুর নিকট একটি খুদে-বার্তা লেখো। ১০

*অথবা*, (খ) সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক পদে নিয়োগ লাভের জন্য একটি আবেদনপত্র লেখো।

১০। (ক) সারমর্ম লেখো : ১০

অদ্ভুত আঁধার এক এসেছে এ পৃথিবীতে আজ,
যারা অন্ধ সবচেয়ে বেশি আজ চোখে দেখে তারা,
যাদের হৃদয়ে কোনো প্রেম নেই, প্রীতি নেই, করুণার আলোড়ন নেই–
পৃথিবী অচল আজ তাদের সু–পরামর্শ ছাড়া।
যাদের গভীর আস্থা আছে আজো মানুষের প্রতি
এখনো যাদের কাছে স্বাভাবিক মনে হয়
মহৎ সত্য বা রীতি, কিংবা শিল্প অথবা সাধনা
শকুন ও শেয়ালের খাদ্য আজ তাদের হৃদয়।

*অথবা*, (খ) ভাব–সম্প্রসারণ করো :
স্পষ্টভাষী শত্রু নির্বাক মিত্র অপেক্ষা ভালো।

১১। (ক) 'রোহিঙ্গা সমস্যা ও সমাধান' বিষয়ে দুই বন্ধুর মধ্যকার কথোপকথন তুলে ধরো। ১০

*অথবা*, (খ) নিচে প্রদত্ত উদ্দীপক অনুসরণে 'ফেসবুকের অপব্যবহার' বিষয়ে একটি খুদে গল্প রচনা করো :
রবিনের ফেসবুক স্ট্যাটাস দেখে কিছু মানুষ বিচলিত হয়ে ওঠে ....

১২। যেকোনো **একটি** বিষয় অবলম্বনে প্রবন্ধ লেখো : ২০
(ক) মুক্তিযুদ্ধের চেতনা
(খ) কৃষিকাজে বিজ্ঞান
(গ) বৈশ্বিক উষ্ণতা ও জলবায়ু পরিবর্তন
(ঘ) স্বদেশপ্রেম
(ঙ) বাংলাদেশের পর্যটন শিল্প।

## ৪৬ সামসুল হক খান স্কুল এন্ড কলেজ, ডেমরা, ঢাকা

### বাংলা দ্বিতীয় পত্র

**সময় : ৩ ঘণ্টা; পূর্ণমান : ১০০**

**ক–বিভাগ (ব্যাকরণ)–৩০**

১। (ক) অদ্য 'অ' ধ্বনি উচ্চারণের পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখো। ৫

*অথবা*, (খ) নিচের যেকোনো পাঁচটি শব্দের উচ্চারণ লেখো :
অনিঃশেষ, ঐশ্বর্য, অধ্যক্ষ, দেশপ্রেম, বিহবল, স্বাগত, জ্ঞাত, শ্রাবণ।

২। (ক) ণ–ত্ব বিধান কী? উদহারণসহ ণ–ত্ব বিধানের যেকোনো পাঁচটি নিয়ম লেখো। ৫

*অথবা*, (খ) নিচের যেকোনো পাঁচটি শব্দের শুদ্ধ বানান লেখো :
স্নেহাশীষ, মহত্ব, শ্রদ্ধাঞ্জলী, নিশিথিনি, শিরচ্ছেদ, হীনমন্যতা, মুমুর্ষ, পেসাজীবি।

৩। (ক) ক্রিয়া কাকে বলে? উদাহরণসহ শ্রেণিবিভাগ দেখাও। ৫

*অথবা*, (খ) নিম্নরেখ যেকোনো পাঁচটি শব্দের ব্যাকরণিক শব্দশ্রেণি নির্ণয় করো :
i) সারাদিন খুজলাম <u>অথচ</u> বইটা পেলাম না।
ii) বাবা সকালে <u>দ্রুত</u> বেরিয়ে গেছেন।
iii) মাথার <u>উপরে</u> বনচারী বাতাসে দোলে বন্য পানলতা।
iv) <u>নিপুণ</u> দক্ষতায় কাজটি শেষ হলো।
v) <u>আরে</u>, তুমি আবার কখন এলে?
vi) সে ছিল <u>চমৎকার</u> এক সুন্দরী তরুণী।
vii) বাংলাদেশের <u>প্রাকৃতিক</u> সৌন্দর্য অতুলনীয়।
viii) দুঃখ <u>বিনা</u> সুখ লাভ হয় কি মহীতে?

৪। (ক) বাংলা শব্দ গঠনের পাঁচটি প্রক্রিয়া উদাহরণসহ লেখো। ৫

*অথবা*, (খ) ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় করো : (যেকোনো পাঁচটি)
শশব্যস্ত, ইন্দজিৎ, সশস্ত্র, উপায়ান্তর, চরণকমল, শীতাতপ, রাজনীতি, সত্যভ্রষ্ট।

৫। (ক) অর্থানুসারে বাক্য কত প্রকার ও কী কী? উদাহরণসহ বুঝিয়ে দাও। ৫

*অথবা*, (খ) বন্ধনীর নির্দেশ অনুসারে বাক্যান্তর করো : (পাঁচটি)
i) মাতৃভূমিকে সকলেই ভালোবাসে। (নেতিবাচক)
ii) দেশের সেবা করা উচিত। (অনুজ্ঞা)
iii) ধনীরা প্রায়ই কৃপণ হয়। (জটিল)
iv) লোকটি অশিক্ষিত কিন্তু অশিষ্ট নয়। (সরল)
v) ওরা আগামীকাল আসবে। (প্রশ্নবাচক)
vi) দোষ করেছ অতএব শাস্তি পাবে। (জটিল)
vii) যদি সাফল্য চাও তাহলে পরিশ্রম করো। (যৌগিক)
viii) শীতে দরিদ্র মানুষের খুব কষ্ট হয়। (বিস্ময়বোধক)

৬। (ক) যেকোনো পাঁচটি বাক্যের অপপ্রয়োগ শুদ্ধ করে লেখো: ৫
i) দৈন্যতা কোনো সময়ই প্রশংসনীয় নয়।
ii) পরীক্ষা চলাকালীন সময়ে হর্ন বাজানো নিষেধ।
iii) সব পাখিরা নীড় বাঁধে না।
iv) শুধুমাত্র টাকার জোরে সবকিছু হয় না।
v) বৃক্ষটি সমলসহ উৎপাটিত হয়েছে।
vi) বেগম রোকেয়া বিদষি নারী ছিলেন।
vii) আমি ঘটনাটি চাক্ষুষ প্রত্যক্ষ করেছি।
viii) লেখাটির উৎকর্ষতা বাড়ানোর জন্য তিনি পরিশ্রমের কার্পণ্যতা করেননি।

*অথবা*, (খ) নিচের অনুচ্ছেদের অপপ্রয়োগগুলো শুদ্ধ করো :
ফারহা উচ্চ বালিকা বিদ্যালয়ের একজন কৃতি শিক্ষার্থী। স্কুল থেকে ফেরার পথে সে একটি দোকান থেকে খাঁটি গরুর দুধ সংগ্রহ করে। দোকানটির সাইনবোর্ডে লেখা রয়েছে সুস্বাগতম। এছাড়া আর এক জায়গায় লেখা রয়েছে– 'আপনারা স্বপরিবার আমন্ত্রিত। দোকানির এই রুচিবোধ ফারহার ভালো লাগে।

**খ–বিভাগ (নির্মিতি)–৭০**

৭। (ক) যেকোনো **দশটি** শব্দের পারিভাষিক রূপ লেখো : ১০
Autonomous, Evaluation, Idealism, Secular, Home Ministry, Violation, Deed, Galary, Hearing, Subsidy, Lien, Revenue, Sopokeman, Dead lock, Highway.

*অথবা*, (খ) বাংলায় অনুবাদ করো :
Most of the students of our country are inattentive to their studies, they waste their valuable time by involving themseles in political activity. In this way, they misuse their hard earned money of their guardians. They should think that they are the future of the country. It is their duty to build the country nicely.

৮। (ক) তোমার এসএসসি পরীক্ষার ফল প্রকাশের দিনের ওপর একটি দিনলিপি রচনা করো। ১০

*অথবা*, (খ) বর্তমানে নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের দামবৃদ্ধি সম্পর্কে সংবাদপত্রে প্রকাশের জন্য একটি প্রতিবেদন রচনা করো।

৯। (ক) তোমার কলেজের নবীনবরণ অনুষ্ঠানের প্রধান অতিথি হিসেবে মাননীয় শিক্ষা সচিবকে আমন্ত্রণ জানিয়ে একটি বৈদ্যুতিক চিঠি তৈরি করো। ১০

*অথবা*, (খ) প্রাথমিক বিদ্যালয়ের শন্যপদে সহকারী শিক্ষক পদে নিয়োগ প্রাপ্তির জন্য একটি আবেদনপত্র লেখো।

১০। (ক) সারাংশ লেখো : ১০

কোন পাথেয় নিয়ে তোমরা এসেছ? মহৎ আকাঙ্ক্ষা। তোমরা বিদ্যালয়ে শিখবে বলে ভর্তি হয়েছ। শিখতে হবে ভেবে দেখো। পাখি তার মা–বাবার কাছে কী শেখে, পাখা মেলতে শেখে, উড়তে শেখে। মানুষকেও তার অন্তরের পাখা মেলতে শিখতে হবে। তাকে শিখতে হবে কী করে বড় আকাঙ্ক্ষা করতে হয়, স্বপ্ন দেখতে হয়। পেট ভরাতে হবে এ শিখবার জন্য বেশি সাধনার দরকার নেই; কিন্তু পুরো মানুষ হতে হবে– এ শিক্ষার জন্য যে অপরিমিতি আকাঙ্ক্ষার দরকার তাকে শেষ পর্যন্ত জাগিয়ে রাখবার জন্য প্রয়োজন মানুষের শিক্ষা ও সাধনা।

*অথবা*, (খ) ভাব–সম্প্রসারণ করো :

সুশিক্ষিত লোক মাত্রই স্বশিক্ষিত।

১১। (ক) সাম্প্রদায়িক সম্প্রিতি সম্পর্কে দুই বন্ধুর মধ্যে একটি সংলাপ রচনা করো। ১০

*অথবা*, (খ) 'রক্তঝরা ফাগুন' শিরোনামে একটি ক্ষুদে গল্প রচনা করো।

১২। যেকোনো **একটি** বিষয় অবলম্বনে প্রবন্ধ লেখো: ২০

(ক) আধুনিক তথ্য প্রযুক্তি ও বাংলাদেশ

(খ) মুক্তিযুদ্ধের চেতনা ও আমাদের করণীয়

(গ) জাতিগঠনে নারী সমাজের ভূমিকা

(ঘ) বাংলাদেশের পযটন শিল্প : সমস্যা ও সম্ভাবনা

(ঙ) বই পড়ার আনন্দ

## ৪৭ ঢাকা সিটি কলেজ

### বাংলা দ্বিতীয় পত্র

**সময়** : ৩ ঘণ্টা; পর্ণমান : ১০০

**ক–বিভাগ (ব্যাকরণ)–৩০**

১। (ক) ম–ফলা উচ্চারণের যেকোনো পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখো। ৫

*অথবা*, (খ) নিচের যেকোনো পাঁচটি শব্দের উচ্চারণ লেখো।

পদ্য, অনিঃশেষ, রাষ্ট্রপতি, হৃদয়, লক্ষণ, ব্যতীত, ক্রম, এখন।

২। (ক) ণত্ব–বিধি কী? উদাহরণসহ ণত্ব–বিধির পাঁচটি নিয়ম লেখো। ৫

*অথবা*, (খ) নিচের যেকোনো পাঁচটি শব্দের শুদ্ধ বানান লেখো :

প্রত্যুশ, পৈত্রিক, রেজিস্ট্রেশন, স্বান্তনা, অনুসয়া, ভূবন, বুৎপত্তি, মন্ত্রিসভা।

৩। (ক) বিশেষণ কাকে বলে? উদাহরণসহ বিশেষণের শ্রেণিবিভাগ আলোচনা করো। ৫

*অথবা*, (খ) নিম্নরেখ যেকোনো পাঁচটি শব্দের ব্যাকরণিক শ্রেণি নির্দেশ করো।

শেষবেলায় খালে <u>এখন</u> পুরো ভাটা। জল নেমে গিয়ে কাদা <u>আর</u> ভাঙা ইটপাটকেল ও <u>ওজনে ভারি</u> আবর্জনা বেরিয়ে <u>পড়েছে</u>। <u>কংক্রিটের</u> পুলের কাছে খালের <u>ধারে</u> লাগানো <u>সালতি</u> থেকে খড় <u>তোলা হচ্ছে</u> পাড়ে।

৪। (ক) 'উপসর্গের অর্থবাচকতা নেই, কিন্তু অর্থদ্যোতকতা আছে।' –আলোচনা করো। ৫

*অথবা*, (খ) প্রত্যয়ের নামসহ প্রকৃতি ও প্রত্যয় নির্ণয় করো। (যেকোনো পাঁচটি)

রাখাল, বাদলা, লিখিত, সম্রাট, প্রেম, কাঠুরে, পানতা, ত্যাগ।

৫। (ক) অর্থানুসারে বাংলা বাক্য কত প্রকার ও কী কী? উদাহরণসহ বুঝিয়ে দাও। ৫

*অথবা*, (খ) বন্ধনীর নির্দেশ অনুসারে যেকোনো পাঁচটি বাক্যের বাক্যান্তর করো।

i) তুমি আস, তবে আমি যাবো। (সরল বাক্য)
ii) যে বিচারক বা নৈয়ায়িক, কষ্মিনকালে কেহ তাহাকে কিছু বুঝাইতে পারে না। (সরল বাক্য)
iii) তোমরা মনুষ্য, আমরা বিড়াল, প্রভেদ কী? (নেতিবাচক)
iv) পরোপকারই পরম ধর্ম। (নেতিবাচক)
v) আসলে এটি জটিল প্রাণ নয়। (অস্তিবাচক)
vi) সে মরবে কিন্তু একথা বলবে না। (জটিল বাক্য)
vii) দশ মিনিট পর ট্রেন এলো। (যৌগিক বাক্য)
viii) জীবে দয়া করা উচিত। (অনুজ্ঞাবাক্য)

৬। (ক) যেকোনো পাঁচটি বাক্যের অপপ্রয়োগ শুদ্ধ করে লেখো : ৫

i) নীরব ভাষায় বৃক্ষ আমাদের স্বার্তকতার গান গেয়ে শোনায়।
ii) ভুলের মধ্য দিয়ে গিয়েই সত্যক পাওয়া যায়।
iii) জাদুঘর একটা শক্তিশালী সামাজিক সংগঠক।
iv) সর্ব শরীরেই ব্যথা, ঔষধ দিব কোথা?
v) তাতে সমাজের ধনবৃদ্ধি হইবে না।
vi) দারিদ্রতাকে জয় করতে হলে পরিশ্রম দরকার।
vii) আমি এই ঘটনা চাক্ষুস প্রত্যক্ষ করিয়াছি।
viii) সব মাছগুলোর দাম কত?

*অথবা*, (খ) নিচের অনুচ্ছেদের অপপ্রয়োগগুলো শুদ্ধ করো :

"দেখি তো, ফীট করে কিনা।" আসমা এগিয়ে এসে তার গায়ে রেইনকোট চরিয়ে দিতে দিতে বলে, "মিন্টু তো আবার অনেক লম্বা। তোমার গায়ে হবে তো?"– দেখো ফের মিন্টুর দীর্ঘ্যের তুলনা করে তার সঙ্গে। এই ভাইকে নিয়ে এরূপ বাড়াবাড়ি করাটা কি আসমার ঠিক হইতেছে?

**খ–বিভাগ (নির্মিতি)–৭০**

৭। (ক) যেকোনো **দশটি** শব্দের পারিভাষিক রূপ লেখো : ১০

Article, Background, Cable, Deposit, Export, Follow-up, Gist, Highway, Investigation, Refugee, Transparency, Undertaking, Venue, Skill, Quarter.

*অথবা*, (খ) বাংলায় অনুবাদ করো :

Many people put off for tomorrow the work they can do today. Students also very often put off their class lessons for tomorrow. Nothing is more injurious than this habit. Men do not know what will happen tomorrw. A lot of troubles and dangers may come and upset everything.

৮। (ক) তোমার কলেজে প্রথম দিনের অভিজ্ঞতা বর্ণনা করো। ১০

*অথবা*, (খ) মাদকদ্রব্যের ভয়াবহ পরিণতি সম্পর্কে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে যুব সমাজের উদ্দেশ্যে একটি ভাষণ রচনা করো।

৯। (ক) সড়ক দুর্ঘটনায় মারাত্মকভাবে আহত কোনো মেধাবী বন্ধুর জন্য জরুরিভাবে রক্ত ও আর্থিক সাহায্য চেয়ে একটি ই–মেইল তৈরি করো। ১০

*অথবা*, (খ) শিক্ষাসফরে প্রেরণের আবেদন জানিয়ে তোমার কলেজের অধ্যক্ষের কাছে একটি দরখাস্ত লেখো।

১০। (ক) সারমর্ম লেখো : ১০

কোথায় স্বর্গ? কোথায় নরক? কে বলে তা বহুদূর?
মানুষেরই মাঝে স্বর্গ–নরক, মানুষেতে সুরাসুর।
রিপুর তাড়নে যখনি মোদের বিবেক পায় গো লয়
আত্মগ্লানির নরক অনলে তখনি পুড়িতে হয়।
প্রীতি ও প্রেমের পণ্য বাঁধনে যবে মিলি পরস্পরে,
স্বর্গ আসিয়া দাঁড়ায় তখন আমাদেরই কুঁড়ে ঘরে।

অথবা, (খ) ভাব–সম্প্রসারণ করো :
জন্ম হোক যথাতথা কর্ম হোক ভালো।

১১। (ক) বৈশ্বিক উষ্ণতা বৃদ্ধি ও বিশ্ব জলবায়ুর পরিবর্তনের সাম্প্রতিক প্রবণতা বিষয়ে দুই বন্ধুর সংলাপ রচনা করো। ১০

অথবা, (খ) 'বিপদে বন্ধুর পরিচয়' শিরোনামে একটি খুদে গল্প লেখো।

১২। যেকোনো **একটি** বিষয় অবলম্বনে প্রবন্ধ লেখো : ২০
(ক) মুক্তিযুদ্ধের চেতনা এবং আমাদের করণীয়:
(খ) তথ্য প্রযুক্তি ও বাংলাদেশ;
(গ) দুর্নীতি : উন্নয়নের অন্তরায়;
(ঘ) জাতীয় উন্নয়নে নারী সমাজের ভূমিকা;
(ঙ) শিষ্টাচার।

## ৪৮ বি এ এফ শাহীন কলেজ, ঢাকা

### বাংলা দ্বিতীয় পত্র

**সময় : ৩ ঘণ্টা; পূর্ণমান : ১০০**

**ক–বিভাগ (ব্যাকরণ)–৩০**

১। (ক) উদাহরণসহ 'এ' ধ্বনি উচ্চারণের পাঁচটি নিয়ম লেখো। ৫

অথবা, (খ) যেকোনো 'পাঁচটি শব্দের উচ্চারণ লেখো।
আত্তীকরণ, জীববিজ্ঞান, পরীক্ষা, বৃক্ষ, ব্রহ্মাণ্ড স্মর্তব্য, হ্রাস, মন্ত্রী।

২। (ক) বাংলা একাডেমি প্রণীত প্রমিত বাংলা বানানের যেকোনো পাঁচটি নিয়ম লেখো। ৫

অথবা, (খ) যেকোনো পাঁচটি শব্দের শুদ্ধ বানান লেখো :
আকাংখা, আইনজিবি, উদিচি, পরিষ্কার, মুমুর্ষু, শশ্মান, প্রাণীজগত, ঐক্যতান।

৩। (ক) উদাহরণসহ নাম বিশেষণের শ্রেণিবিভাগ আলোচনা করো। ৫

অথবা, (খ) নিচের অনুচ্ছেদ থেকে পাঁচটি সমাপিকা ক্রিয়া চিহ্নিত করো :
পণ সম্বন্ধে দুই পক্ষে পাকপাকি কথা ঠিক হইয়া গিয়াছিল। মামা নিজেকে অসামন্যে চতুর বলিয়াই অভিমান করিয়া থাকেন। কথাবার্তায় কোথাও তিনি কিছু ফাঁক রাখেন নাই। টাকার অঙ্ক তো স্থির ছিলই, তারপরে গহনা কত ভরির এবং সোনা কত দরের হইবে সেও একেবারে বাঁধাবাঁধি হইয়া গিয়াছিল। আমি নিজে এসমস্ত কথার মধ্যে ছিলাম না। জানিতাম না দেনা–পাওনা কি স্থির হইল।

৪। (ক) 'উপসর্গের অর্থবাচকতা নেই, কিন্তু অর্থদ্যোতকতা আছে'– আলোচনা করো। ৫

অথবা, (খ) ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় করো : (যেকোনো পাঁচটি)
হররোজ, পলান্ন, বকধার্মিক, সস্ত্রীক, ভূতপর্ব, আয়কর, অপদার্থ, টীকাভাষ্য।

৫। (ক) উদাহরণসহ সার্থক বাক্যের গুণাবলি আলোচনা করো। ৫

অথবা, (খ) নির্দেশনা অনুসারে বাক্য রূপান্তর করো : (যেকোনো পাঁচটি)
i) আমি এ সাক্ষী চাই না। (জটিল)
ii) যারা ছাত্র তাদের অধ্যয়নই তপস্যা। (সরল)
iii) সে অনেক চেস্টা করে সাফল্য লাভ করেছে। (যৌগিক)
iv) প্রিয়ংবদা যথার্থ করিয়াছে। (নেতিবাচক)
v) অনেকদিন মৃত্যুঞ্জয়ের দেখা নাই। (প্রশ্নবোধক)
vi) দেশের সেবা করা উচিত। (অনুজ্ঞা)
vii) তাতে সমাজ জীবন চলে না। (অস্তিবাচক)
viii) লোভ পরিত্যাগ করো তুমি সুখে থাকবে। (সরল)

৬। (ক) যেকোনো পাঁচটি বাক্য শুদ্ধ করে লেখো : ৫
i) দৈন্যতা প্রশংসনীয় নয়।
ii) অপরাহ্ন লিখতে অনেকেই ভুল করে।
iii) তিনি স্বপরিবারে ঢাকায় থাকেন।
iv) তিনি মোকদ্দমায় সাক্ষী দেবেন।
v) বাক্যটির উৎকর্ষতা প্রশংসনীয়।
vi) চন্দ্র উদয় হইল।
vii) আগত শনিবারে তারা যাবে।
viii) দশচক্রে ঈশ্বর ভূত।

অথবা, (খ) অনুচ্ছেদে বিদ্যমান অপপ্রয়োগগুলো শুদ্ধ করো :
রাত এগারোটায় আমরা স্টেশনে আসলাম। জাহাজ ঘাটেই ছিল, আমরা উঠিয়া পড়লাম। জাহাজ না ছাড়া পর্যন্ত সহকর্মীরা অপেক্ষা করল। রাত একটার সময় সকলের কাছ থেকে বিদায় নিলাম। বললাম, 'জীবনে আর দেখা না হতেও পারে।' ....

**খ–বিভাগ (নির্মিতি)–৭০**

৭। (ক) যেকোনো **দশটি** শব্দের বাংলা পরিভাষা লেখো : ১০
Acting, Civil War, Goods, Idiom, Index, Journal, Myth, Subsidy, Secularism, Deputation, Handbill, Leap-year, Mayor, Muscum, Post-mortem.

অথবা, (খ) নিচের অনুচ্ছেদটি বাংলায় অনুবাদ করো :
The war of Liberation is a unique incident in our national life. The dauntless sons of Bangladesh have liberated the country sacrificing their lives. The freedom fighters are our pride. Their memory shall remain immortal in history. It is our moral responsibility to pay homage to them.

৮। (ক) ঢাকা শহরে প্রথম দিন কাটানোর ঘটনা নিয়ে একটি দিনলিপি রচনা করো। ১০

অথবা, (খ) তোমার কলেজে নজরুল–জয়ন্তী উদযাপিত হয়েছে–এর ওপর একটি প্রতিবেদন রচনা করো।

৯। (ক) মা দিবসের শুভেচ্ছা জানিয়ে মাকে একটি খুদেবার্তা পাঠাও। ১০

অথবা, (খ) বিজ্ঞান পড়ার প্রতি উৎসাহ দিয়ে ছোট ভাইকে একটি পত্র লেখো।

১০। (ক) নিম্নের অনুচ্ছেদটির সারাংশ লেখো : ১০
অনেকের ধারণা এই যে, মহৎ ব্যক্তি শুধু উচ্চ বংশেই জন্মগ্রহণ করিয়া থাকেন। নীচকুলে মহতের জন্ম হয় না। কিন্তু প্রকৃতির দিকে দৃষ্টিপাত করিলেই দেখা যায় যে, মানুষের ধারণা অতিশয় ভ্রমাত্মক। পদ্মফুল ফুলের রাজা। রূপে-গন্ধে সে অতুলনীয়। কিন্তু ইহার জন্ম হয় পানের অযোগ্য পানি ভরা এতো পুকুরে। পক্ষান্তরে, বটবৃক্ষ বৃক্ষকুলের মধ্যে বিশেষ মর্যাদাসম্পন্ন বটে, অথচ বহু বৃক্ষের ফল আমরা আস্বাদন করি, এত খ্যাতনামা যে বটগাছ, তাহার ফল আমাদের অখাদ্য।

অথবা, (খ) ভাব–সম্প্রসারণ করো :
সংসার সাগরে দুঃখ তরঙ্গের খেলা
আশা তার একমাত্র ভেলা।

১১। (ক) বই মেলা সম্পর্কে দুই বন্ধুর মধ্যকার সংলাপ রচনা করো। ১০

অথবা, (খ) 'একটি নিঃসঙ্গ নদী' শিরোনামে একটি খুদেগল্প রচনা করো।

১২। যেকোনো **একটি** বিষয়ে প্রবন্ধ লেখো। ২০
(ক) কৃষিকাজে বিজ্ঞান
(খ) রূপসী বাংলাদেশ
(গ) বই পড়ার আনন্দ
(ঘ) পরিবেশ দষণ ও তার প্রতিকার
(ঙ) নারীর ক্ষমতায়ন

## ৪৯ সেন্ট যোসেফ উচ্চ মাধ্যমিক বিদ্যালয়, ঢাকা

### বাংলা দ্বিতীয় পত্র

**সময় : ৩ ঘণ্টা; পূর্ণমান : ১০০**

**ক–বিভাগ (ব্যাকরণ)–৩০**

১। (ক) ম–ফলা উচ্চারণের ৫টি নিয়ম লেখো। ৫

*অথবা*, (খ) যেকোনো পাঁচটি শব্দের উচ্চারণ লেখো :

আহ্বান, অধ্যাপক, ঐতিহ্য, ব্রাহ্মণ, নাগরিক, জগদ্বিখ্যাত, চিহ্নিত, কক্ষ।

২। (ক) বাংলা একাডেমি প্রণীত প্রমিত বাংলা বানানের পাঁচটি নিয়ম লেখো। ৫

*অথবা*, (খ) যেকোনো পাঁচটি শব্দ শুদ্ধ করে লেখো :

উপরোক্ত, দুর্বিসহ, সমিচিন, ইতিপর্বে, প্রণয়ন, সর্বশান্ত, মুহর্ত, শান্তনা।

৩। (ক) ক্রিয়াপদ কাকে বলে? ক্রিয়াপদের শ্রেণিবিভাগ আলোচনা করো। ৫

*অথবা*, (খ) নিচের অনুচ্ছেদ থেকে নিম্নরেখ শব্দগুলোর ব্যাকরণিক শব্দশ্রেণি নির্দেশ করো :

মোদের গরব মোদের আশা, আ মরি বাংলা ভাষা। বাংলা ভাষা দিয়ে আমি আমার ভাবনার দুয়ার খুলি। বাংলা ভাষাতেই আমি প্রকাশ করতে পারি আমার আজন্মের লালিত বাসনাগুচ্ছকে। চৈতন্য জুড়ে লক্ষত্রের মতো জ্বল জ্বল করে দুলতে থাকে আমার ভাষার বর্ণমালা। আমি ভালোবাসি বর্ণে বর্ণে শোণিত পৃষ্ঠাগুলো অথবা ভালোবাসি মুখে উচ্চারিত আমার ভাষার ধ্বনিগুঞ্জনকে।

৪। (ক) ব্যাসবাক্যসহ সমাস লেখো (যেকোনো পাঁচটি) ৫

নরাধম, প্রীতিভোজ, ডাকমাশুল, নীলোৎপল, মৌমাছি, চৌচালা, সাত–সতেরো, ঘনশ্যাম

*অথবা*, (খ) নামসহ প্রকৃতি–প্রত্যয় নির্ণয় করো (যেকোনো পাঁচটি):

দারোয়ান, মৃন্ময়, সম্রাট, উক্তি, কর্তব্য, রোগাটে, দ্রাঘিমা, ভয়।

৫। (ক) বাক্য কাকে বলে? অর্থগত দিক থেকে বাক্যের শ্রেণিবিভাগ আলোচনা করো। ৫

*অথবা*, (খ) বাক্যান্তর করো : (যেকোনো পাঁচটি)

i) আমি আশা ছাড়িতে পারিলাম না। (অস্তিবাচক)
ii) আমার এমন কিছু নেই যা তোমাকে দিতে পারি। (সরল)
iii) আমি বহু কষ্টে শিক্ষালাভ করেছি। (যৌগিক)
iv) জননী ও জন্মভূমি কি স্বর্গের চেয়ে প্রিয় নয়? (নির্দেশাত্মক)
v) মানুষ অমর নয়। (অস্তিবাচক)
vi) আইন মেনে চলা কর্তব্য। (অনুজ্ঞাবাচক)
vii) রাঙ্গামাটির প্রাকৃতিক দৃশ্য খুবই চমৎকার। (বিস্ময়বোধক)
viii) লোকটি অত্যন্ত দরিদ্র। (বিস্ময়সচক)

৬। (ক) যেকোনো পাঁচটি বাক্য শুদ্ধ করে লেখো : ৫

i) স্বজনেরা মরা দাহ করতে শশ্মানে গেছেন।
ii) পাহাড়ের প্রাকৃতিক বৈচিত্রতা আমাদের মুগ্ধ করে।
iii) বিশ্বে বাংলা ভাষাভাষীর সংখ্যা প্রায় পঁচিশ কোটি।
iv) লোকটাকে পর্ণচন্দ্র দিয়ে বিদায় করে দাও।
v) যাবতীয় প্রাণীবৃন্দ এ গ্রহের বাসিন্দা।
vi) পরীক্ষা চলাকালীন সময়ে হর্ন বাজানো নিষেধ।
vii) গীতাঞ্জলী একটি কাব্যগ্রন্থ।
viii) সুশিক্ষার কোনো বিকল্প নেই।

*অথবা*, (খ) অনুচ্ছেদের অপপ্রয়োগগুলো শুদ্ধ করো :

নিজেকে সজ্জিত করার অক্ষমতার জন্য সে সাধারণভাবেই থাকত। কিন্তু তার শ্রেণির অন্যতম হিসেবে সে ছিল অসুখী। তাদের কোনো জাতীবর্ণ নেই। কারণ জন্মের পরে পরিবার থেকেই তারা শ্রী, সৌন্দর্যতা ও মাধুর্যতা সম্পর্কে সজাগ হয়ে ওঠে। সহজাত চাতুর্য, প্রকৃতিগত রুচি আর বৃদ্ধির নমনিয়তাই হলো তাদের আভিজাত্য, যার ফলে অনেক সাধারণ পরিবারের মেয়েকেও বিশিষ্ট মহিলার সমকক্ষ করে তোলে।

**খ–বিভাগ (নির্মিতি)–৭০**

৭। (ক) যেকোনো **দশটি** শব্দের বাংলা পারিভাষিক রূপ লেখো : ১০

Landscape, Secular, Sponsor, Bilingual, Racism, Ethics, Syntax, Myth, Trail, Subsidy, Ad-hoc, Dialect, Validity, Immigrant, Parole.

*অথবা*, (খ) নিচের অনুচ্ছেদটি বাংলায় অনুবাদ করো :

Man cannot live alone. So he likes to keep company. He cannot do without the help of other even for a day. For this reason men have been living together for many days. This is called social life. None can go according to this sweet will in society.

৮। (ক) একুশে ফেব্রুয়ারি প্রভাতফেরিতে কেন্দ্রীয় শহিদ মিনারে যাওয়ার অভিজ্ঞতা বর্ণনা করো। ১০

*অথবা*, (খ) তোমার কলেজে অনুষ্ঠিত বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার বিবরণ দিয়ে একটি প্রতিবেদন রচনা করো।

৯। (ক) সামাজিক যোগাযোগ মাধ্যমে অধিক সময় না দিয়ে পড়ালেখায় মনোযোগী হতে ছোট ভাইকে একটি বৈদ্যুতিক চিঠি লেখো। ১০

*অথবা*, (খ) কোনো কলেজে রসায়ন বিষয়ে প্রভাষক পদে নিয়োগের জন্য একটি আবেদনপত্র লেখো।

১০। (ক) সারমর্ম লেখো : ১০

যে নদী হারায়ে স্রোত চলিতে না পারে
সহস্র শৈবাল দাম বাঁধে আসি তারে।
যে জাতি জীবনহারা অচল অসার
পদে পদে বাঁধে তারে জীর্ণ লোকাচার
সর্বজন সর্বক্ষণ চলে সেই পথে
তৃণগুল্ম সেথা নাহি জন্মের কোনো মতে।
যে জাতি চলে না কভু তারি পথ ধরে
তন্ত্র মন্ত্র সংহিতায় চরণ না সরে।

*অথবা*, (খ) ভাব–সম্প্রসারণ করো :

মঙ্গল করিবার শক্তিই ধন, বিলাস ধন নহে।

১১। (ক) শিক্ষাসফরের প্রয়োজনীয়তা নিয়ে দুই বন্ধুর কথোপকথন রচনা করো। ১০

*অথবা*, (খ) প্রদত্ত উদ্দীপক অনুসরণে বিষয়ে একটি খুদেগল্প রচনা করো।

ঘরে কোনো খাবার নেই। কাজও জোটে না। এখন ...

১২। যেকোনো **একটি** বিষয় অবলম্বনে প্রবন্ধ লেখো : ২০

(ক) বাংলাদেশের পোশাকশিল্প
(খ) বইমেলা
(গ) ইন্টারনেট
(ঘ) স্বদেশপ্রেম
(ঙ) পরিবেশ দষণ ও তার প্রতিকার

## ৫০ মাইলস্টোন কলেজ, ঢাকা

### বাংলা দ্বিতীয় পত্র

**সময় : ৩ ঘণ্টা; পূর্ণমান : ১০০**

**ক–বিভাগ (ব্যাকরণ)–৩০**

১। (ক) ব্যঞ্জনধ্বনি উচ্চারণের পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখো। ৫

*অথবা*, (খ) যেকোনো পাঁচটি শব্দের উচ্চারণ লেখো।
ওজস্বী, মৃন্ময়, সক্ষ্ম, ব্যতিক্রম, বিশ্বব্রহ্মাণ্ড, সুশৃঙ্খল, লক্ষ্যভ্রষ্ট, পদপ্রার্থী।

২। (ক) বাংলা একাডেমি প্রণীত প্রমিত বাংলা বানানের নিয়ম অনুসারে অ-তৎসম শব্দের বানানের পাঁচটি নিয়ম লেখো। ৫

অথবা, (খ) যেকোনো পাঁচটি শব্দের বানান শুদ্ধ করে লেখো।
শুশ্রুশা, কুন্ডমন্ডক, সন্যাসি, প্রোজ্জলন, স্মরণাথী, সমিপবর্তিনি, শ্বাসত, নীরিক্ষন।

৩। (ক) বিশেষণপদ কাকে বলে? উদাহরণসহ বিশেষণপদের শ্রেণিবিভাগ লেখো। ৫

*অথবা*, (খ) নিম্নরেখ যেকোনো পাঁচটি শব্দের ব্যাকরণিক শব্দ নির্দেশ করো :

i) আমার পথ দেখাবে আমার সত্য।
ii) নির্জল দুগ্ধপানে পরিতৃপ্ত হইয়াছে।
iii) নিশীথ রাতে বাঁশি বাজে।
iv) ওগো আজ তোরা যাসনে ঘরের বাহিরে।
v) পখাল ভাতের সহিত লবণ জুটাইতে পারিত না।
vi) ফুলের ফোঁটা আর নদীর গতি এক নয়।
vii) চলন্ত বাস থেকে লাফিয়ে নামছে যাত্রীরা।
viii) আমার কর্ণধার আমি।

৪। (ক) প্রত্যয়ের নামসহ যেকোনো পাঁচটি প্রকৃতি প্রত্যয় নির্ণয় করো : ৫
তাত্ত্বিক, শোচনীয়, বাচ্য, অনুচর, দারোয়ান, ন্যায্য, বৈদিক, ধনুরি।

*অথবা*, (খ) ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখো (যেকোনো পাঁচটি) :
বিধিলিপি, তন্মাত্র, ফুলকুমারী, বেওয়ারিশ, বসতবাড়ি, ঘরমুখো, সহস্রাব্দ, মাথামুণ্ডু।

৫। (ক) বাক্য কাকে বলে? অর্থ অনুসারে বাংলা বাক্যের শ্রেণিবিভাগ উদাহরণসহ আলোচনা করো। ৫

*অথবা*, (খ) বাক্যান্তর করো (যেকোনো পাঁচটি)

i) তাড়াতাড়ি স্টেশনে না গেলে গাড়ি ধরতে পারবে না। (যৌগিক)
ii) দেশের প্রচলিত ধর্মকর্মে তাঁর আস্থা ছিল না। (অস্তিবাচক)
iii) অনেক দিন মৃত্যুঞ্জয়ের দেখা নাই। (প্রশ্নবাচক)
iv) ভুলগুলো এখনই সংশোধন করা প্রয়োজন (অনুজ্ঞাবাচক)
v) অচিরেই তাদের ভুল ভাঙে। (নেতিবাচক)
vi) তোমার বয়স কম বলে ক্ষমা করলাম। (জটিল)
vii) পিতা কন্যার দীর্ঘায়ু কামনা করলেন। (যৌগিক)
viii) এবার আমার একটা অভিজ্ঞতা হলো, যা বিচিত্র। (সরল)

৬। (ক) যেকোনো পাঁচটি বাক্য শুদ্ধ করে লেখো : ৫

i) তাহার সৌজন্যতায় মুগ্ধ হয়েছি।
ii) শবপোড়া সম্পন হলো।
iii) সমগ্র প্রাণীকুল এ গ্রহের বাসিন্দা।
iv) ঘরের খেয়ে বনের বাঘ তাড়ানো।
v) আমি কারুর ধার ধারি না।
vi) কীর্তিবাস বাংলা রামায়ন লিখেছেন।
vii) ষড়ঋতুর সমাহারের দেশ বাংলাদেশ।
viii) পোশাক-পরিচ্ছদ পরিষ্কার রাখবে।

*অথবা*, (খ) অনুচ্ছেদটি শুদ্ধ করে লেখো :
ইদানিংকালে অনেক ছাত্ররা রাত জেগে ফেইসবুক দেখে। তাই পড়াশোনায় তারা বেশি আমনযোগী। প্রতিযোগিতা প্রতিদ্বন্দ্বীতার অভাবে তারা কাঙ্খিত পুরষ্কার পাচ্ছে না।

**খ–বিভাগ (নির্মিতি)–৭০**

৭। (ক) যেকোনো **দশটি** শব্দের পারিভাষিক রূপ লেখো : ১০
Appendix, Dead lock, Forecast, Gazetted, Hygienic, Index, Manuscript, Pass word, Surplus, Termination, Verification, Abstract, Secular, Profile, Survey.

*অথবা*, (খ) নিচের অনুচ্ছেদটি বাংলায় অনুবাদ করো :
Health is wealth. The sound condition of body means health. A good health is a guarantee for happiness. A healthy day labourer also can enjoy a sound sleep at night with his entire satisfaction of mind. A healthy man is an asset to his family. On the other hand a sick man is a liability to all.

৮। (ক) এইচএসসি পরীক্ষার পর্বরাতের প্রস্তুতি নিয়ে একটি দিনলিপি রচনা করো। ১০

*অথবা*, (খ) 'শিশুশ্রম বন্ধের আবশ্যকতা' বিষয়ে প্রধান অতিথির ভাষণ তৈরি করো।

৯। (ক) 'বইপড়া' কর্মসূচিতে পুরস্কারপ্রাপ্তি সম্পর্কে তোমার বাবার নিকট একটি বৈদ্যুতিন চিঠি পাঠাও। ১০

*অথবা*, (খ) তোমার এলাকায় মশার উপদ্রব নিরসনকল্পে কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করে সংবাদপত্রের প্রকাশোপযোগী একটি পত্র লেখো।

১০। (ক) সারমর্ম লেখো : ১০
কোনো সভ্য জাতিকে অসভ্য করার ইচ্ছা যদি তোমার থাকে, তাহলে তাদের সব বই ধ্বংস করো এবং সকল পণ্ডিতকে হত্যা করো, তোমার উদ্দেশ্য সিদ্ধ হবে। লেখক, সাহিত্যিক, পণ্ডিতরাই জাতির আত্মা। এই আত্মাকে যারা অবহেলা করে তারা বাঁচে না। দেশ ও জাতিকে উন্নত করতে ইচ্ছা করলে, সাহিত্যের সাহায্যেই তা করতে হবে। মানব মঙ্গলের জন্য যত অনুষ্ঠান আছে তার মধ্যে এটাই প্রধান ও সম্পূর্ণ। জাতির ভেতর সাহিত্যের ধারা সৃষ্টি করো, আর কিছুর আবশ্যকতা নেই।

*অথবা*, (খ) ভাব-সম্প্রসারণ করো :
পথের প্রান্তে আমার তীর্থ নয়,
পথের দু'ধারে আছে মোর দেবালয়।

১১। (ক) দ্রব্যমূল্য বৃদ্ধির বিষয়ে দুই সহকর্মীর সংলাপ রচনা করো। ১০

*অথবা*, (খ) 'রক্তদানের পুণ্য' শীর্ষক একটি খুদে গল্প রচনা করো।

১২। যেকোনো **একটি** বিষয় অবলম্বনে প্রবন্ধ রচনা করো। ২০
(ক) মুক্তিযুদ্ধের চেতনা ও আজকের বাংলাদেশ
(খ) বাংলাদেশের পোশাকশিল্প
(গ) কৃষিকাজে বিজ্ঞান
(ঘ) চতুর্থ শিল্পবিপ্লব ও বাংলাদেশ
(ঙ) সড়ক দুর্ঘটনা ও তার প্রতিকার

## ৫১ ঘাটাইল ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ, টাঙ্গাইল

### বাংলা দ্বিতীয় পত্র

**সময় : ৩ ঘণ্টা; পূর্ণমান : ১০০**

**ক–বিভাগ (ব্যাকরণ)–৩০**

১। (ক) বাংলা 'এ' ধ্বনি উচ্চারণের যেকোনো পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখো। ৫

*অথবা*, (খ) নিচের যেকোনো পাঁচটি শব্দের উচ্চারণ লেখো :
অধ্যক্ষ, ভবিষ্যৎ, বিজ্ঞপ্তি, ক্ষুদ্র, আবৃত্তি, ব্রাহ্মণ, অসীম, চিহ্নিত।

২। (ক) ণ–ত্ব বিধান কাকে বলে? উদাহরণসহ ণ–ত্ব বিধানের পাঁচটি নিয়ম লেখো। ৫

*অথবা*, (খ) নিচের যেকোনো পাঁচটি শব্দের শুদ্ধ বানান লেখো :
অপরাহ্ন, আকাগুক্ষা, উপরোক্ত, দুরাবস্থা, নিশিথিন, প্রনয়ন, মনকস্ট, সমিচীন।

৩। (ক) আবেগ শব্দ কাকে বলে? আবেগ শব্দের শ্রেণিবিভাগ উদাহরণসহ আলোচনা করো। ৫

*অথবা*, (খ) নিচের যেকোনো পাঁচটি শব্দের ব্যাকরণিক শব্দ শ্রেণি নির্দেশ করো :
i) দেখে যেন মনে হয় চিনি উহারে।
ii) পরের হিতের জন্য ভাব যদি নিরবধি।
iii) বিমুখ সমরে মোরে সৌমিত্রি কুমতি।
iv) আমাদের ছোট গাঁয়ে ছোট ছোট ঘর।
v) তিনটি ফুল আর অনেক পাতা।
vi) ওরে, তুই কোথায় চললি?
vii) কাজটা ভালোভাবে সম্পন্ন হয়েছে।
viii) তার মায়ের হাতের পিঠা যেন অমৃত।

৪। (ক) প্রত্যয়ের নামসহ প্রকৃতি ও প্রত্যয় নির্ণয় করো (যেকোনো পাঁচটি) : ৫
ঝালাই, নশ্বর, কারক, পান্তা, শ্রবণীয়, ইচ্ছুক, দ্রাঘিমা, শৈশব।

*অথবা*, (খ) নিচের যেকোনো পাঁচটি শব্দের ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখো :
আরক্তিম, আয়কর, করপল্লব, সশস্ত্র, কানাকানি, নীলাম্বর, পঙ্কজ, প্রবচন।

৫। (ক) বাক্য কাকে বলে? একটি সার্থক বাক্যের গুণ বা বৈশিষ্ট্যগুলো উদাহরণসহ লেখো। ৫

*অথবা*, (খ) বাক্য রূপান্তর করো (যেকোনো পাঁচটি) :
i) দেশকে ভালোবেসে শত শহিদ জীবন উৎসর্গ করেছেন। (প্রশ্নবাচক)
ii) ইহাদের ন্যায় রূপবতী রমণী আমার অন্তঃপুরে নাই। (জটিল)
iii) জননী ও জন্মভূমি কী স্বর্গের চেয়েও প্রিয় নয়? (নির্দেশাত্মক)
iv) একেই কি বলে সভ্যতা? (নেতিবাচক)
v) শম্ভুনাথ এ কথায় একেবারে যোগই দিলেন না। (অস্তিবাচক)
vi) যা বার্ধক্য, তাকে সব সময় বয়সের ফ্রেমে বাঁধা যায় না। (সরল)
vii) পরশমণির বয়স হইলেও শিক্ষা হয় নাই। (যৌগিক)
viii) ভুলগুলো এখনই সংশোধন করতে বলছি। (অনুজ্ঞাবাচক)

৬। (ক) নিচের যেকোনো পাঁচটি বাক্য শুদ্ধ করে লেখো : ৫
i) আমি সন্তোষ হলাম।
ii) এক পৌষে শীত যায় না।
iii) উৎপন্ন বৃদ্ধির জন্য কঠোর পরিশ্রম প্রয়োজন।
iv) বাংলাদেশ একটি সমৃদ্ধশালী দেশ।
v) রোগের বৃদ্ধি পেয়েছে।
vi) সুশিক্ষার কোনো বিকল্প নেই।
vii) সকল সভাগণ সভায় উপস্থিত ছিলেন।
viii) তাকে কলেজে যাইতে হইবে।

*অথবা*, (খ) অনুচ্ছেদটি শুদ্ধ করে লেখো :
আমাদের বঙ্গভূমি সুজলা, সুফলা, শস্য–শ্যামলা। তবুও চাষার উদরে অন্ন নাই কেন? ইহার উত্তর শ্রদ্ধাশীল রবীন্দ্রনাথ ঠাকুর দিয়েছেন, "ধান্য তার বসুন্ধরা যার।" তাই তো, অভাগা চাষাবৃন্দ কে? সে কেবলমাত্র 'ক্ষেত্রে ক্ষেত্রে পুইড়া মরিবে, "হাল বহন করিবে আর পাট উৎপন্ন করিবে। তাহা হইলে চাষার ঘরে যে 'মোরাই ভরা ধান ছিল, গোয়ালভরা গরু ছিল, উঠান ভরা মুরগি ছিল," একথার অর্থ কী?

**খ–বিভাগ (নির্মিতি)–৭০**

৭। (ক) যেকোনো **দশটি** শব্দের পারিভাষিক রূপ লেখো : ১০
Plosive, Annexation, Undertaking, Prescription, By-election, Recism, Correspondent, Latitude, Eye-wash, Hostage, Banquet, Bullethin, Grant, Dynamic, Ethics.

*অথবা*, (খ) বাংলায় অনুবাদ করো :
Shaheed Minar is the symbol of our love and sincerity for supreme sacrifice of our language martyre. It is located in front of Dhak Medical College. Hamidur Raman, a famous architect disgned this significant mounment. Its vertical lines symbolize the manifestations of inner strenght. The four colums on both sides of the central structure reflect the balance and harmony of united stand. Today, it has become a part of our political as well as cultural achievement and national source of inspiration.

৮। (ক) একজন মুক্তিযোদ্ধার মুক্তিযুদ্ধকালীন দিনলিপি লেখো। ১০

*অথবা*, (খ) খাদ্যদ্রব্যে ভেজাল বিষয়ে একটি অনুসন্ধানী প্রতিবেদন রচনা করো।

৯। (ক) মনে করো, তুমি ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তি হতে চাও। উক্ত বিশ্ববিদ্যালয়ের ভর্তি প্রক্রিয়া জানতে চেয়ে বিশ্ববিদ্যালয়ের রেজিস্টার বরাবর একটি ই–মেইল লেখো। ১০

*অথবা*, (খ) দেশের বর্তমান যুব সমাজের মাদকাসক্তি ও নৈতিক অবক্ষয় রোধের উপায় সম্পর্কে মতামত জানিয়ে সংবাদপত্রে প্রকাশের জন্য একটি চিঠি লেখো।

১০। (ক) সারমর্ম লেখো : ১০
স্বাধীনতা স্পর্শমণি সবাই ভালোবাসে,
সুখের আলো জ্বালে বুকে, দুঃখের ছায়া নাশে।
স্বাধীনতা সোনার কাঠি, খোদার সুধা দান,
স্পর্শে তাহার নেচে উঠে শূন্য দেহে প্রাণ।
মনুষ্যত্বের বান ডেকে যায় পশুর হৃদয় তলে,
বুক ফুলায়ে দাঁড়ায় ভীতু স্বাধীনতার বলে।

*অথবা*, (খ) ভাব–সম্প্রসারণ করো :
জ্ঞান যেখানে সীমাবদ্ধ, বুদ্ধি যেখানে আড়ষ্ট, মুক্তি সেখানে অসম্ভব।

১১। (ক) 'ফেসবুকের সুফল ও কুফল' বিষয়ে দুই বন্ধুর মধ্যে সংলাপ রচনা করো। ১০

*অথবা*, (খ) নিম্নোক্ত সংকেত অবলম্বনে একটি ক্ষুদে গল্প রচনা করো :
নদীতে দুই বন্ধুর নৌকাভ্রমণ .... পরস্পরের জন্য আত্মত্যাগের অঙ্গীকার .... আকস্মিক ঝড় ওঠে .... নৌকা ডুবে যায় .... একজন সাঁতার জানে, অন্যজন জানে না ...

১২। যেকোনো **একটি** বিষয় অবলম্বনে প্রবন্ধ লেখো : ২০
(ক) তথ্যপ্রযুক্তি ও উন্নয়নের অগ্রযাত্রায় বাংলাদেশ
(খ) বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ ও অর্থনৈতিক মুক্তি
(গ) রোহিঙ্গা সমস্যা ও সমাধানের উপায়
(ঘ) বাংলাদেশের পর্যটন শিল্প
(ঙ) অধ্যবসায়

## ৫২ নটর ডেম কলেজ, ময়মনসিংহ

### বাংলা দ্বিতীয় পত্র

**সময় : ৩ ঘণ্টা; পূর্ণমান : ১০০**

**ক–বিভাগ (ব্যাকরণ)–৩০**

১। (ক) 'অ' স্বরধ্বনি উচ্চারণের পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখো। ৫

*অথবা*, (খ) যেকোনো পাঁচটি শব্দের সঠিক উচ্চারণ লেখো :
ব্রাহ্মণ, অনিঃশেষ, ভবিষ্যৎ, প্রথম, স্বাগত, স্মর্তব্য, চৌর্য, প্রেতাত্মা।

২। (ক) ণ-ত্ব বিধান বলতে কী বোঝ? ণ-ত্ব বিধানের পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখো। ৫

*অথবা*, (খ) নিচের যেকোনো পাঁচটি শব্দের বানান শুদ্ধ করে লেখো :
স্বরস্বতী, মরিচিকা, স্বশাসন, পরিস্কার, মুমুর্ষ, মনিষী, স্নেহাশীস, বৃহস্পত্তি।

৩। (ক) যোজক শব্দ কাকে বলে? যোজক শব্দ কত প্রকার ও কী কী? উদাহরণসহ আলোচনা করো। ৫

*অথবা*, (খ) নিচের অনুচ্ছেদ থেকে পাঁচটি বিশেষণ নির্বাচন করো :
এতদিন যে প্রতি সন্ধ্যায় আমি বিনু দাদার বাড়িতে গিয়া তাহাকে অস্থির করিয়া তুলিয়াছিলাম। বিনুদার বর্ণনার ভাষা অত্যন্ত সংকীর্ণ বলিয়াই তার প্রত্যেক কথাটি স্ফুলিঙ্গের মতো আমার মনের মাঝখানে আগুন জ্বালিয়ে দিয়াছিল। বুঝিয়াছিলাম মেয়েটির রূপ বড়ো আশ্চর্য; কিন্তু না দেখিলাম তাহাকে চোখে, না দেখিলাম তাহার ছবি, সমস্তই অস্পষ্ট হইয়া রহিল।

৪। (ক) ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখো: (যেকোনো পাঁচটি) ৫
মিশকালো, রাজনীতি, ঊর্ণনাভ, প্রবচন, বিরান্নব্বই, আকর্ণ, কালান্তর, মুখেভাত।

*অথবা*, (খ) প্রত্যয়ের নামসহ প্রকৃতি ও প্রত্যয় বিশ্লেষণ করো : (যেকোনো পাঁচটি)
দ্রাঘিমা, মানব, সোনালি, দোলনা, ঈশ্বর, উত্তম, কর্তব্য, কাঁদন।

৫। (ক) বাক্যের সংজ্ঞাসহ একটি সার্থক বাক্যের বৈশিষ্ট্য উদাহরণসহ আলোচনা করো। ৫

*অথবা*, (খ) নির্দেশ অনুসারে যেকোনো পাঁচটি বাক্যের বাক্যান্তর করো :
i) এইমাত্র যে এলো সে একজন ছাত্র। (সরল)
ii) যদিও শিশিরের বয়স যথাসময়ে ষোলো হইলো তবু সেটা স্বভাবের ষোলো। (যৌগিক)
iii) এ কথা কোনো বাপ ভদ্র সমাজে কবুল করিতে চাহিত না। (প্রশ্নবাচক)
iv) সাহিত্য কি জীবনের স্বাভাবিক প্রকাশ নয়? (নির্দেশাত্মক)
v) আসামী গ্রামের মোড়ল। (জটিল)
vi) তাহারা কি অবিবেচক? (নেতিবাচক)
vii) সেই বাঁশির সুর ভারি মিষ্টি। (বিস্ময়বোধক)
viii) তোমার সুখ প্রত্যাশা করি। (প্রার্থনাসূচক)

৬। (ক) যেকোনো পাঁচটি বাক্য শুদ্ধ করে লেখো : ৫
i) পরবর্তীতে আপনি আবার আসবেন।
ii) দশচক্রে ঈশ্বর ভূত।
iii) এখানে খাঁটি গরুর দুধ পাওয়া যায়।
iv) দৈন্যতা প্রশংসনীয় নয়।
v) অন্যায়ের প্রতিফল দুর্নিবার্য।
vi) বৃক্ষটি সমলসহ উৎপাদিত হইয়াছে।
vii) চোখে হলদে ফুল দেখছি।
viii) তুমি যা করলে, তার আবশ্যিকতা ছিল না।

*অথবা*, (খ) অনুচ্ছেদের অপপ্রয়োগগুলো শুদ্ধ করো :
বাংলাদেশ একটি উন্নতশীল দেশ। দারিদ্র্যতা এদেশের অন্যতম সমস্যা। এদেশে স্বাক্ষরতার হারও অনেক দেশের তুলনায় কম। এসব সমস্যা দরীকরণে আমরা ঐক্যতাবদ্ধভাবে কাজ করে চলেছি। আমরা একটি সমৃদ্ধশালী বাংলাদেশ চাই।

**খ–বিভাগ (নির্মিতি)–৭০**

৭। (ক) যেকোনো দশটি শব্দের বাংলা পারিভাষিক রূপ লেখো : ১০
Ambassadro, Biography, Chancellor, Dialect, Elective, Fantasy, Gist, Hand bill, Leap year, Secular, Telecast, Urban, Voucher, Wholeale, Year Book.

*অথবা*, (খ) নিচের অনুচ্ছেদটি বাংলায় অনুবাদ করো :
Home is the first school where the child learns his first lessons. The first lessons are very important for the development of his mind. He sees, hears and begins to learn at home. It is home that builds his character. In a good home honest and healthy men are made.

৮। (ক) তোমার মাধ্যমিক পরীক্ষার ফলাফল প্রকাশের দিনের একটি রোজনামচা রচনা করো। ১০

*অথবা*, (খ) তোমার কলেজের সম্প্রতি সমাপ্ত 'প্রমিত বাংলা উচ্চারণ শীর্ষক কর্মশালার বিবরণ দিয়ে একটি প্রতিবেদন রচনা করো।

৯। (ক) বাংলা নববর্ষ উদযাপনের বৈচিত্র্য তুলে ধরে প্রবাসী বন্ধুকে পাঠানোর জন্য একটি ই-মেইল প্রস্তুত করো। ১০

*অথবা*, (খ) কোনো মাধ্যমিক বিদ্যালয় 'সহকারী শিক্ষক' পদে চাকরির জন্য আবেদনপত্র লেখো।

১০। (ক) সারমর্ম লেখো : ১০
বহুদিন ধরে বহু ক্রোশ দূরে
বহু ব্যয় করি বহু দেশ ঘুরে
দেখিতে গিয়াছি পর্বতমালা
দেখিতে গিয়াছি সিন্ধু।
দেখা হয় নাই চক্ষু মেলিয়া
ঘর হতে শুধু দুই পা ফেলিয়া
একটি ধানের শিষের উপর
একটি শিশির বিন্দু।

*অথবা*, (খ) ভাব-সম্প্রসারণ করো :
পথ পথিকের সৃষ্টি করে না, পথিকেই পথের সৃষ্টি করে।

১১। (ক) সম্প্রতি বিশ্ব ক্রিকেটে বাংলাদেশের সাফল্য নিয়ে দুই বন্ধুর মধ্যে সংলাপ রচনা করো। ১০

*অথবা*, (খ) প্রদত্ত উদ্দীপক অনুসরণে 'আমার শৈশব স্মৃতি' বিষয়ে একটি খুদে গল্প রচনা করো।
"পুরানো সেইদিনের কথা বলবি কীরে আয় ...

১২। যেকোনো **একটি** বিষয়ে প্রবন্ধ রচনা করো : ২০
(ক) তথ্যপ্রযুক্তি ও বাংলাদেশ
(খ) বাংলাদেশের পর্যটন শিল্প : সমস্যা ও সম্ভাবনা
(গ) একটি শারদীয় পূর্ণিমা
(ঘ) মুক্তিযুদ্ধ ও বাংলাদেশ
(ঙ) বাংলাদেশের সাহিত্য ও সংস্কৃতি

## ৫৩ রাজশাহী কলেজ

### বাংলা দ্বিতীয় পত্র

**সময় : ৩ ঘণ্টা; পূর্ণমান : ১০০**

**ক–বিভাগ (ব্যাকরণ)–৩০**

১। (ক) ম–ফলা ও য–ফলা উচ্চারণের যেকোনো পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখো। ৫
*অথবা*, (খ) যেকোনো পাঁচটি শব্দের উচ্চারণ লেখো :
অমাবস্যা, ভস্মীভূত, ব্রহ্মাণ্ড, আধ্যাত্মিক, শ্রদ্ধাস্পদ, অনুবীক্ষণ, প্রত্যয়, অনিঃশেষ।
২। (ক) বাংলা একাডেমি প্রণীত প্রমিত বাংলা বানানের পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখো। ৫
*অথবা*, (খ) যেকোনো পাঁচটি শব্দের বানানা শুদ্ধ করে লেখো :
শ্রমজীবি, বয়কনিষ্ঠ, দরদর্শিতা, নন্যতম, পানিনি, অনুসয়া, ষান্মাষিক, মনোপুত।
৩। (ক) বিশেষ্যের শ্রেণিবিভাগ উদাহরণসহ আলোচনা করো। ৫
*অথবা*, (খ) নিচের অনুচ্ছেদ থেকে রেখাঙ্কিত পাঁচটি শব্দের ব্যাকরণিক শ্রেণি চিহ্নিত করো :
সাধনার ব্যাপারে প্রাপ্তি একটা বড়ো জিনিস। নদীর সাগরে পতিত হওয়ায় সেই প্রাপ্তি স্পষ্ট হয়ে ওঠে না। সে তো প্রাপ্তি নয়, আত্মবিসর্জন। অপরপক্ষে বৃক্ষের প্রাপ্তি চোখের সামনে ছবি হয়ে ফুটে ওঠে।
৪। (ক) ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় করো (যেকোনো পাঁচটি) : ৫
যুগান্তর, উপজেলা, দ্বীপ, ভোররাত, ধনাঢ্য, শিক্ষামন্ত্রী, ধীরস্থির, সপ্তডিঙ্গা।
*অথবা*, (খ) প্রত্যয়ের নামসহ প্রকৃতি ও প্রত্যয় নির্ণয় করো (যেকোনো পাঁচটি)
প্রধান, দারিদ্র্য, বৃদ্ধি, দ্রাঘিমা, আশ্রয়, সাপুড়ে, দোলনা, মেটে।
৫। (ক) অর্থ অনুসারে বাক্য কত প্রকার ও কী কী? উদাহরণসহ আলোচনা করো। ৫
*অথবা*, (খ) নির্দেশ অনুসারে বাক্য রূপান্তর করো (যেকোনো পাঁচটি) :
i) বাঙালির আত্মজাগরণ অভিনন্দনের দাবি রাখে। (জটিল)
ii) স্বল্পপ্রাণ, স্থূলবুদ্ধি ও জবরদস্তিপ্রিয় মানুষে সংসার পরিপূর্ণ। (প্রশ্নসূচক)
iii) একথা স্বীকার করতেই হয়। (নেতিবাচক)
iv) সর্বদা তার মনে দুঃখ। (বিস্ময়বোধক)
v) যারা দেশপ্রেমিক তারা দেশকে ভালোবাসে। (সরল)
vi) আমরা বাধা দিতে পারলাম না। (অস্তিবাচক)
vii) বিদ্বান হলেও তার অহংকার নেই। (যৌগিক)
viii) সফলতার জন্য কঠোর পরিশ্রম প্রয়োজন। (অনুজ্ঞা)
৬। (ক) যেকোনো পাঁচটি বাক্য শুদ্ধ করে লেখো : ৫
i) উৎকর্ষতা না থাকলে রচনার গুণাগুণ থাকে না।
ii) সুশিক্ষার কোনো বিকল্প নেই।
iii) তিনি স্বপরিবারে কক্সবাজার বেড়াতে যাবেন।
iv) পরীক্ষা চলাকালীন সময়ে মাইক বাজানো নিষেধ।
v) পুলিশ অপরাধী সম্পর্কে নিঃসন্দিহান।
vi) অল্পদিনের মধ্যে তিনি আরোগ্য হলেন।
vii) কেবলমাত্র প্রতিযোগীরাই মঞ্চে আগমন করবে।
viii) পাহাড়ের প্রাকৃতিক বৈচিত্রতা আমাদের মুগ্ধ করে।
*অথবা*, (খ) অনুচ্ছেদ অপপ্রয়োগগুলো শুদ্ধ করে লেখো :
ইদানীংকালে যুবসমাজের মধ্যে মাদক ব্যাপক আকারে ছড়িয়ে পড়েছে। দিন দিন মাদকাসক্তের সংখ্যা বাড়িয়াই চলিতেছে। এর ফলে যুবসমাজ ধ্বংসের দ্বারে দাঁড়িয়েছে। সরকার কার্যকর পদক্ষেপ না নিলে দেশ ভালো সংকটে পড়বে। এই অবস্থা থেকে উত্তরণের জন্য সকল জনগণের সচেতনতা খুবই গুরুত্বপূর্ণ।

**খ–বিভাগ (নির্মিতি)–৭০**

৭। (ক) যেকোনো দশটি শব্দের বাংলা পারিভাষিক রূপ লেখো : ১০
Embargo, Capitalist, Bankrupt, Allegation, Flexible, Geology, Index, Literal, Monogram, Observation, Principle, Quota, Subsidy, Octave, Renew.
*অথবা*, (খ) নিচের অনুচ্ছেদটি বাংলায় অনুবাদ করো :
We should bear the courage to say the right thing. We need not fear men, nor care for what others think for us. So, long as our purpose is honest. God will be on our side. And with his help, we shall able to enocourage the weak. Thus we shall be able to march in life and search its goal.
৮। (ক) তোমার কলেজে বাংলা নববর্ষ উদযাপনে অর্জিত অভিজ্ঞতা বর্ণনা করো। ১০
অথবা, (খ) 'ডেঙ্গু প্রতিরোধে করণীয়' শীর্ষক সেমিনারে প্রধান বক্তার ভাষণ রচনা করো।
৯। (ক) বন্যাদুর্গত এলাকায় ত্রাণসাহায্য চেয়ে জেলা প্রশাসকের নিকট একটি ই–মেইল প্রেরণ করো। ১০
*অথবা*, (খ) তোমার কলেজে জাতীয় কবি কাজী নজরুল ইসলামের জন্মজয়ন্তী অনুষ্ঠান উদযাপন উপলক্ষে একটি আমন্ত্রণপত্র রচনা করো।
১০। (ক) সারমর্ম লেখো : ১০

চাব না পশ্চাতে মোরা, মানিব না বন্ধন ক্রন্দন
হেরিব না দিক–
গণিব না দিনক্ষণ, করিব না বিতর্ক বিচার
উদ্দাম পথিক
মুহূর্তে করিব না মৃত্যুর ফেনিল উন্মত্ততা
উপকণ্ঠে ভীর–
খিন্ন শীর্ণ জীবনের শত লক্ষ ধিক্কার লাঞ্ছনা
উৎসর্জন করি।

*অথবা*, (খ) ভাব–সম্প্রসারণ করো :
জ্ঞানশক্তি অর্জনই শিক্ষার উদ্দেশ্য।
১১। (ক) 'শিশু ও নারীর প্রতি সহিংসতা' বিষয়ে শিক্ষক–শিক্ষার্থীর সংলাপ রচনা করো। ১০
*অথবা*, (খ) 'গাছ লাগাও পরিবেশ বাঁচাও' শিরোনামে একটি খুদেগল্প রচনা করো।
১২। নিচের যেকোনো **একটি** বিষয় অবলম্বনে প্রবন্ধ লেখো: ২০
(ক) বিজ্ঞান ও আধুনিক জীবন।
(খ) জলবায়ু পরিবর্তন ও বৈশ্বিক উষ্ণায়ন।
(গ) মাদকাসক্তির কারণ ও তার প্রতিকার।
(ঘ) মুক্তিযুদ্ধ ও আজকের বাংলাদেশ।
(ঙ) দারিদ্র্য বিমোচনে নারী সমাজের ভূমিকা।

NABARUN PUBLICATION

## ৫৪ ইবনে তাহমিয়া স্কুল এন্ড কলেজ, কুমিল্লা

### বাংলা দ্বিতীয় পত্র

**সময় : ৩ ঘণ্টা; পূর্ণমান : ১০০**

**ক–বিভাগ (ব্যাকরণ)–৩০**

১। (ক) 'এ' ধ্বনি উচ্চারণের পাঁচটি নিয়ম লেখো। ৫

*অথবা*, (খ) নিচের যেকোনো পাঁচটি শব্দের উচ্চারণ লেখো।
ব্রাহ্মণ, মর্যাদা, অধ্যাপক, দায়িত্ব, বিজ্ঞান, আবৃত্তি, একাডেমি, জ্ঞাত।

২। (ক) যত্ব বিধান কী? যত্ব বিধানের চারটি নিয়ম লেখো। ৫

*অথবা*, (খ) নিচের যেকোনো পাঁচটি শব্দের শুদ্ধ বানান লেখো :
বুদ্ধিজীবী, সম্বর্ধনা, স্বত্ত্বা, কর্ণেল, নিশিথিনি, শশুষা, জ্যেষ্ঠা, শারিরীক।

৩। (ক) উদাহরণসহ সর্বনামপদের শ্রেণিবিন্যাস আলোচনা করো। ৫

*অথবা*, (খ) নিম্নরেখ যেকোনো পাঁচটি শব্দের ব্যাকরণিক শ্রেণি নির্দেশ করো :

i) নীল, হলুদ, বেগুনী অথবা সাদা।
ii) চলো কোথাও বেড়াতে যাই।
iii) হে বন্ধু বিদায়।
iv) রোদেলা দুপুর।
v) অধিক ভোজন অনুচিত।
vi) ট্রেনটা এখনই এসে পড়বে।
vii) অনেকেই ভাতের বদলে রুটি খায়।
viii) তখন টিপটিপ বৃষ্টি পড়ছিল।

৪। (ক) উপসর্গের অর্থবাচকতা নেই, কিন্তু অর্থদ্যোতকতা আছে– আলোচনা করো। ৫

*অথবা*, (খ) প্রত্যয়ের নামসহ প্রকৃতি ও প্রত্যয় নির্ণয় করো (যেকোনো পাঁচটি) :
বক্তব্য, ত্যাগ, মানব, সন্ন্যাসী, ভাস্কর, উক্তি, ভাবুক, অন্যান্য।

৫। (ক) বাক্য কাকে বলে? একটি সার্থক বাক্যের গুণ বা বৈশিষ্ট্যগুলো উদাহরণসহ লেখো। ৫

*অথবা*, (খ) বাক্য রূপান্তর করো (যেকোনো পাঁচটি) :

i) ভুল সবার হয়। (প্রশ্নবোধক)
ii) তোমাকে এই খাতায় লিখতে হবে। (অনুজ্ঞাবাচক)
iii) সংস্কৃতিবানরা শান্তিপ্রিয়। (জটিল)
iv) যিনি এইমাত্র এলেন তিনি একজন অধ্যাপক। (সরল)
v) কী ভয়ংকর ঘটনা। (নির্দেশাত্মক)
vi) দশ মিনিট পর ট্রেন এলো। (যৌগিক)
vii) বাড়িটা তারা দখল করেছে। (নেতিবাচক)
viii) ওকে চেনাই যায় না। (অস্তিবাচক)

৬। (ক) নিচের যেকোনো পাঁচটি বাক্য শুদ্ধ করে লেখো : ৫

i) মাতাহীন শিশুর কী দুঃখ।
ii) তাহাকে এখান থেকে যাইতে হবে।
iii) উপরোক্ত বাক্যটি শুদ্ধ নয়।
iv) ছেলেটি দুর্দান্ত মেধাবী।
v) সাবধান পূর্বক চলবে।
vi) বিদ্বান মূর্খ অপেক্ষা শ্রেষ্ঠ।
vii) অন্যান্য বিষয়গুলোর আলোচনা পরে হবে।
viii) নদীর জলে অস্তমান সূর্যের ছায়া পড়েছে।

*অথবা*, (খ) নিচের অনুচ্ছেদের অপপ্রয়োগগুলো শুদ্ধ করো :
নিবর ভাষায় বৃক্ষ আমাদের সার্থকের গান শোণায়। অনুভূতির কান দিয়ে সে গান শুনিতে হইবে। তাহলে বুঝতে পারা যাবে জীবনের মানে বৃদ্ধি, ধম্মের মানেও তাই।

**খ–বিভাগ (নির্মিতি)–৭০**

৭। (ক) যেকোনো **দশটি** শব্দের পারিভাষিক রূপ লেখো : ১০
Index, Dialect, Quack, Edition, Pass-word, Myth, Lease, Invoice, Manifesto, Public-works, Pay bill, Embargo, Campus, Deed, Galaxy.

*অথবা*, (খ) বাংলায় অনুবাদ করো :
A Patriot is a man who loves his country, works for it, and is willing to fight and die for it. Every soldier is bound to do his duty. But the best soldiers do more than this. They risk their lives because they love the country. They are the best friends of the people.

৮। (ক) তোমার কলেজ জীবনের কোনো তাৎপর্যপূর্ণ ঘটনার অভিজ্ঞতা বর্ণনা করো। ১০

*অথবা*, (খ) নিত্যপ্রয়োজনীয় খাদ্যদ্রব্যে সম্প্রতি ভেজাল মিশ্রণ প্রবণতা বিষয়ে একটি প্রতিবেদন রচনা করো।

৯। (ক) ইন্টারনেট ব্যবহারের সুফল ও কুফল সম্পর্কে পরামর্শ জানিয়ে ছোট ভাইকে বৈদুতিন চিঠি লেখো। ১০

*অথবা*, (খ) মাধ্যমিক বিদ্যালয়ে সহকারী শিক্ষকের শূন্যপদে চাকরি প্রার্থনা করে একটি আবেদনপত্র লেখো।

১০। (ক) সারমর্ম লেখো : ১০

জোটে যদি মোটে একটি পয়সা
খাদ্য কিনিও ক্ষুধার লাগি
দুটি যদি জোটে তবে অর্ধেকে
ফুল কিনে নিও, হে অনুরাগী।
বাজারে বিকায় ফল তন্দুল;
যে শুধু মিটার দেহের ক্ষুধা
হৃদয়ে প্রাণের ক্ষুধা নাশে ফুল
দুনিয়ার মাঝে সেই তো সুধা।

*অথবা*, (খ) ভাব–সম্প্রসারণ করো :
প্রাণ থাকলেই প্রাণী হয়, কিন্তু মন না থাকলে মানুষ হয় না।

১১। (ক) 'সড়ক দুর্ঘটনা বিষয়ে সচেতনতা' এই শিরোনামে দুই বন্ধুর মধ্যে সংলাপ রচনা করো। ১০

*অথবা*, (খ) 'মানুষ মানুষের জন্য' শিরোনামে একটি খুদে গল্প লেখো।

১২। যেকোনো **একটি** বিষয় অবলম্বনে প্রবন্ধ লেখো : ২০

ক. তথ্য প্রযুক্তি ও বাংলাদেশ
খ. মুক্তিযুদ্ধের চেতনা
গ. বাংলাদেশের পর্যটনশিল্প
ঘ. পরিবেশ দূষণ : কারণ ও প্রতিকার
ঙ. নারীশিক্ষা ও জাতীয় উন্নয়ন

## ৫৫ নোয়াখালী সরকারি কলেজ

### বাংলা দ্বিতীয় পত্র

**সময় : ৩ ঘণ্টা; পূর্ণমান : ১০০**

**ক–বিভাগ (ব্যাকরণ)–৩০**

১। (ক) 'এ' ধ্বনি উচ্চারণের পাঁচটি নিয়ম লেখো। ৫

*অথবা*, (খ) যেকোনো পাঁচটি শব্দের উচ্চারণ লেখো :
ঐতিহ্য, অধ্যাপক, অতঃপর, দিগ্বিজয়, আবৃত্তি, শ্রদ্ধা, অতুল, মন্তব্য।

২। (ক) অতৎসম শব্দের ক্ষেত্রে প্রমিত বাংলা বানানের পাঁচটি নিয়ম লেখো। ৫

*অথবা*, (খ) যেকোনো পাঁচটি শব্দের শুদ্ধ বানান লেখো :
প্রাতঃভ্রমণ, সায়ত্ত্বশাসন, শান্তনা, ভতসনা, বয়োকনিষ্ঠ, প্রজ্জ্বলন, হীনমন্যতা, শিরোচ্ছেদ।

৩। (ক) উদাহরণসহ ক্রিয়া বিশেষণের শ্রেণিবিভাগ আলোচনা করো। ৫

*অথবা*, (খ) নিম্নলিখিত অনুচ্ছেদের রেখাঙ্কিত যেকোনো পাঁচটি শব্দের ব্যাকরণিক শ্রেণি নির্দেশ করো :

i) এখানে কী মন্দটা দেখলে?
ii) সাদা কাপড় পরলেই মন সাদা হয় না।
iii) আমায় যদি কান্দাও বন্ধু তোমার কান্দন পরে।
iv) এত বৃষ্টি হল, তব গরম গেল না।
v) 'প্রথম' কথাটায় তোমার আপত্তি কেন?
vi) আজ বাংলাদেশ বনাম শ্রীলঙ্কার খেলা।
vii) না, আমি তোমার সঙ্গে কথা বলব না।
viii) আপনি কবে জাপান যাচ্ছেন?

৪। (ক) 'উপসর্গের অর্থবাচকতা নেই, অর্থদ্যোকতকা আছে'– বুঝিয়ে লেখো। ৫

*অথবা*, (খ) প্রত্যয়ের নামসহ প্রকৃতি ও প্রত্যয় নির্ণয় করো (যেকোনো পাঁচটি) :
দৈত্য, জয়, ত্যাজ্য, ঘাতক, মহিমা, নোনতা, ভক্ত, মৃন্ময়, প্রাচুর্য।

৫। (ক) যেকোনো পাঁচটি বাক্য শুদ্ধ করে লেখো : ৫

i) তার সৌজন্যতা ভুলতে পারব না।
ii) তারা সকলেই এলো।
iii) উইলিয়াম শেকসপিয়ার সর্বকালের সর্বশ্রেষ্ঠ নাট্যকার।
iv) কলেজ চলাকালীন সময়ে হর্ন বাজানো নিষেধ।
v) বাঘের মায়ের পুত্র শোক।
vi) যদি কোনো কন্যা স্বয়ম্বর বর্ণ তবে এই সু–লক্ষণটি স্মরণ রাখিবেন।
vii) কুমিল্লায় ভালো রসমালাই পাওয়া যায়।
viii) শুধুমাত্র গায়ের জোরে কাজ হয় না।

*অথবা*, (খ) নিচের অনুচ্ছেদের অপপ্রয়োগগুলো শুদ্ধ করে লেখো :
নোমান সাহেব নিজেকে অসামান্য বিদুষী মনে করেন। কুঞ্জুসি স্বভাবের কারণে সবক্ষেত্রে কৃচ্ছ্বতা সাধন করতে চান। আবশ্যকীয় ক্ষেত্রেও তার দীর্ঘসত্রতার কারণে স্বপরিবার অসন্তুস্ট। কিন্তু নিজে আকণ্ঠ পর্যন্ত ভোজনে কোনো কার্পন্য করে না।

৬। (ক) অর্থানুসারে বাক্যের শ্রেণিবিভাগ আলোচনা করো। ৫

*অথবা*, (খ) বাক্যান্তর করো (যেকোনো পাঁচটি) :

i) বিদ্বান হলেও তার অহংকার নেই। (যৌগিক)
ii) বিনু দাদার ভাষাটা অত্যন্ত আঁট। (জটিল)
iii) মানুষের যখন পতন আসে তখন পদে পদে ভুল হতে থাকে। (সরল)
iv) শুভকাজে অযথা বিলম্ব করা বুদ্ধিমানের কাজ নয়। (জটিল)
v) তারা কি পাষাণ? (নেতিবাচক)
vi) জীবনের জন্য বৃক্ষের দিকে তাকানো প্রয়োজন। (অনুজ্ঞাবাচক)
vii) ভুল সবার হয়। (প্রশ্নবোধক)
viii) এদেশ বড় বিচিত্র। (বিস্ময়বোধক)

## খ–বিভাগ (নির্মিতি)–৭০

৭। (ক) যেকোনো **দশটি** শব্দের বাংলা পারিভাষিক রূপ লেখো : ১০
Immigrant, Article, Hygiene, Renew, Republic, Quack, Manuscript, Dynamic, Legend, Vice-Chancellor, Para, Exit, Quota, Paradox, Thesis.

*অথবা*, (খ) বাংলায় অনুবাদ করো :
A newspaper is a store-house of knowledge. We can know the condition, manners and customs of other countries of the world from newspaper. It is in fact the summary of all current history. It supplies information to all classes of people. The businessman finds the condition of the world market about his goods.

৮। (ক) একটি ঐতিহাসিক স্থান ভ্রমণের অভিজ্ঞতা বর্ণনা করো। ১০

*অথবা*, (খ) 'মাদকের অপর নাম মৃত্যু'–এ শিরোনামকে প্রতিপাদ্য করে মাদকাসক্তির কারণ ও প্রতিকার নির্দেশপর্বক একটি অনুসন্ধানী প্রতিবেদন রচনা করো।

৯। (ক) সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে 'সহকারী শিক্ষক' পদে নিয়োগ লাভের জন্য একটি আবেদনপত্র লেখো। ১০

*অথবা*, (খ) যুব সমাজের নৈতিক অবক্ষয় রোধের উপায় সম্পর্কে তোমার মতামত সংবাদপত্রে প্রকাশের জন্য সম্পাদক বরাবর একটি পত্র লেখো।

১০। (ক) সারাংশ লেখো : ১০
জ্ঞানের স্পহা ছাড়া শিক্ষা ব্যর্থতায় পর্যবসিত হয়। তখন পরীক্ষা পাসটাই বড়ো হয়। এতে পরীক্ষা পাস করা লোকের অভাব থাকে না। থাকলেও জ্ঞঅনীর অভাব দেখা দেয়। পরীক্ষা পাসের মোহ যদি ছাত্র–ছাত্রীদের উৎকণ্ঠিত রাখে, তবে জ্ঞান নির্বাসনে চলে যায়। পৃথিবীতে অক্ষয় আসন লাভের জন্য জ্ঞানের প্রতি উৎসাহী করে তুলতে হবে। পরীক্ষা পাসের মোহ থেকে মুক্ত না হলে তরুণ সমাজের সামনে কখনোই সমাজের দিগন্ত উন্মোচিত হবে না।

*অথবা*, (খ) ভাব–সম্প্রসারণ করো :
জ্ঞান যেখানে সীমাবদ্ধ, বুদ্ধি সেখানে আড়ষ্ট, মুক্তি সেখানে অসম্ভব।

১১। (ক) 'আমাজন নয়, পুড়ছে পৃথিবীর ফুসফুস'– এ প্রসঙ্গে দুই বন্ধুর মধ্যে সংলাপ রচনা করো। ১০

*অথবা*, (খ) প্রদত্ত শিরোনাম অবলম্বনে একটি খুদে গল্প লেখো :
'বিপদে বন্ধুর পরিচয়'

১২। যেকোনো **একটি** বিষয় অবলম্বনে প্রবন্ধ লেখো: ২০
(ক) একুশের চেতনায় '৭১–এর মুক্তিযুদ্ধ
(খ) দুর্নীতি: উন্নয়নের অন্তরায়
(গ) স্বদেশপ্রেম
(ঘ) ইন্টারনেট ও বর্তমান বাংলাদেশ
(ঙ) অধ্যবসায়